# *মণ্ডলীর বিধান*

এখানে, আপনি কিভাবে এটা ঘুরিয়ে—ঘুরিয়ে থাকেন? হ্যাঁ, আহ্-হাহ্... ?...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।] আপনি সেগুলি বন্ধ করতে প্রস্তুত থাকুন। তারপর, যখন, আমি আপনার দিকে আমার মাথা নাড়ব, *এইভাবে*। দেখুন? দেখুন? আমার, আপনার দিকে আমার মাথা নড়াচড়া করা। আপনি...[একজন ভাই বলেন, "আপনি কখন চান আমি এটা করি?" আরেকজন ভাই বলেন, "তিনি বলেছেন, 'এটা চালু করুন।'"]

ভাইয়েরা, আমরা আজ রাতে এখানে একসাথে এই সভা আহ্বান করেছি, কিভাবে করা হয়ে থাকে, তা জানার উদ্দেশ্যে, জীবন্ত ঈশ্বরের মণ্ডলী পরিচালনা করার জন্য, যা আমরা এই মণ্ডলীর একটি অংশ বলে বিশ্বাস করি।

2 আমি বলতে চাই, প্রথম বিষয়, আমি বলতে চাই যে আমার বিশ্ব ভ্রমণের সময়, যতদূর আমি জানি, এটি সবচেয়ে আধ্যাত্মিক স্থানগুলির মধ্যে একটি যেখানে আপনি ঈশ্বরের আত্মাকে, আমার জানা, অন্য যেকোনো স্থানের চেয়ে বেশি অনুভব করেন। আমার মনে আরও দুটি স্থান ছিল যা আগে ছিল, কিন্তু এখনও পর্যন্ত আমরা—আমরা সেই স্থানগুলি দেখতে পাইনি; তাদের মধ্যে একটি সংগঠনে চলে গেছে, আর অন্যটি—এক ধরনের পতিত হয়েছে।

3 তাই আমাকে গতকাল ডাকা হয়েছিল এবং আমাকে—আমাকে বলা হয়েছিল যে আপনারা সবাই আমাকে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করার জন্য একটি সভা চান এই মণ্ডলীতে আপনার কর্তব্য সম্পর্কে, আর আমি...সেই জন্য আমি আজ রাতে এখানে আছি, তা হল... আর—মণ্ডলীকে যথাস্থানে স্থাপন করার জন্য, অথবা আপনাকে সেই বিষয়গুলি দেওয়ার জন্য যা আমি মনে করি যে—এটাই এই মণ্ডলীকে চালিয়ে যাওয়ার জন্য সারবস্তু।

4 ভাইয়েরা, আমি নিশ্চিত যে আপনারা সেটা বুঝতে পেরেছেন, যেহেতু আমি এটি একটি আধ্যাত্মিক স্থান হওয়ার বিষয়ে এই মন্তব্য করেছি। এটি বিশ্বের বৃহত্তম স্থান নয়, এবং এটি এমন নয় আমরা সবচেয়ে বেশি গান করি, সবচেয়ে বেশি চিৎকার করি, এবং সবচেয়ে বেশি হুল্লোড় করি, অথবা সবচেয়ে বেশি অন্য ভাষায় কথা বলি, এবং বিষয়গুলি, এটা নয়, কিন্তু এটি আত্মার গুণ যা এখানে এই ট্যাবারনাকেলে কাজ করে। আর, এই পর্যন্ত, আমি ভাই

নেভিলের প্রশংসা করতে এবং ধন্যবাদ জানাতে চাই, আর—আর আপনারা এখানে ভাইয়েরা, ট্রাস্টি এবং ডিকনরা, এবং সানডে স্কুল সুপারিনটেনডেন্ট, এবং সকলে, এইভাবে রাখার জন্য আপনি যা করেছেন—তার জন্য। এটা আমার একটি দীর্ঘ প্রার্থনা, এবং বালক থেকে একটি ইচ্ছা, মণ্ডলীকে সুশৃঙ্খল এবং সুশৃঙ্খলভাবে রাখা দেখা।

5 এখন, যখন আমরা মণ্ডলীকে উৎসর্গ করেছিলাম, আমি আপনাদের বলেছিলাম, "একটু পরে আমার আপনাদের সাথে কিছু কথা বলার আছে কিভাবে এই জিনিসটি ক্রমানুসারে স্থাপন করা হয়, যেভাবে এটিকে চালানো উচিত।" আর আপনারা শুরু করেন... এখান থেকে চলে যাওয়ার পর, আমাদের সেবক এবং আরও অনেক কিছু ছিল। কিন্তু এখন, ভাই নেভিল আমাদের মধ্যে অল্পবয়সী হয়ে, আমাদের মধ্যে আসেন, আমি ভেবেছিলাম ভাই নেভিলের পক্ষে বিশ্বাসে আরও ভালভাবে প্রতিষ্ঠিত হওয়া ভালো হবে আমি এমন কিছু উপস্থাপন করার আগে যা আমি এখন করতে যাচ্ছি। কিন্তু এখন, যখন আমি জানতে পারি যে তিনি বিশ্বাসে সুপ্রতিষ্ঠিত হয়েছেন, এবং উপদেশাবলী কি তা বুঝতে পেরেছেন, এবং—এবং খ্রীষ্টের প্রতি বিশ্বস্ত সাক্ষ্যের ভূমিকা পালন করেছেন এবং আমরা যা সত্য বলে বিশ্বাস করি তাকে ধরে রেখেছেন, আমি মনে করি এখনই সেই সময়, এটি একটি ভালো সময় হবে, তার কাছে যাওয়া...এবং আপনাদের প্রাচীনদের মধ্যে এবং এখানে মণ্ডলীর বিষয়গুলির মধ্যে, যে আপনারা এই আদেশগুলি পালন করবেন এবং তাদের মনে রাখবেন, তারা ঈশ্বরের সামনে আমার সর্বোত্তম জ্ঞান। আর তারপর আমি এই বিষয়গুলিকে সেইভাবে পরিচালনা করার জন্য আপনাদের দিকে তাকিয়ে আছি যেভাবে আমি বলছি, কারণ এখানে কাউকে একজন প্রধান হতে হবে। আপনাদের থাকতে হবে...

6 এখন, আমি কর্তৃত্ব দখল করার চেষ্টা করছি না বা এইরকম কিছু, কিন্তু, আপনারা দেখুন, একজন ব্যক্তি অথবা দুই মস্তক বিশিষ্ট কিছু, কিভাবে এগিয়ে যেতে হবে তা সে—সে জানে না। ঈশ্বর কখনই তাঁর মণ্ডলীর কাছে দুটি মস্তক রাখেননি, তিনি কখনও করেননি, এটি একটি মস্তক। তিনি সর্বদা প্রতিটি প্রজন্মের সাথে আচরণ করেছেন যেমন আমরা শাস্ত্রের মাধ্যমে অধ্যয়ন করেছি, সেখানে সর্বদা একজন ব্যক্তি আছেন যার সাথে তিনি কার্য্য করেন। কারণ আপনি দুজন পুরুষ পেয়েছেন, আপনার দুটি মতামত রয়েছে। এবং এটি একটি চূড়ান্ত পরম-তে আসতে হবে, এবং আমার পরম হল

বাক্য, বাইবেল। আর এখানে মণ্ডলীর একজন পালক হিসাবে, আমার পরম হল বাক্য, আর আমি চাই...আমি আপনাদের জানি, আমাদের ভাইয়েরা, আপনারা আমার দিকে তাকান আপনাদের পরম হিসাবে...যতক্ষণ আমি ঈশ্বরকে অনুসরণ করি, যেমন পৌল শাস্ত্রে বলেছেন, "তোমরা আমাকে অনুসরণ কর, যেমন আমি খ্রীষ্টকে অনুসরণ করি।"

7 আর তখন আমি আশা করব ভাইয়েরা, যে কোন সময় আপনারা আমাকে এই শাস্ত্র থেকে দূরে সরে যেতে দেখেন, আমার কাছে একান্তে এসে আমাকে বলুন যে আমি কোথায় ভুল করছি। আপনি ট্রাস্টিদের একজন অথবা...অথবা যদি আপনি দ্বাররক্ষক হন, আপনি যেই হোন না কেন, আমার কিছু যায় আসে না, আপনি আমার কাছে বাধ্য, খ্রীষ্টের একজন ভাই হিসাবে, আমাকে বলার জন্য যখন আমি শাস্ত্রীয়ভাবে ভুল। যদি কোন প্রশ্ন থাকে, আসুন একসাথে বসে এটি সমাধান করি।

8 আর সেই কারণেই আপনারা এসেছেন, আমি মনে করি, আজ রাতে আমার কাছে, আমাকে এখানে নিয়ে এসেছেন, কারণ এখানে এমন প্রশ্ন আছে যা আপনার মনে আপনাকে প্রশ্ন করছে আমার কাছে যা এখানে আছে—আছে। এখন মনে রাখবেন, ভাইয়েরা, আমি জানি না...এই টিকিটগুলির কোনটিতে কোন নাম স্বাক্ষরিত নেই, কিন্তু...আর সেগুলি লেখা হয়েছে, আর আমি পারি না...জানি না কে সেগুলি লিখেছেন, কিন্তু সেগুলি আপনাদের মনের প্রশ্ন, আর আমি এখানে আমার জ্ঞান অনুযায়ী তাদের উত্তর দিতে এসেছি।

9 আর মনে রাখবেন, ঈশ্বর আমার দিকে তাকিয়ে আছেন যেন আমি বাক্যে থাকতে পারি। আর আমি আপনাদের দিকে তাকিয়ে আছি যেন আপনারা বাক্য বহন করেন, দেখুন, দেখুন, এই মণ্ডলীতে। এবং এটি আধ্যাত্মিক রাখুন, কারণ, মনে রাখবেন, আপনি যখন প্রভুতে বৃদ্ধি পেতে শুরু করবেন তখন শয়তানের অন্ধকার রাজ্যের—সকল শক্তি আপনার বিরুদ্ধে চলে আসবে। আর আপনাকে অবশ্যই সৈন্য হতে হবে, শুধু নতুন নিয়োগপ্রাপ্ত নয়। আপনারা এখন বয়স্ক সৈন্য, এবং যুদ্ধ করার জন্য প্রশিক্ষিত। আর শয়তান আপনাদের মধ্যে আসবে, যদি সে পারে আপনাদের একে অপরের সঙ্গে বিবাদে লিপ্ত করবে। অবিলম্বে তাকে প্রত্যাখ্যান করুন; আপনারা ভাই; আর এটা শত্রু। আর আমরা এখানে এই সন্ধ্যার আলোর সময়ে একটি মান ধরে রাখতে এসেছি, যে, যখন পৃথিবী অন্ধকার হয়ে যাবে এবং পুরো মণ্ডলীর রাজ্য মণ্ডলীর পরিষদে যায়। আর খুব শীঘ্রই তারা এখানে এই দরজায় একটি

চিহ্ন দেওয়ার চেষ্টা করবে, "বন্ধ!" আর তারপরে আমাদের অন্য জায়গায় দেখা করতে হবে, কারণ যদি আমরা সেই পশুর চিহ্ন গ্রহণ না করি তবে তারা এই গির্জাগুলি এই দিনগুলির মধ্যে একদিন অবশ্যই বন্ধ করে দেবে। আর আমরা ঈশ্বরের প্রতি সত্য থাকার উপর নির্ভর করছি যতক্ষণ না মৃত্যু আমাদের মুক্ত করে, আর এটাই আমরা করতে চাই।

10 এখন সরাসরি...আর আমি জিজ্ঞাসা করব, যদি কখনও এই বিষয়গুলির মধ্যে কোন একটি প্রশ্ন আসে, যাতে এই টেপটি এই গির্জার সদস্যদের সামনে বাজানো যায়, দেখুন, আপনার সভাগুলিতে, অথবা সভার আগে, সভা শুরু হওয়ার ঠিক আগে। এই টেপটি চালু করুন এবং এটি বাজান! আর এখানকার মণ্ডলী যেন বুঝতে পারে যে এই লোকেরা ঈশ্বরের কাছে কর্তব্যবদ্ধ, এই মণ্ডলীতে তাদের শপথ হিসাবে, এই নীতিগুলি ধরে রাখতে সাহায্য করার জন্য। আপনি তাদের সঙ্গে একমত হতে পারেন; আর যদি আমি আপনাকে এটি চালাতে দিই, তাহলে আমি আপনার সাথে একমত হব না। আমাদের কোথাও কোন উৎস থাকতে হবে যেখানে একটি চূড়ান্ত থাকতে হবে। আর সবচেয়ে ভালো যা আমি জানি, আমি এটা পবিত্র আত্মার অধীনে দিচ্ছি, তাকে আমার চূড়ান্ত হতে দিচ্ছি। আর এই প্রশ্নগুলির উপর এই টেপটি আপনার চূড়ান্ত হতে দিন।

এখন, প্রথমটি হল:

**220. মণ্ডলী কীভাবে...অন্ন এবং বস্ত্রের জন্য আর্থিক সাহায্যের আহ্বানের প্রতি আচরণ করবে? কোন—কোন কাজ, কি—মণ্ডলীর কি করা উচিত?**

11 এখন আমরা বুঝতে পারি যে মণ্ডলী তার নিজের জন্য দায়ী, আমাদের এখানে মণ্ডলীর সদস্যদের জন্য, যতদূর আমাদের তাদের সরবরাহ করার জন্য আমরা সম্পূর্ণরূপে দায়ী। আমরা আমাদের নিজেদের জন্য দায়ী, সেটাই, ট্যাবারনাকেলের নিয়মিত, স্থির সদস্য যারা এখানে আসেন এবং আমাদের সঙ্গে উপাসনা করেন। আমরা তাদের প্রতি আবদ্ধ, আমাদের ভাই ও বোন হিসাবে যারা এই সমাবেশের আমাদের সদস্য বলে প্রমাণিত হয়েছে।

12 এখন, আমরা বুঝতে পারি যে আজ রাতে লক্ষ লক্ষ মানুষ খাদ্য ছাড়া, পোশাক ছাড়া রয়েছেন, এবং আমরা তাদের পুরো দলকে সাহায্য করতে সক্ষম হতে চাই, আমরা যা কিছু করতে পারি তা করার জন্য; কিন্তু আর্থিকভাবে আমরা তা করতে পারি না,

আমরা সারা বিশ্বকে সাহায্য করতে পারি না। কিন্তু আমরা আমাদের নিজেদের প্রতি আবদ্ধ। আর আমি মনে করি, তাতে, এবং তারপর যদি আমাদের কিছু অবশিষ্ট থাকে যে আপনি এমন লোকদের জন্য অবদান রাখতে চান যারা এখানে এই গির্জার সদস্য নন, এমন কিছু যা আপনি তাদের দিতে চান, এটি ডিকনদের বোর্ডের মধ্যে রাখা উচিত।

13 ডিকনরা হলেন সেই যাদের—যাদের এই প্রতিপক্ষ, অথবা এই সমস্যাটি মোকাবেলা করতে হবে, বরং; কারণ বাইবেলে যখন খাদ্য ও বস্ত্র নিয়ে বিরোধ উঠে আসে, ইত্যাদি, প্রেরিত পুস্তকে, তারা এই বিষয়ে প্রেরিতদের ডেকেছিল, আর তারা বলেছিল, "তোমরা আপনাদের মধ্য হইতে সুখ্যাতিপন্ন এবং আত্মায় ও বিজ্ঞতায় পরিপূর্ণ সাত জনকে দেখিয়া লও, যেন ইহারা এই সকল বিষয়ের প্রতি মনোযোগ দিতে পারে। কেননা আমরা প্রার্থনায় ও বাক্যের পরিচর্য্যায় নিবিষ্ট থাকিব।"

14 আর এটি পালকের দায়িত্ব নয় যে সে...খাদ্য ইত্যাদির দিকে নজর প্রদান করবে। এটা ডিকনদের দ্বারা হওয়ার কথা। এটি ট্রাস্টিরা নয়, এটি ডিকনের কার্যালয় এটি করার জন্য। আর তখন এটা হওয়া উচিত...বাইবেলে মনে রাখবেন, তারা তাদের নিজেদের জন্য দান রাখছিল, গ্রীকরা এবং—এবং ইহুদিরা, যেখানে যুক্তি উঠেছিল যে একজন অন্যজনের চেয়ে একটু বেশি পাচ্ছেন, কিন্তু তারা ছিলেন, যারা তাদের সমস্ত পণ্য বিক্রি করে মণ্ডলীর সমর্থনের জন্য তা দিয়েছিলেন, আর তারপর—তাদের মধ্যে সমানভাবে বিভক্ত করার জন্য। আর সেখানে একটি ছোট বিরোধ দেখা দেয়, আর সেখানেই আমরা আমাদের প্রথম ডিকনদের পেয়েছি। আর এটা তাদের কর্তব্যগুলির মধ্যে একটি, সেটা করা।

15 আমি মনে করি যে, আমাদের নিজেদের হিসাবে, আমাদের নিজের লোক হিসাবে, আমাদের তাদের যত্ন নেওয়া উচিত। আর এটা করা উচিত, কোন অভিযোগ, ডিকন বোর্ডের চেয়ারম্যানের কাছে, আর তারপর এটি ডিকন বোর্ডের সাথে দেখা করা উচিত এবং তারা এই বিষয়ে কি করতে সক্ষম তা দেখা উচিত। আর সেই সমস্ত বিষয় যা বস্ত্র, খাদ্য, এবং আর্থিক সাহায্য, অথবা যাই হোক না কেন, ডিকনদের মাধ্যমে আসা উচিত। তারপর ডিকনরা, যখন তারা সিদ্ধান্ত নেয় যে তারা—যে তারা...তারা এই বিষয়ে কি করতে যাচ্ছেন, তারপর তা—কোষাধ্যক্ষের কাছে পেশ করা উচিত, কোষাধ্যক্ষ এই সময়ে এই নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করতে সক্ষম কিনা তা দেখার জন্য, অথবা—অথবা এই পোশাকগুলি ক্রয়

করুন, অথবা এটি যাই হোক না কেন। কিন্তু ডিকন বোর্ডের—সেই বিষয়ে সভা করা উচিত, আর এটি ট্রাস্টি বা পালকের কাছে যায় না। এটা সম্পূর্ণভাবে ডিকনের বিষয়।

এখন, তাহলে, প্রশ্ন নম্বর দুই।

**221. বেদী থেকে খোলাখুলি বলা কি যথেষ্ট যে অন্যভাষা ও ব্যাখ্যা একটি সভাতে সভার আগে করা উচিত?**

এটি এই কাগজের স্লিপের দ্বিতীয় প্রশ্ন যা আমার কাছে এখানে আছে, যা একটি ছোট কার্ড।

16 এখন, এটি এখানে পালক সম্পর্কিত হবে, দেখুন। কারণ তিনি—তিনি, সর্বোপরি, আধ্যাত্মিক অংশের উপরে, তিনি এর প্রধান। ডিকনরা গির্জার পুলিশ সদস্য, শৃঙ্খলা বজায় রাখার জন্য এবং এই বিষয়গুলির যত্ন নেওয়ার জন্য, এবং দরিদ্রদের খাওয়ানোর জন্য, ইত্যাদি। ট্রাস্টিরা অর্থ এবং ভবনের উপর; সেটাই তাদের দেখাশোনা করতে হবে। কিন্তু পালক আধ্যাত্মিক অংশের তত্ত্বাবধান—এর উপরে আছেন, আর এটা আপনার কাছে যাবে, ভাই নেভিল।

17 এখন, সেখানে...কিছু সময় আগে যখন বিধান স্থির করা হয়েছিল, মণ্ডলী। আমি অন্য ভাষায় কথা বলা এবং ব্যাখ্যা করা বিশ্বাস করি, এবং সমস্ত উত্তম আধ্যাত্মিক দান যা ঈশ্বরের দ্বারা মণ্ডলীতে থাকার জন্য নিযুক্ত করা হয়েছে। কিন্তু আমরা এমন একটি দিনে বাস করছি ঠিক যেমনটি বাইবেলের সময়ে ছিল, যেখানে গীর্জাগুলি...এখন, আপনারা পৌলকে লক্ষ্য করেছেন, তিনি ইফিষে মণ্ডলী প্রতিষ্ঠা করেছিলেন, ইফিষীয় মণ্ডলী, যা একটি সুপ্রতিষ্ঠিত মণ্ডলী ছিল। আপনারা কি লক্ষ্য করেছেন? আমরা পৌলকে বিশ্বাস করি, এবং নিজেও তাই বলেছি, যে তিনি অনেক ভাষায় কথা বলতেন, এবং আমরা জানি যে তার কাছে অন্য ভাষার দান ছিল। যাদের তিনি শিখেছিলেন তা নয়, কিন্তু যা তাকে আধ্যাত্মিকভাবে দেওয়া হয়েছিল, কারণ তিনি যেভাবে করিন্থীয়তে এটা বলেন। আর সময় বাঁচানোর জন্য, আমি বাইবেল খুলে আপনাদের জন্য পাঠ করছি না, কারণ এটা আজ রাতে আমাদের—আমাদের এখানে থাকা খুব দীর্ঘ করে দেবে, কারণ আমার কাছে খুব বেশি সময় নেই। আর এখন...কিন্তু শুধু যাতে আপনারা স্পষ্ট দেখতে পারেন।

18 এখন, পৌলকে একবারও ইফিষীয় মণ্ডলীর সঙ্গে অথবা রোমীয় মণ্ডলীর সঙ্গে কথা বলতে হয়নি, অথবা সেই অন্য কোন মণ্ডলীর

সাথে, তাদের আধ্যাত্মিক দান সম্পর্কে, কিভাবে তাদের শৃঙ্খলাবদ্ধ করা যায় সে সম্পর্কে। কিন্তু তাকে ক্রমাগত করিন্থীয়দের সাথে এই বিষয়ে কথা বলতে হয়েছিল, কারণ তারা এটিকে সর্বদা একটি সমস্যা বানিয়েছিল। আর পৌল বলেছিলেন, যখন তিনি তাদের মধ্যে আসেন, যদি তারা জানতে পারে যে কারও অন্যভাষার দান আছে এবং কারও কাছে গীত আছে, আর তিনি প্রভুকে তাদের সমস্ত ভালো দান এবং এই জাতীয় জিনিসগুলির জন্য ধন্যবাদ জানিয়েছিলেন। আর যদি আপনি করিন্থীয়তে প্রথম অথবা দুই অধ্যায়ে লক্ষ্য করেন, পৌল তাদের বলছিলেন, অবস্থানগতভাবে, তারা খ্রীষ্টে কি ছিল, তিনি কিভাবে...তারা খ্রীষ্টে অবস্থানগতভাবে ছিল।

19 তারপর যখন তিনি তাদের বললেন, তখন পিতার মতো তিনি তাদের উপর চাবুক মারতে শুরু করলেন, আর বলেন, "আমি শুনেছি তোমাদের মধ্যে বিবাদ চলছে, আর আমি শুনেছি যে তোমরা প্রভুর টেবিলে মাতাল হয়ে যাও।" তিনি তাদের অখ্রিস্টান করেননি; আর ভাইয়েরা এটা করবেন না, তাদের অখ্রিস্টান করা, কিন্তু ঈশ্বরের গৃহে তারা এইভাবে আচরণ করছে। এটা সেখানে রয়েছে।

20 এখন, আমি এটা বলব, যেমন প্রাচীন পৌল বলেছেন, যে, "যখন তোমরা একত্রিত হও, যদি একজন কথা বলেন, তবে অন্যজন ব্যাখ্যা করুক। সেখানে কোন ব্যাখ্যাকারী নেই, তাহলে শান্ত থাকুন। কিন্তু যদি একজন ব্যাখ্যাকারী থাকে..."

21 এখন, আমি এখানে সেই গির্জাটি দেখেছি, আর আমি আপনাকে বড় হতে দেখেছি, আর আমি আপনাদের মধ্যে অনেক আধ্যাত্মিক দান কাজ করতে দেখেছি। সত্যি বলতে, প্রভুর কাছ থেকে একটি বাক্য নিয়ে আমাকে ভাই নেভিলের কাছে আসতে হয়েছিল, তিনি যা করছিলেন সে বিষয়ে তাকে সংশোধন করার জন্য।

22 আর যদি আমি...যদি প্রভু...পবিত্র আত্মা আমাকে পালের তত্ত্বাবধায়ক করেছেন, তাহলে আপনাদেরকে সত্য বলা আমার কর্তব্য। আর আমি ভাই নেভিলের কাছে খুব কৃতজ্ঞ, তিনি সত্যের প্রতি মনোযোগ দিয়েছেন। তিনি আমাকে যেমন বলেন আমি কেবল তা বলতে পারি।

23 এখন, এই বিষয়ে, যেমন আমি আপনার মণ্ডলীর বৃদ্ধি লক্ষ্য করেছি, এবং এটি লক্ষ্য করেছি। আর মণ্ডলীতে, এখানে আমরা

প্রথম যেভাবে পেয়েছিলাম, আর এইভাবে আমরা—আমরা আবার এটি চাই।

24 এখন, আপনি যদি না দেখেন, কখন শিশুরা...একটি শিশু প্রথম যে কাজটি করে সে কথা বলতে চায় যখন সে কথা বলতে পারে না। দেখুন ? সে অনেক বুদবুদ তৈরী করে, আর আওয়াজ করে, আর—আর ইত্যাদি, কিন্তু তিনি মনে করেন তিনি...তিনি সেই সময়ে প্রচারককে ছাড়িয়ে যেতে পারেন। ঠিক আছে, আমরা এটি কেবল প্রাকৃতিক জীবনে খুঁজে পাই না, কিন্তু আমরা আধ্যাত্মিক জীবনেও এটি খুঁজে পাই। সে একটি *ছোট* ব্যক্তি। আর যদি আপনি সেই শিশুটিকে সংশোধন করার চেষ্টা করেন এবং তাকে একটু আঘাত করেন কারণ সে "গু গু করছে" এবং কথা বলার চেষ্টা করছে, আপনি শিশুটিকে নষ্ট করবেন। দেখুন, আর আপনি তাকে আঘাত করবেন। আর সেই শিশুটিকে কিছুক্ষণ বড় হতে দেওয়া ভালো যতক্ষণ না সে তার কথাগুলি সঠিকভাবে বলতে পারে, এবং তারপর তাকে বলুন *যখন*। "তখন নয় যখন বাবা কথা বলছেন অথবা যখন মা কথা বলছেন।" কিন্তু যখন উপযুক্ত সময় হয়, তাকে তার কথা বলতে দিন। আপনারা কি আমাকে বুঝতে পেরেছেন ? এখন, যখন তার কথা বলার সময় আসে তখন তাকে কথা বলতে দিন।

25 এখন, যদি আমি কখনও এমন কিছু পেয়ে থাকি যা আমার শরীরে কাঁটা হয়ে আছে, সভাতে, এটা এমন একজন ব্যক্তি যিনি উঠে দাঁড়ান যখন আমি কথা বলছি এবং তারপর অন্য ভাষায় একটি বার্তা প্রদান করেন এবং আত্মাকে ভেঙে দেন। আমি নিউ ইয়র্ক এবং বিভিন্ন স্থানে একটি সভা থেকে বেরিয়ে এসেছি যেখানে সেবকরা এটি চলতে দেন, সময়ের পর সময়, আর এটা আর কিছুই নয়—কিন্তু একটি বিভ্রান্তি। দেখুন, যখন ঈশ্বর চিন্তার একটি রেখায় কাজ করছেন, তিনি...এটা হবে—এটা হবে...তিনি তার নিজের উদ্দেশ্যকে পরাজিত করবেন, যদি তিনি আপনার কাছে, মণ্ডলীর কাছে চিন্তার একটি রেখা নিয়ে আসার চেষ্টা করেন, একটি বেদীর আহ্বান করার জন্য এবং কিছু প্রবেশ করার চেষ্টা করে।

26 উদাহরণস্বরূপ, এর মতো। আমরা টেবিলে বসে কথা বলছি, আর আমরা প্রভুর বিষয়ে কথা বলছি। আর জুনিয়র টেবিলে চলে আসে, খুব দ্রুত, আমরা যা করছি তা থেকে সমস্ত মনোযোগ সরিয়ে নেয়, আর, হট্টগোল, চিৎকার করে, "বাবা ! মা ! আমার ! আমার ! আমি সবেমাত্র একটি হোম রান দলে করেছি ! আর আমরা *এটা*, *সেটা* এবং *অন্যান্য* সব করছি !" আর যখন আমরা একটি প্রকৃত একেবারে পবিত্র বিষয়ে ছিলাম। এখন, সে হোম রানে করছে, সেটা

ঠিক আছে; বেসবল খেলায়, ঠিক আছে। কিন্তু আমরা যে বার্তাটি নিয়ে কথা বলছি সে যখন এই বার্তায় প্রবেশ করে তখন সে শৃঙ্খলার বাইরে। তার সময় না আসা পর্যন্ত তাকে অপেক্ষা করতে দিন এবং তারপর আমাদের বলুন সে বেসবল খেলায় কি করেছে।

27 এখন, আমরা আজ দানের সাথে একই জিনিস খুঁজে পাই। এই কারণেই ঈশ্বর মানুষের সঙ্গে অনেক বেশি আধ্যাত্মিক দানে বিশ্বাস করতে পারেন না, তারা তাদের নিয়ন্ত্রণ করতে জানে না। এটাই আজকের বিষয়, যে কারণে আমাদের কাছে আমাদের চেয়ে বেশি কিছু নেই।

28 আর আমরা দেখতে পাই আধ্যাত্মিক দানগুলির অনেক ছদ্মবেশ রয়েছে। কিন্তু আমি বিশ্বাস করি না যে এখানে আমাদের মণ্ডলীতে *এমন* হয়। আমি এর জন্য কৃতজ্ঞ। আমি বিশ্বাস করি না এটি মোটেও একটি ছদ্মবেশ। আমি বিশ্বাস করি আমাদের কাছে প্রকৃত দান আছে, কিন্তু আমাদের অবশ্যই জানতে হবে কিভাবে সেই দানগুলিকে নিয়ন্ত্রণ করতে হয়।

29 আর তারপর যখন আপনি ভালো কিছু করতে যান...ঠিক যেমন আপনি একজন মনিবের জন্য কাজ করছিলেন এবং আপনি আপনার প্রথম কাজ শুরু করেছিলেন এবং আপনি আদেশ নিতে ইচ্ছুক ছিলেন, তখন মনিব আপনার উপর আস্থা রাখেন এবং আপনাকে সর্বদা একটি উচ্চ পদে উন্নীত করতে থাকেন।

30 এখন, আমি বিশ্বাস করি যে সময় এসেছে ব্রানহাম ট্যাবারনাকেলকে, তা জানার জন্য...ঈশ্বর আমাদের যে দান প্রদান করেন তা গ্রহণ করার জন্য, আমরা যা পেয়েছি তার চেয়েও বড় কিছু দিয়ে ঈশ্বর আমাদের উপর বিশ্বাস করতে পারেন। কিন্তু আমরা যেতে পারি না...আর আপনি একজন ব্যক্তিকে দেখতে পান যাকে সর্বদা বলতে হবে আর সবকিছু। আর মনে রাখবেন, "আর ভাববাদীদের আত্মা ভাববাদীদের বশে," শাস্ত্র বলে। আপনি যখন একজন পুরুষকে দেখেন যাকে আপনাকে সংশোধন করতে হবে, অথবা একজন মহিলা, আর সেই ব্যক্তিটি শৃঙ্খলার বাইরে চলে যায়, আর তারপর আপনি তাকে শাস্ত্রীয় সত্য বলছেন, তাহলে এটি দেখায় যে তাদের মধ্যে যে আত্মা আছে তা ঈশ্বরের নয়। কারণ বাইবেল বলে, "ভাববাদীদের আত্মা," অথবা, "ভাববাণী করা" সেটা হল, সাক্ষ্য দেওয়া, প্রচার করা, অন্য ভাষায় কথা বলা, অথবা যাই হোক না কেন, কারণ অন্য ভাষায় ব্যাখ্যা করা হল ভাববাণী। তাই এটা ভাববাদীর অধীন, আর বাক্য হল ভাববাদী। তাই আমরা—আমরা দেখি যে একজন পুরুষ অথবা একজন

মহিলার জন্য লাফিয়ে উঠে একটি বার্তা দেওয়া বিধানের বাইরে, তারা এটা করতে যতই চাক না কেন, যখন প্রচারক বেদীতে থাকেন।

31 এখন আমি ব্রানহাম ট্যাবারনাকেলের জন্য এটি সুপারিশ করছি, যে আমাদের—আমাদের দান যা আমরা পাই...আর আমাদের এখানে কিছু খুব ভালো দানযুক্ত ব্যক্তিরা রয়েছে। এখন, সেই দানগুলির প্রত্যেকটি তাদের নিজস্ব সেবামূলক কার্য। সেগুলি দান, যেমন প্রচার করা একটি দান, যেমন আরোগ্যদান একটি দান, অন্যান্য বিষয় যেমন দান, এগুলো দান, এগুলো তাদের নিজস্ব সেবাকার্য্য। আর প্রত্যেক ব্যক্তিকে তার নিজের সেবাকার্যের জন্য অপেক্ষা করার আদেশ দেওয়া হয়েছে।

32 অতএব ব্রানহাম ট্যাবারনাকেল এইভাবে পরিচালিত হোক, আর দিনে, বিশেষ করে এই দিনে যখন আমরা অনেক কিছু পেয়েছি (আমি এটা বলতে চাই না, কিন্তু), এত ভণ্ড-বিশ্বাস। আমরা ভণ্ড-বিশ্বাস চাই না। কোন মানুষ, কোন সৎ ব্যক্তি একটি ভণ্ড-বিশ্বাস রাখতে চান না। আমরা...যদি আমরা না...আসলটি না পাই, আসুন আমরা কোনটিই না রাখি, আসুন অপেক্ষা করি যতক্ষণ না আমরা আসলটি পাই। এখন, আমি বিশ্বাস করি আপনারা—আপনারা এর সাথে একমত হবেন। আমরা কোন ভণ্ড-বিশ্বাস চাই না। ভাইয়েরা, আমরা কোন ভণ্ড-বিশ্বাসে শুরু করতে পারি না আর এই পৃথিবী ছেড়ে চলে যেতে। আমাদের তা হতে হবে যা বাস্তব, আর যেটি আসল। যদি আমরা এটি না পেয়ে থাকি, আসুন আমরা এটি না পাওয়া পর্যন্ত অপেক্ষা করি, আর তারপর এই বিষয়ে কিছু বলি। দেখুন?

33 এখন, আমি বলব, এই সমস্ত পুরুষ ও মহিলারা যারা অন্য ভাষায় কথা বলেন, এবং ভাববাণী করেন এবং বার্তা দেন...আর আমি—আমি আপনাদের সাথে বিশ্বাস করি যে তারা প্রকৃত। এখন, বাইবেল বলেছে, "সর্ব্ববিষয়ের পরীক্ষা কর; যাহা ভাল, তাহা ধরিয়া রাখ।" "কেননা আমি অস্পষ্টবাক্ ওষ্ঠ ও পরভাষা দ্বারা এই লোকদের সহিত কথাবার্ত্তা বলিব, এই সেই বিশ্রাম যাহা আমি বলেছিলাম যাহাতে তাহারা প্রবেশ করিবে," যিশাইয় পুস্তকে।

34 এখন, আমি এটির পরামর্শ দিচ্ছি যাতে ধর্ম্মধামে একবারে একটি দান দ্বারা পরিচর্যা করা হয়, কারণ আমি যা বলার চেষ্টা করছি তা আবার আমাদেরকে সরাসরি ফিরিয়ে আনে: যদি কেউ কথা বলে, তবে ভাববাদীদের আত্মা ভাববাদীর বশীভূত হোক। আপনারা কি বুঝতে পেরেছেন? এখন, যাদের কাছে খ্রীষ্টের দেহের সেবাকার্য রয়েছে...আর এখন বলা হচ্ছে, এখন এটা করা হোক। যাদের

খ্রীষ্টের দেহের জন্য সেবাকার্য আছে তারা তাদের সেবাকার্যের জন্য অপেক্ষা করুক, কারণ এটা খ্রীষ্টের কাছ থেকে মণ্ডলী পর্যন্ত একটি সেবাকার্য। কিন্তু আপনারা সবাই একই সময়ে পরিচর্যা করতে পারবেন না, সেখানে একবারে একজন হতে হবে।

35 ব্রানহাম ট্যাবারনেকেল এই রকম হবে। যারা অন্য ভাষায় কথা বলে এবং যারা অন্য ভাষায় ব্যাখ্যা করে, আর যাদের কাছে ভবিষ্যদ্বাণী আছে যা মণ্ডলীকে দেওয়া হবে, তারা খুব শীঘ্র নিজেদের মধ্যে আসুক...সভা শুরু হওয়ার আগে, তারা একটি নির্ধারিত ঘরে জড়ো হোক, এবং প্রভুর সেবাকার্যের জন্য অপেক্ষা করুক।

36 যেমন পালককে শ্রোতাদের মধ্যে আসার আগে নিজেকে করতে হয়; তাকে অবশ্যই বাইবেল নিতে হবে, তার ঘরের নিস্তব্ধতায়, আত্মায় অধ্যয়ন করতে হবে, এবং শ্রোতাদের সামনে কথা বলার জন্য বেরিয়ে আসার জন্য অভিষিক্ত হতে হবে। যদি তিনি তা না করেন, যখন তিনি সেখানে যাবেন তখন তিনি বিভ্রান্ত হয়ে যাবেন। (প্রত্যেক পুরুষ ও প্রতিটি নারী, আত্মিক দান নিয়ে, প্রভুর সামনে উপস্থিত হোক।) আর পালকের একটি একক সেবাকার্য রয়েছে, তাই তিনি একজন ভাববাদী; ইংরেজি শব্দ, *অ্যা প্রিচারের*, এর অর্থ "একজন ভাববাদী," সেটি বাক্যের একজন প্রচারক।

37 যাদের সেবাকার্য রয়েছে তাদের অন্য কারো অংশ হতে দিন, যেমন একজন অন্য ভাষায় কথা বলার জন্য এবং অন্যজন ব্যাখ্যা করার জন্য, তারা তাদের সেবাকার্যের জন্য *একসাথে* অপেক্ষা করুন। তারা একটি ব্যক্তিগত অধ্যয়নে থাকতে পারে না এবং অন্য ভাষায় কথা বলতে পারে না এবং তারপরে তিনি যা বলেছিলেন তা অন্যকে বলতে পারেন না, কারণ তার অন্য ভাষা এবং ব্যাখ্যা উভয়ই ছিল। দেখুন? এখন, যদি তার কাছে এটি থাকে, খুব ভালো, আমরা এটিকে এইভাবে গ্রহণ করতে চাই। আর আমরা চাই যে মণ্ডলী আমাদের মণ্ডলীতে থাকা এই দানগুলির দ্বারা উপকৃত হোক। ঈশ্বর তাদের আমাদের কাছে পাঠিয়েছেন, আর এটা...আমরা চাই আমাদের মণ্ডলী এই আধ্যাত্মিক দান দ্বারা উপকৃত হোক। সেইজন্য যিনি অন্য ভাষায় কথা বলেন, যিনি অর্থ প্রদান করেন এবং যিনি ভাববাণী বলেন, মণ্ডলী—মণ্ডলী মিলিত হওয়ার আগে তাদের একত্রিত হতে দিন। তাদের নিজেদের মধ্যে একটি ঘরে দেখা করতে দিন, মণ্ডলীতে প্রভুর সেবাকার্যের জন্য অপেক্ষা করুন। এটা কি বোঝা গিয়েছে?

38 আর তারপর, এইভাবে, যদি ভাই নেভিল, বলেন, ঠিক আছে,

এখন আমাকে, ক্ষমা করুন, আমাকে এটি বলতে দিন: যদি ভাই কলিন্স অন্য ভাষায় কথা বলেন আর ভাই হিকারসন ব্যাখ্যা দেন, তারপর তারা মণ্ডলীর জন্য *একসাথে* একটি সেবাকার্য করেন। এখন, এটা ভাই নেভিলের সেবাকার্য নয়; এটা মণ্ডলীতে *আপনার* সেবাকার্য। আমি উদাহরণ হিসাবে এটি দিচ্ছি। তাহলে আপনার ভাইয়েরা ঈশ্বরের গৃহে আপনার সেবাকার্যের জন্য ঠিক ততটাই আগ্রহী হওয়া উচিত যেমন পালক তার পেতে আগ্রহী, কারণ আপনার এটি করা ঠিক ততটাই অপরিহার্য। কিন্তু আপনি আপনার নিজের ঘরের গোপনীয়তায় এটি করতে পারবেন না, যদি *আপনি* কথা বলেন এবং *আপনি* ব্যাখ্যা করেন, আপনাকে একত্রিত হতে হবে। এখন, মণ্ডলীতে একত্রিত হন, নিজের জন্য একটি ঘরে, কারণ আপনার একটি ব্যক্তিগত সেবাকার্য রয়েছে। এটি একটি প্রকাশ্য সেবাকার্য নয়, এটি মণ্ডলীকে সাহায্য করার জন্য। দেখুন ? এটা মণ্ডলীকে সাহায্য করার জন্য কিছু, কিন্তু এটা প্রধান মণ্ডলীতে করা উচিত নয়, আমি আপনাকে যেভাবে বলতে যাচ্ছি কেবল সেভাবেই তা করা হবে। দেখুন ? তারপর, ভাই কলিন্স যাই বলুন, আর ভাই হিকারসন ব্যাখ্যা দেন, উদাহরণ হিসাবে, তাহলে ভাই *কাউকে* এটা লিখতে দিন, এটা যা। আর তারপর যদি এটি আসে...

39 এখন, আমরা সবাই জানি যে প্রভু আসছেন, আমরা সে সম্পর্কে সচেতন। আর যদি ভাই নেভিল প্রতি রাতে উঠে বলেন, "দেখুন, প্রভু আসছেন ! দেখুন, প্রভু আসছেন !" সেটা ঠিক আছে, দেখুন। কিন্তু তিনি এটা বলছেন যে (পালক) মঞ্চে, কারণ তার কাছে এর জন্য বাক্য আছে। আর যদি তিনি একজন পালক হন, গির্জার ভবিষ্যদ্বক্তা...অথবা একজন পালক, বরং, তাকে প্রভুর বাক্য অধ্যয়ন করতে হবে এবং প্রভুর আগমন সম্পর্কে প্রভুর বাক্যে কি লেখা আছে তা আপনাকে বলতে হবে, আর আপনাকে এর দ্বারা সতর্ক করা হয়েছে। একটি সেবাকার্য অন্যথায় (মণ্ডলীর জন্য) যার সাথে তার কোন সম্পর্ক থাকবে না, অন্য ভাষা, অন্য ভাষার ব্যাখ্যা (যা ভাববাণী), অথবা একজন ভাববাদী কথা বলছেন, এটা এমন কিছু যা বাক্যে লেখা নেই। বাক্যে যা লেখা আছে, *তাকে* তা আনতে হবে; কিন্তু বাক্যে যা লেখা নেই, সেটি তা যা *আপনি* তাকে বলবেন। যেমন, উদাহরণস্বরূপ, "ভাই হুইলারকে বলুন, **সদাপ্রভু এই কথা কহেন**, 'আগামীকাল, তার বালির গর্তে, সেখানে যাবেন না, কারণ সেখানে একটি ট্রাক উল্টে যাবে,'" অথবা এরকম কিছু, আর এটা করতে হবে। আর আপনি এটি বলেছেন এবং তিনি এটির ব্যাখ্যা করেছেন, আর তারপর আপনার সেবাকার্য শেষ হওয়ার পরে এটিকে

মঞ্চে রাখুন, তারপর, রাতে, গির্জার পরে (স্তবক) গান শুরু করুন ইত্যাদি; যদি আপনার সেবাকার্য সমাপ্ত হয়, তবে যা ভবিষ্যদ্বাণী করা হয়েছে তা নিয়ে তারা বেরিয়ে আসুক।

40 আর আমি মনে করি না যে আমাদের আছে...অথবা যদি আপনি করেন, এটা সেখানে রাখুন। যখন এই লোকেরা একত্রিত হয়, তখন যাদের জ্ঞান আছে তারা প্রথমে আসুক। কারণ, আপনারা দেখুন, কেউ যদি অন্য ভাষায় কথা বলে এবং শাস্ত্র অনুসারে ব্যাখ্যা করে, সেটি গ্রহণ করা যায় না যদি না এটি দুই বা তিনজন ব্যক্তি সাক্ষী প্রদান করে, আরও দুই বা তিনজন সাক্ষী না দেয়, দেখুন, এর সাক্ষী হতে হবে, যে তারা এটিকে প্রভুর বাক্য বলে বিশ্বাস করে। কারণ...আর কখনও কখনও এই ছোট সেবাকার্যে, অন্য যে কোনও সেবাকার্যের মতো, আপনি আত্মা পান যা ভুল; দেখুন, তারা সেখানে উড়ে যাবে। আর আমরা সেটা চাই না। না। আমরা চাই যে এই সেবাকার্য্যগুলি উন্মোচিত হওয়ার জন্য প্রস্তুত যদি তাদের প্রকাশ করা হয়, কারণ ঈশ্বরের কাছ থেকে যা কিছু হতে পারে... আপনি এটি প্রকাশ করার বিষয়ে চিন্তা করবেন না, আমি বলতে চাচ্ছি, এটা—এটা পরীক্ষায় দাঁড়াবে, যদি এটি ঈশ্বরের হয়।

41 ঠিক পালকের মতো, যদি কেউ তাকে বাক্যে চ্যালেঞ্জ করে, তাকে এর জন্য সমর্থন করতে হবে না, তিনি ঠিক জানেন তিনি কিসের সাথে কথা বলছেন, "এখানে আসুন।" দেখুন? এবং এই অন্যান্য সেবাকার্য্যগুলির মতো, একইভাবে হতে হবে।

42 এখন, যদি—যদি কেউ অন্য ভাষায় কথা বলে এবং বার্তা প্রদান করে...এখন, কিছু লোক অন্য ভাষায় কথা বলেন যখন তারা কেবল "নিজেদের উন্নতি" করে থাকেন, বাইবেল বলে, তাদের কাছে ভালো সময় আছে। তারা অন্য ভাষায় কথা বলে, তারা অনুভব করে। আর তারা *অবশ্যই* অন্য ভাষায় কথা বলে, তারা আসলে অন্য ভাষায় কথা বলে, আর আত্মা এটা করছেন। কিন্তু যদি এটি সেখানে শ্রোতাদের মধ্যে বসে, অন্য ভাষায় কথা বলে, কেবল নিজেদেরকে উন্নত করে, তাহলে এটা মণ্ডলীর জন্য কোন লাভজনক বিষয় নয়; সেই পুরুষ নিজেকে উন্নত করছে, অথবা মহিলা, অথবা যে কেউ এটা করছে। দেখুন?

43 অন্য ভাষায় কথা বলা হল উন্নতির জন্য ঈশ্বরের একটি দান, যেমন পৌল শাস্ত্রে বলেছেন, এটি মণ্ডলীকে উন্নত করার জন্য। তাই এটি মণ্ডলীর কাছে ঈশ্বরের কাছ থেকে সরাসরি কিছু বার্তা হতে হবে, বাইবেলে এখানে যা লেখা আছে তার বাইরে। দেখুন? এটা এমন কিছু যা...

44 আপনি যদি আমাকে জিজ্ঞাসা করতে পারেন, "ভাই ব্রানহাম, আমাকে কিভাবে বাপ্তিস্ম নিতে হবে?" আমি আপনাকে দ্রুত বলতে পারি। আপনাকে অন্য ভাষায় কথা বলতে হবে না এবং আমাকে বলতে হবে না, এটা এখানে বাইবেলে লেখা আছে যে এই বিষয়ে কি করতে হবে। দেখুন? আমাকে করতে হবে না...আপনাকে এই বিষয়ে কোন প্রশ্ন করতে হবে না এবং কাউকে অন্য ভাষায় কথা বলতে হবে এবং আপনাকে বলতে হবে। দেখুন, এটা ইতিমধ্যেই লেখা রয়েছে।

45 কিন্তু আপনি যদি বলেন, "ভাই ব্রানহাম, আমাকে কি করতে হবে? আমার কাছে এখানে একটি সিদ্ধান্ত আছে যে আমাকে এই গির্জাটি নেওয়া উচিত নাকি অন্য গির্জায় যাওয়া উচিত," অথবা এরকম কিছু। অথবা, "আমার কি *এটা, সেটা*, করা উচিত,?" এখন, এটা ঈশ্বরের কাছ থেকে আসতে হবে। দেখুন, ঈশ্বরকে আমাদের তা বলতে হবে। কিন্তু সেটি অন্য সেবাকার্যের মাধ্যমে আসতে হবে, কারণ বাক্য বলে না, "অরম্যান নেভিলকে ব্রানহাম ট্যাবারনাকেল ছেড়ে ফোর্ট ওয়েন গসপেল ট্যাবারনেকেলে যেতে দিন।" দেখুন, এখানে বাক্যে এটা বলা হয়নি যে, দেখুন, তাই সেই জন্য এই দানগুলি দেওয়া হয়েছে।

46 একজন ব্যক্তির মতো যিনি এখানে এসে বলেন, "আপনি কি ঐশ্বরিক আরোগ্যদানে বিশ্বাস করেন?" আমরা সেটা প্রচার করি, আমরা এটা বিশ্বাস করি, আমরা অভিষেক, তেলে বিশ্বাস করি।

47 কিন্তু এখানে কিছু লোক বলেন যে তিনি "যেতে পারছেন না, ব্যাপার কি?" তারপর এটা ঈশ্বরের প্রয়োজন হয়, অন্য ভাষার মাধ্যমে, ব্যাখ্যার মাধ্যমে, ভবিষ্যদ্বাণীর মাধ্যমে, অথবা সেই ব্যক্তির জীবনে নেমে যাওয়ার জন্য এবং সে যে কাজটি করেছে তা বের করার জন্য, এবং তাকে এই সম্পর্কে বলার জন্য। এটি এমন একটি সেবাকার্য যা পালকের অন্তর্গত নয়, এটি এই সেবামূলক দানগুলির অন্তর্গত, কিন্তু সেগুলি সেখানে দর্শকদের মধ্যে করা হয় না। দেখুন?

48 এখন, পৌলকে একবারও তাদের বলতে হয়নি—ইফিষীয় মণ্ডলীকে এই বিষয়ে কিছু বলতে হয়নি, তারা সুশৃঙ্খলভাবে ছিল, রোমান মণ্ডলী, অথবা সেই অন্যান্য মণ্ডলীগুলির মধ্যে কোনটি ছিল না; শুধুমাত্র করিন্থীয় মণ্ডলী, আর তারা কখনই নিজেদের পেতে পারেনি...এখন, পৌল অন্য ভাষায় কথা বলতে বিশ্বাস করতেন। তিনি ইফিষীয় মণ্ডলীতে অন্য ভাষায় কথা বলছিলেন, যেমন তিনি করিন্থীয় মণ্ডলীতে করেছিলেন, দেখুন, কিন্তু তিনি ইফিষীয়দের

কাছে অন্য ভাষায় কথা বলার চেয়ে, অন্য ভাষায় ব্যাখ্যা করার চেয়ে বৃহত্তর কথা বলতে পারতেন।

49 এখন, যদি কেউ এমন একটি বার্তা লিখেন যা অন্য ভাষায় দেওয়া হয়েছে অথবা ভবিষ্যদ্বাণীতে দেওয়া হয়েছে, এবং মঞ্চের উপর রেখে দেন, সভা শুরু হওয়ার আগে এটি পালককে পড়তে হবে, "**সদাপ্রভু এই কথা কহেন**" এই লোকদের দ্বারা যারা অন্য ভাষায় কথা বলেন এবং ব্যাখ্যা করেন। আর যদি এটি ঠিক সেইভাবে ঘটে যা ব্যাখ্যাটি বলেছে, আমরা আমাদের হাত তুলে ঈশ্বরকে ধন্যবাদ জানাই তাঁর আত্মা আমাদের মধ্যে থাকার জন্য। যদি এটা না ঘটে, তাহলে আর এটা করবেন না যতক্ষণ না সেই মন্দ আত্মা আপনার থেকে বেরিয়ে যায়। ঈশ্বর মিথ্যা বলেন না, তিনি সর্বদা সত্য।

50 তারপর, আপনারা দেখুন, আপনি এখন পুরুষদের মতো আচরণ করার জন্য যথেষ্ট বয়স্ক হয়েছেন, শিশু নন ("গু, গু, গু"), আপনার কোন কিছুর কিছু অর্থ থাকতে হবে।

51 মণ্ডলীকে এখন, যেমন এটি ক্রমানুসারে আসছে, *এই* ক্রমে আসতে দিন। যদি কেউ ভবিষ্যদ্বাণী করে...যদি কেউ আপনাদের মধ্যে আসে, অশিক্ষিত, আর আপনি অন্য ভাষায় কথা বলেন, আপনি তার কাছে বর্বর হবেন, সে জানে না আপনি কি বলছেন। দেখুন? আর সত্যিই এই দিনে যেখানে এই বিষয়ে এত বিভ্রান্তি রয়েছে, এটি হোঁচট খাওয়ার কারণ হয়ে দাঁড়ায়। কিন্তু একজন অন্য ভাষায় কথা বলুক, আর অন্যজন ব্যাখ্যা করে ও বার্তা দেয়, আর এটা ঠিক এখানে মঞ্চে পড়া হোক, কি ঘটতে যাচ্ছে, আর তারপর এটা ঘটতে দিন, আপনারা দেখুন কি হয়। তাদের বলুন, যে, "আগামীকাল একটি *নির্দিষ্ট* সময়ে," অথবা "পরের সপ্তাহে একটি *নির্দিষ্ট* সময়ে, এটি একটি *নির্দিষ্ট* বিষয় হতে যাচ্ছে," তারপর সেখানে বসে থাকা অবিশ্বাসী ব্যক্তি এটি শ্রবণ করুক এবং এটি ঘটার আগে এটি ভবিষ্যদ্বাণী করতে দেখুক। তখন তারা জানতে পারবে তোমাদের মধ্যে কি ধরনের আত্মা আছে, এটা ঈশ্বরের আত্মা হবে। এটাই পৌল বলেছেন, "কেহ যদি ভাববাণী বলিতে পারে, এবং গোপন বিষয় প্রকাশ করিতে পারে, তবে সমস্ত মণ্ডলী কি অধোমুখে পড়িবে না, অথবা, অবিশ্বাসী, আর বলিবে, 'ঈশ্বর তোমাদের মধ্যে আছেন'?" দেখুন? কারণ এটা হতে পারে না...

52 কিন্তু এখন আমরা চাই না..."আমরা যখন শিশু ছিলাম," পৌল বলেছিলেন, "আমি শিশুর ন্যায় আচরণ করিতাম," তিনি সেখানে করিন্থীয়দের বলেছিলেন, "আমি শিশুর ন্যায় কথা কহিতাম।" তার

একটি শিশু মন ছিল। “কিন্তু যখন আমি মানুষ হইয়াছি, তখন আমি শিশুভাবগুলি ত্যাগ করিয়াছি।”

53 এখন, আমি আপনাদের সবাইকে বলছি, দেখুন। এখন, কয়েক বছর আগে, আপনি এই দানগুলির সাথে শিশু ছিলেন, এদিকে ওদিকে খেলছিলেন। কিন্তু আপনি এখন একটি দীর্ঘ বিদ্যালয়ে গেছেন, এখন সময় এসেছে মানুষ হওয়ার, শুধু খেলার জন্য এগুলো ব্যবহার করবেন না। এই দানগুলি, সেগুলি পবিত্র, সেগুলি ঈশ্বরের, এবং আপনি তাদের সঙ্গে খেলা করবেন না। আসুন ঈশ্বরকে সেগুলি ব্যবহার করতে দিন। এটাই আপনার সেবাকার্য হতে চায়। ব্রানহাম ট্যাবারনাকেলকে সেবার মধ্যে রাখার এটাই উপায়। আর—আর যদি এই প্রশ্ন করা হয়, যে কোন সময়, এই টেপটিকে একটি সাক্ষী হিসাবে দাঁড়াতে দিন যে ব্রানহাম ট্যাবারনাকেলে এটি এমনই করা হবে।

54 যদি সেখানে একজন অপরিচিত ব্যক্তি আসেন, কারণ তারা সবসময় আপনাদের কাছে এসে থাকেন, কারণ এটি একটি আন্তঃধর্মীয় ট্যাবারনাকেল, সেখানে এমন লোকেরা আসে যাদের এইরকম ভালো প্রশিক্ষণ নেই, তাদের কাছে এটা নেই, তারা ভালো জানে না। আর তাদের নিজস্ব পালক, তারা লাফিয়ে উঠে তার বার্তা ভঙ্গ করবে, এবং একটি বেদীর আহ্বান ছিঁড়ে ফেলবে, এবং অন্য ভাষায় কথা বলবে আর এইরকম সবকিছু। আপনারা তার চেয়ে ভালো প্রশিক্ষিত পুরুষ। দেখুন ? তারপর সভা শেষে, যদি সে অবাধ্য হয়ে যায়, তবে এটি ডিকনের স্থান তাদের কাছে যাওয়ার জন্য। আপনার পালককে এটি করতে দেবেন না যদি না তিনি এমন স্থানে আসেন যেখানে কোন ডিকন নেই, কিন্তু একজন ডিকনের সেটা দেখার কথা। দেখুন ?

55 এখন, সভা শেষে...যদি সেই ব্যক্তি উঠে দাঁড়ান এবং একটি বার্তা দেন, পালক, যদি তিনি এক মিনিট দাঁড়িয়ে এগিয়ে যেতে চান, খুব ভালো, দেখুন, সেটা পালকের উপর নির্ভর করে। কিন্তু তখনই ডিকন, সেই ব্যক্তিটি ভবন থেকে বেরিয়ে আসার আগে, তাদের এক পাশে নিয়ে যান এবং তাদের সাথে এই বিষয়ে কথা বলুন।

আর যদি তারা এটা নিয়ে প্রশ্ন করে, তাদের এই টেপের কাছে নিয়ে আসুন এবং বলুন, “এটাই বিশপ, অথবা, গির্জার অধ্যক্ষ...” (যা হল *বিশপ*, যিনি...যে কোন অধ্যক্ষ, দেখুন, এটাকে বাইবেলে তাই বলা হয়েছে, “বিশপ্রিক,” দেখুন, তাই এটি গির্জার সাধারণ অধ্যক্ষ।) “আসুন...এটা বিধান এবং যেভাবে আমাদের মণ্ডলী এটা করে। এখন, আমরা আপনার বার্তা দিতে আসার জন্য ভালোবাসি।

কিন্তু যদি আপনার কাছে প্রভুর কাছ থেকে একটি বার্তা থাকে এবং এটি...এটি দেওয়া হয়, এখানে আসুন এবং এটি আমাদের মঞ্চে রাখুন, আর আমাদের সেবক এটি মণ্ডলীর কাছে পাঠ করবেন, এই মণ্ডলীর জন্য একটি বার্তা।”

কিন্তু এটা শুধুমাত্র শাস্ত্রের পুনরাবৃত্তি করা উচিত নয়, এবং এই জাতীয় বিষয়গুলি। এটি অবশ্যই মানুষের কাছে একটি সরাসরি বার্তা হতে হবে, এমন কিছু যা ঘটতে যাচ্ছে, অথবা তাদের কিছু করা উচিত। এটা কি বোঝা গেছে? ঠিক আছে।

**222. এখন, মণ্ডলীতে শৃঙ্খলা বজায় রাখার জন্য আর কোন উত্তম উপায় আছে কি, ডিকনদের কাছ থেকে একটি—একটি পুনরাবৃত্তি করে লোকদের স্মরণ করিয়ে দেওয়ার চেয়ে?**

না, সেটা, আমি সেটা ব্যাখ্যা করেছি। এটা তিন নম্বর প্রশ্ন।

56 ডিকনরা, আপনাদের কর্তব্য হল মণ্ডলীতে শৃঙ্খলা বজায় রাখা, দয়া এবং বন্ধুত্বের সাথে। আর তারপরে আপনার উচিত, যদি কেউ মণ্ডলীর মধ্যে শৃঙ্খলা হারিয়ে ফেলে, অথবা মাতালের মতো এখানে আসে, অথবা কেউ ভিতরে আসে।

57 যেমন তারা সেই সেবককে অন্য রাতে মঞ্চে গুলি করেছিল। আপনারা সেই সম্পর্কে শুনেছেন, সেই মাতাল ব্যক্তি একটি ডাবল ব্যারেল শটগান নিয়ে আসে। সে তার স্ত্রীর জন্য চিৎকার করে, আর—আর তার স্ত্রীকে চেয়েছিল, আর পালকের কাছে চলে যায়। আর পালক তাকে দেখালেন তার স্ত্রী সেখানে বসে আছেন, কিন্তু সে তার স্ত্রীকে গির্জার মধ্যে গুলি করতে যাচ্ছিল, আর পালক তার সঙ্গে কথপকথন শুরু করলেন। আর—তার পরিবর্তে...সেই—সেই ব্যক্তিটি শটগান নিয়ে ঘুরে দাঁড়ায় আর পালককে বেদীতে গুলি করে, আর তারপরে তার স্ত্রীকে গুলি করে, আর তারপরে নিজেকে গুলি করে।

58 এখন, যদি সেখানে একদল ডিকন থাকত যখন সেই লোকটি সেই শটগান নিয়ে সেই দরজায় প্রবেশ করেছিল, তারা তার চারপাশে হাত দিয়ে ধরে ফেলতো, তার হাত থেকে শটগানটি নিয়ে নিত। দেখুন? দেখুন, সেটা—সেটা সুশৃঙ্খল ডিকনগণ। আর এখন, এই বিষয়গুলি তারা এখন যেভাবে করছে সেভাবে চলে গেছে, আপনি হয়তো কিছু আশা করতে পারেন। কিন্তু, মনে রাখবেন, ডিকনরা হলেন ঈশ্বরের গৃহে ঈশ্বরের পুলিশ, অন্য কেউ যাই ভাবুক না কেন। কখনও কখনও একজন পুলিশ সদস্য চান যেন উঠে কাউকে গ্রেপ্তার করতে না হয়, হয়তো তার বন্ধুদের মধ্যে একজন, কিন্তু তিনি একটি

অফিসে শপথ নিয়েছেন, যেভাবেই হোক তাকে এটা করতে হবে। এটা তার শহরের প্রতি তার কর্তব্য। দেখুন ?

59 এটা গির্জার একজন ডিকনের দায়িত্ব। আর যদি কেউ লাফিয়ে উঠে পালককে বাধা দিতে শুরু করে, অথবা এইরকম অন্য কিছু, এবং পালক তার বার্তায়, ডিকনদের তার কাছে যেতে হবে, তাদের মধ্যে দুই বা তিনজন, বলুন, "আমরা কি আপনার সাথে কথা বলতে পারি, ভাই ?" দেখুন ? তাকে গির্জা থেকে নিয়ে আসুন, বাইরে অফিসে, *এখানে* অথবা অন্য কোন অফিসে, এবং তার সাথে এই বিষয়ে কথা বলুন, বলুন, "আপনি বাধা দেবেন না।" আপনারা জানেন, এটি একটি—এটি নিয়ম দ্বারা একটি বৃহৎ জরিমানা যেভাবেই হোক একটি সভাতে বাধা দেওয়া। দেখুন ? কিন্তু কিছু লোক, যেমন একজন অপরাধী ব্যক্তি অথবা অন্য কিছু, আপনাদের মধ্যে আসে, আপনারা জানেন, আর—আর কিছু ধর্মান্ধ, আর—আর শুরু করে, তারপর ডিকনরা...আর যদি—আর যদি ডিকনরা এটি নিয়ন্ত্রণ করতে সক্ষম বলে মনে হয় না, তখন ট্রাস্টি বোর্ড অথবা গির্জার অন্য কেউ এগিয়ে আসতে পারেন এবং এই ধরনের একজন ব্যক্তিকে সাহায্য করতে পারেন। আপনারা সেটা জানেন।

60 আর—আর এখন আমাকে এখানে আবার প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন।

**মণ্ডলীতে শৃঙ্খলা বজায় রাখার জন্য আর কোন উত্তম উপায় আছে কি, ডিকনদের কাছ থেকে বারবার স্মরণ করিয়ে দেওয়ার চেয়ে, এখন, মাঝে মাঝে ?**

61 এখন আমি মনে করি যে সেটি—সেটি পালক, কখনও কখনও...অথবা এই টেপটি বাজান, এটি একটি সাক্ষীর জন্য দাঁড়াতে দিন। ডিকন হল পুলিশ সদস্য, এবং তাদের বাক্য হল আইনশৃঙ্খলা। দেখুন ? আর তাদের কাছে মণ্ডলীর কাছ থেকে এমনকি দেশের আইন থেকেও কর্তৃত্ব রয়েছে ঈশ্বরের সেই ঘরটিকে সঠিক স্থান হিসাবে গড়ে তোলার জন্য। আর যে কেউ এইরকম একজন ডিকনের বিরোধিতা করে, তাকে—দুই থেকে দশ বছর ফেডারেল কারাগারে থাকতে হবে। আপনি যদি তাদের যেতে বলেন কিন্তু তারা তা না করে, অথবা এইরকম কিছু, কেউ বিশৃঙ্খল আচরণ করে, সে জানে না সে কি করছে...সে নিজেকে তৈরী করছে, অথবা নিজেকে সব ধরণের জরিমানার জন্য দায়বদ্ধ করছে, যে কোনও কিছু।

62 আর তারপর যদি এমন একটি স্থানে আসে যে কেউ...এখন,

যেমন...আর যদি কেউ লাফিয়ে উঠে বিশৃঙ্খলার সৃষ্টি করে...শুধু হয়তো অন্য ভাষায় কথা বলা বা অন্য কিছু, আমি তাতে যাব না। দেখুন, তাদের যেতে দিন, কারণ তারা যদি অপরিচিত হয়। যদি তারা আমাদের নিজস্ব লোক হয়, তবে পরের রাতে, আপনারা ডিকনরা এই টেপটি নিয়ে নিন, আর বলুন, "এখন, আমরা সভা শুরু করার আগে মণ্ডলীর বিধান ধ্বনিত করতে যাচ্ছি, আমি চাই সবাই এটা বুঝুক।" আর আপনারা পালক এবং আপনারা সবাই একসাথে এইভাবে কাজ করতে পারেন।

**223. এখন, ভাই ব্রানহাম, রবিবারের বিদ্যালয় বিষয়ে কি? ভাই ব্রানহাম, রবিবারের বিদ্যালয় বিষয়ে** (ঠিক আছে), **এটা কি প্রচারের আগে হওয়া উচিত?**

63 হ্যাঁ, আমরা সবসময় এইভাবে করেছি। প্রচারের আগে রবিবারের বিদ্যালয় করুন। আর এটি ছোট ব্যক্তিদের জন্য একটি সুযোগ দেয় যারা রবিবারের বিদ্যালয়ে যোগ দেয়, তাদের শ্রেণি বরখাস্ত করার। আর যদি—আর যদি তারা চায়...আর ছোটরা এটা বুঝতে না পারে, আর তাদের প্রচারের মধ্য দিয়ে সমস্ত সময় বসে থাকতে হবে এবং তারপরে রবিবারের বিদ্যালয় করতে হবে, ছোট ব্যক্তিরা ক্লান্ত হয়ে পড়ে। রবিবারের বিদ্যালয়টি প্রথমে হতে দিন, একটি নির্দিষ্ট সময় থাকতে দিন, ঠিক একটি নির্দিষ্ট সময়ে রবিবার বিদ্যালয়ের অধিবেশন শুরু করুন। রবিবার বিদ্যালয়ের সুপারের সেটা দেখার কথা, যে এই রবিবারের বিদ্যালয় একটি নির্দিষ্ট সময়ে, নির্ধারিত সময়ে শুরু হয়। এবং এটি একটি নির্দিষ্ট সময়ে শেষ করা হয়। সমস্ত রবিবারের বিদ্যালয়, এর জন্য এত সময় দিন, এবং তারপর শেষ করুন।

**224. প্রাপ্তবয়স্ক শ্রেণীর শিক্ষক কি পালক ছাড়া অন্য কেউ হওয়া উচিত?**

64 যদি এটা সম্মত হয়। যদি পালক রবিবারের বিদ্যালয়ে পড়াতে চান এবং পরে বার্তা আনতে চান, যদি তিনি দ্বিগুণ সেবা করতে চান তবে সেটা ভালো এবং চমৎকার। কিন্তু যদি তিনি না করেন, তাহলে আপনার প্রাপ্তবয়স্ক রবিবার স্কুলের শিক্ষককে নিন, দেখুন, আপনার প্রাপ্তবয়স্ক শ্রেণীর জন্য। আর তারপর যদি—যদি পালকের মনে অন্য কেউ থাকে, আর সেই ব্যক্তি এটি করতে চান, নিজেকে ত্রিশ মিনিট সময় দিন, অথবা আপনি যা কিছুর জন্য আপনার রবিবারের বিদ্যালয়কে অনুমতি দিতে যাচ্ছেন, ত্রিশ অথবা পঁয়ত্রিশ, চল্লিশ মিনিট, এটা যাই হোক না কেন।

65 আর সেখানে একটি ঘণ্টা স্থাপন করা উচিত। আর যখন সেই ঘণ্টাটি বাজানো হয়, তার মানে...অথবা হয় গির্জার ঘণ্টা, যখন এটি বাইরে বাজানো হয়, সেটি রবিবার বিদ্যালয় সমাপ্ত করে। আর যখন সেই ঘণ্টা বাজবে, তার মানে সবকিছু ঠিক সেখানে শৃঙ্খলায় চলে আসে।

66 তখন একটি বা দুটি স্তোত্রের জন্য অনেক সময় থাকবে, আপনি যাই গাইতে যাচ্ছেন। খুব বেশি সময় নয়, আপনি লোকদের খুব বেশিক্ষণ রেখে তাদের ক্লান্ত করবেন, দেখুন। আর শুধু ঘণ্টায় টোকা দিন, একটি স্তোত্র শোনান এবং আপনি যা করতে যাচ্ছেন, এবং তারপরে আপনার ক্লাসকে সেই স্থানে পাঠান। আর অবিলম্বে যখন সেই সময় আসে, বলুন এটা হতে চলেছে—রাত দশটায় বা সাড়ে দশটায়, অথবা দশ-পনেরো, এটা যাই হোক না কেন, সেই ঘণ্টাটি টোকা দিন আর প্রত্যেক শিক্ষক তাদের ক্লাস শেষ করে দেন, এখানে দর্শকদের কাছে আসুন। আর তারপর...আর রিপোর্ট প্রদান করুন, সানডে স্কুল রিপোর্ট, আর তারপর পুরো বিষয়টি সমাপ্ত করুন, আর যারা প্রচার সেবার জন্য থাকতে চান তাদের থাকতে দিন। দেখুন, তখন এটা ক্রমানুসারে রয়েছে।

> প্রশ্ন ? **কত গু-...**[একজন ভাই বলেন, **"আর তখন আমাদের একটি বিভক্ত শ্রেণী আছে, অন্য কথায় ?"**—সম্পাদকীয়।]

67 ওহ, হ্যাঁ, আপনার উচিত। একটি—একটি তিন বছরের শিশু বুঝতে পারে না একজন চৌদ্দ বছর বয়সী যা বুঝবে। আমি মনে করি আমি এটা একটু এগিয়ে পেয়েছি।

## 225. সেখানে কতগুলি শ্রেণী হওয়া উচিত ?

68 আপনার শ্রেণী করা উচিত...একটি ছোট শ্রেণীর মতো যারা ফ্ল্যানেলগ্রাফ নিতে চায়, এটি একটি চৌদ্দ বছর বয়সী ছেলে বা মেয়ের জন্য খুব বেশি হবে। দেখুন ? সেই ছোট বাচ্চাদের জন্য শ্রেণী নেওয়ার জন্য আপনার এমন কাউকে রাখা উচিত, কোন বৃদ্ধ মা অথবা এমন কেউ যিনি জানেন কিভাবে তাদের যত্ন নিতে হয়। অন্যান্য শ্রেণী, আমি মনে করি, এমন কেউ হওয়া উচিত যিনি বাক্য উপস্থাপন করতে আরও সক্ষম। দেখুন ? আর সেখানে শ্রেণী হওয়া উচিত। এখন বলার জন্য, সেখানে একটি শ্রেণী হতে হবে... কমপক্ষে তিনটি শ্রেণী।

69 সেখানে একটি ছোট্ট শিশুর শ্রেণী হওয়া উচিত, সেখানে প্রায় পাঁচ বছর বয়সী থেকে হওয়া উচিত। আর এর নিচে থাকা অন্য সকলকে মায়ের কাছে রাখা উচিত, এবং প্রচারের—সময়ে

প্রয়োজন হলে নার্সারিতে নিয়ে যাওয়া হয়, যদি তারা চালিয়ে যেতে যায়। এই জন্যই নার্সারী সেখানে আছে।

70 আর আমি মনে করি যে—পাঁচ অথবা ছয় বছর বয়সী ছোট বাচ্চাদের থেকে শ্রেণীগুলি সাজানো উচিত, আট অথবা নয়, দশ, এরকম কিছু। আর তারপর দশ বছর বয়স থেকে পনেরো পর্যন্ত—কিশোর শ্রেণিতে থাকা উচিত। আর তারপর পনেরো বছরের বেশি প্রাপ্তবয়স্ক শ্রেণী, কারণ তারা...যদি তারা যথেষ্ট বয়সী হয়—করার জন্য...আজকাল তারা একটি চাকরি পেতে পারে এবং তারা সেই বয়সে ভোট দিতে চায়, প্রায়; তাই তাদের—তাদের বাক্য শুনতে সক্ষম হওয়া উচিত, কিন্তু মূল সভাগৃহে এসে তা গ্রহণ করুন।

## 226. কাদের শিক্ষক হওয়া উচিত ?

71 সেখানে আপনি, আপনাদের নিজের শিক্ষকদের ভোট দেওয়ার জন্য এটি আপনাদের উপর নির্ভর করে। আর আপনাদের সেটা করা উচিত, তাদের সেখানে রাখুন, কাউকে নিয়ে আসুন। আর মণ্ডলীর সঙ্গে দেখা করুন, আর বলুন, "কে...এখানে কে প্রভুর দ্বারা পরিচালিত বোধ করেন ?" আর তারপর একজন যোগ্য শিক্ষক নিন। আর তারপর এটা করা যাক। এটা কঠোরভাবে করতে হবে, ভাইয়েরা। যদি শিক্ষক এর যোগ্যতা অর্জন করতে না পারেন, তাহলে শিক্ষক পরিবর্তন করুন।

72 যখন সময় আসে, ঈশ্বরের অধীনে, যদি আমি মনে করি যে অরম্যান নেভিল আর এখানে পালক হওয়ার যোগ্য হতে পারেন না, আমি এটি মণ্ডলীর কাছে উল্লেখ করতে যাচ্ছি। যখন আমি এখানে একটি বিষয় দেখতে পাই, মনে করুন যে আপনারা ডিকনরা ডিকন হওয়ার যোগ্য হতে পারেন না, আমি মণ্ডলীর কাছে এটি উল্লেখ করতে যাচ্ছি, যে, "আমি খুঁজে পেয়েছি সেখানে একজন নির্দিষ্ট ডিকন আছেন এমন কিছু করছেন যা তার করা উচিত নয়, এবং তিনি তার দায়িত্ব পালন করেন না," এবং এইরকম আরও অনেক কিছু, অথবা একজন ট্রাস্টি অথবা এটা যাই হোক না কেন। আমি তাকে ভোট দিতে ভিতরে আনতে পারি না বা বাইরে করে দিতে পারি না, মণ্ডলীকে সেটা করতে হবে, কিন্তু আমি অবশ্যই এটা মণ্ডলীর সামনে উপস্থাপন করতে যাচ্ছি। দেখুন, কারণ এটাই করা উচিত। এটাই আমার হওয়ার কথা, অধ্যক্ষ হিসাবে, আমাকে দেখতে হবে এবং কী ঘটছে তা দেখতে হবে। আমরা স্বর্গে যাচ্ছি, এখানে কোথাও একটি সমাবেশে অথবা অনেক মজা করার জন্য কিছু করতে যাচ্ছি না আর একে অপরের উপর দৌড়ানো, আর বেসবল খেলা। আমরা

এখানে পৃথিবীতে সবচেয়ে করুণাময় জিনিসটি পরিচালনা করছি, ঈশ্বরের বাক্য, আর এটা ঈশ্বরীয় বিধানে পালন করতে হবে।

**কাদের শিক্ষক হওয়া উচিত ?**

73 তাদের নির্বাচন করা আপনাদের উপর নির্ভর করে। কিন্তু আমি গ্রহণ করব, শিশুদের জন্য, আমি একজন বৃদ্ধ মহিলাকে গ্রহণ করব, যারা এটা করতে পারে। কিন্তু কিশোর-কিশোরীদের জন্য, আমি এমন কোন শিক্ষক গ্রহণ করব যারা কঠোর, আর শুধু এখানে গিয়ে ওয়েনার রোস্ট খাওয়া নয়। এটা ঠিক হবে যদি তারা একটি ওয়েনার রোস্ট খেতে চায়, কিন্তু সব বিষয় এটিতে রাখুন...এটা বাক্যে রাখুন, বাক্যকে ধরে রাখতে সক্ষম এমন কাউকে দিন। আর এটা হতে যাচ্ছে, এই গির্জাটি এর জন্য নয়...ওয়েনার রোস্ট ঠিক আছে, আর—আর ছোট পিকনিক যেখানে আপনি একসাথে যেতে চান এবং সহভাগিতা করতে চান, সেটা ঠিক আছে, সেটা—সেটা বাচ্চাদের বিনোদন দেওয়ার জন্য আপনার করা উচিত। কিন্তু এই স্থানে *এখানে*, এটি ঈশ্বরের বাক্য। ওয়েনার রোস্ট হল যখন আপনি একত্রিত হন, অথবা এইরকম কিছু, কিন্তু ঈশ্বরের এই গৃহতে নয়। আর তারা জানে, অবশ্যই আমরা জানি আমরা এখানে দলগুলোর—এর—এর মূর্খতায় বিশ্বাস করি না আর এখানে এরকম সবকিছু, আমরা—আমরা...আপনারা এর চেয়ে ভালো জানেন।

**227. রবিবারের বিদ্যালয়টিতে শৃঙ্খলা বজায় রাখার জন্য কার দায়িত্ব পালন করা উচিত ?**

74 রবিবারের বিদ্যালয়ের তত্ত্বাবধায়কে। আর এটাই তার কার্য্য। ডিকন, ট্রাস্টি, পালক, অথবা অন্য কারো সঙ্গে তার কিছু করার কথা নয়, তার নিজের একটি অফিস আছে। আপনার রবিবারের বিদ্যালয়ের শিক্ষক কে, আমি জানি না। কিন্তু সেই রবিবারের বিদ্যালয়ের শিক্ষকের দেখতে হবে যে প্রতিটি শ্রেণী তার স্থানে রয়েছে, এবং প্রতিটি শিক্ষক উপস্থিত আছেন, অথবা সেই শিক্ষকের পরিবর্তে অন্য শিক্ষক নিয়োগ করা যদি তারা সেই দিন সেখানে না থাকেন।

75 তারপর রবিবারের ঠিক আগে...যখন—পাঠ চলছে, রবিবারের বিদ্যালয়ের তত্ত্বাবধায়কে যেতে হবে এবং সেখানে তাদের দেওয়া উপহারগুলি নিতে হবে (তাদের রবিবারের বিদ্যালয়ের সংগ্রহ), এবং এই ক্লাসে কতজন উপস্থিত ছিলেন, তাদের কতজনের বাইবেল ছিল তার প্রতিবেদন, ইত্যাদি, এবং এটির একটি

প্রতিবেদন তৈরি করুন। আর তারপর প্রচারের ঠিক আগে শ্রোতাদের সামনে দাঁড়ান, যখন তিনি এটি করার স্থান দেন, রবিবারের বিদ্যালয় শেষ হওয়ার পর যখন তাদের কাছে রবিবারের বিদ্যালয়ের রিপোর্ট থাকে, বলুন কতজন শিক্ষক, কতজন উপস্থিত, রবিবারের বিদ্যালয়ের মোট কতজন, সমগ্র—সমগ্র মোট দান, এবং এইরকম আরও অনেক কিছু। ডিকন, ট্রাস্টি, পালকদের এটা করা উচিত নয়। তাদের এতে কিছু করার নেই, এটি রবিবারের বিদ্যালয়ের তত্ত্বাবধায়কের কাজ।

76 আর তারপর যদি তিনি দেখেন যে রবিবারের বিদ্যালয়ে কিছু জিনিসের প্রয়োজন আছে, তারপর তাকে সেটি ট্রাস্টি বোর্ডের—এর কাছে উপস্থাপন করতে হবে, এবং প্রথমে ট্রাস্টিদের একটি সভা হবে। আর তারপর ট্রাস্টিরা, যদি তারা দেখতে পায় যে কোষাধ্যক্ষের মাধ্যমে পর্যাপ্ত তহবিল ইত্যাদি আছে, তারপর এটি ক্রয় করা যেতে পারে; যদি তিনি সাহিত্যের জন্য অন্য কিছু চান, অথবা যাই হোক না কেন, অথবা কিছু বাইবেল বা কিছু, তারা একজনের জন্য একটি বাইবেল কিনতে চায়, আপনারা জানেন, যে সবচেয়ে বেশি বাক্য খুঁজে পেতে পারে এবং সর্বাধিক বাক্য উদ্ধৃত করতে পারে, কোন পুরষ্কার বা কিছু তারা এইরকম দিতে যাচ্ছেন, উপহার, এবং তারা মণ্ডলীর মাধ্যমে এটি ক্রয় করতে চান। তাহলে সেটাকে উপস্থাপিত করা হোক—কাছে—কাছে—ডিকনদের কাছে...আর তারপর তাদের খুঁজে বের করতে দিন যদি এটা—যদি এটা—যদি এটা কোষাগারে থাকে। দেখুন?

77 আর তারপর আমি মনে করি যে এটি তাদের পাঁচটি প্রশ্নের যত্ন নেয়।

এখন পরেরটিতে, সেটি হল:

**228. ভাই ব্রানহাম, মণ্ডলীর বিধানের প্রতি শ্রদ্ধা রেখে, আমরা নতুন মণ্ডলীর উৎসর্গ করার সময় যে বিধানগুলি বুঝি, আমরা সেই অনুসারে যাওয়ার চেষ্টা করেছি। আর এটা করার মাধ্যমে, কেউ কেউ ক্ষিপ্ত হয়ে গির্জা ছেড়ে চলে গেছে। আর আমরা যা বলি তা অন্যরা শুনবে না, বিশেষ করে শিশুরা। আমরা পিতামাতার সাথে তাদের সন্তানদের সম্পর্কে কথা বলেছি, এবং তারা তাদের যত্ন নেবে না। এখন, আমরা কি ভুল বুঝেছি? অথবা, আমরা কি এটা ভুল পথে নিয়ে যাচ্ছি? ধন্যবাদ।**

এখন আমাকে এর উত্তর দিতে দিন যখন তারা নেমে আসে।

**মণ্ডলীর বিধানের প্রতি শ্রদ্ধা রেখে, নতুন মণ্ডলীর উৎসর্গ করার সময় আমরা যেভাবে এটি বুঝেছি আমরা সেই অনুযায়ী যাওয়ার চেষ্টা করেছি।**

78 এখন, এটা ঠিক, আপনি ঠিক করছেন। এখন, এটি ডিকন হওয়ার কথা, আমি মনে করি, কারণ এটি এখানে, এটি একজন ডিকনের কাজ। ঠিক আছে।

**আর এটা করার মাধ্যমে, আমরা প্রায়শই...লোকেরা প্রায়শই আমাদের উপর ক্ষিপ্ত হয়েছে।**

79 তারা আমার উপরও করে! তারা যে কোন পুরুষের উপর করবে। দেখুন? একজন ব্যক্তি যে এটা করে, সেই ব্যক্তির সঙ্গে কিছু ভুল আছে। তারা ঈশ্বরের সঙ্গে সঠিক নয়, কারণ খ্রীষ্টের আত্মা খ্রীষ্টের শিক্ষা, খ্রীষ্টের গৃহ, খ্রীষ্টের আদেশের অধীন। দেখুন? আর যে কোন পুরুষ...অথবা কোন নারী, অথবা কোন ব্যক্তি, শিশু, যে একজন ধার্মিক ডিকনের উপর রাগান্বিত হবেন যিনি তাদের হতে বলবেন...এবং, অথবা কোন পিতামাতা একজন ডিকনের উপর রাগ করবেন...সত্যিই, আমরা এই মণ্ডলীতে প্রত্যেককে চাই যা আমরা পেতে পারি; কিন্তু যদি এটি অন্য কোথাও সমস্যা সৃষ্টি করে, সেখানে একটি কাঁটা বা "কাঠের স্তূপে একটি খরগোশ," যেমন আমরা বলতাম। সেই ব্যক্তিটি ঠিক নয়।

80 যদি তারা চলে যায়, তবে একটিই কাজ আছে: তাদের যেতে দিন, এবং তাদের জন্য প্রার্থনা করুন। দেখুন? তারপর হয়তো কিছু ডিকন তাদের মণ্ডলী-...যান, অথবা, কখনও কখনও তাদের বাড়িতে যান, এবং তারা কেন চলে গেছে তা খুঁজে বের করুন, এবং তাদের জিজ্ঞাসা করুন কি ভুল ছিল। তারপর, এবং যদি তারা... দেখুন তিনি তাদের পুনর্মিলন করতে পারেন কিনা। যদি তারা না পারেন, তবে তার সঙ্গে দুই অথবা তিনজন সাক্ষী নিয়ে যান, যেন তারা বুঝতে পারে। তারপর যদি তারা না বোঝে, তবে এটি মণ্ডলীর সামনে বলা হয় যদি তারা এখানে মণ্ডলীর সদস্য হয়। তারপর তারা...

81 আর তারপর যদি তারা মণ্ডলীর সদস্য না হয়, অবশ্যই তারা এই মণ্ডলীর সদস্য নয়, তাদের শাসন করার জন্য *তৈরি* করা উচিত। দেখুন, তাদের—তাদের এখানে আমাদের বিধান শুনতে হবে, কারণ এটি মণ্ডলীর বিধান। এটি এমন বিষয় যা আমরা করতে চাই না, যে বিষয়গুলি আমি করতে পছন্দ করি না, কিন্তু এটি এমন বিষয় যা অবশ্যই করা উচিত। আর আমি নিজেকে প্রকাশ করছি: আর এই

টেপের মাধ্যমে এখানে তাদের বলুন, এটা আমি, তারা আমাকে কথা বলতে শুনতে পায় এবং জানে যে এটা আমি, আপনারা পুরুষরা নন। আপনি *আমাকে* এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করেছেন, এবং আমি ঈশ্বরের বাক্য থেকে যেভাবে জানি তা আপনাদের সবচেয়ে ভালভাবে দিচ্ছি।

82 "এখন, যদি সেই লোকেরা রেগে যায় এবং আপনার কাছ থেকে চলে যায়, তবে শাস্ত্র এই বিষয়ে কি বলে, ভাই ব্রানহাম ?"

83 "তারা আমাদের ছেড়ে চলে গেছে কারণ তারা আমাদের ছিল না।" আর সেটা এর নিষ্পত্তি করে। "মণ্ডলী ছেড়ে গেছে," তারা সেটাই করেছে। ঠিক আছে।

**অন্যরা আমরা যা বলি তা শুনবে না, বিশেষ করে শিশুরা।**

84 শিশুদের শৃঙ্খলা জানার কথা, তাদের বাড়িতে এটি পাওয়া উচিত। কিন্তু এটা আমার হলেও, আমার বাচ্চারা যে কোন সময় এখানে প্রবেশ করে, তারা উচ্ছৃঙ্খল হয়ে যায়, আমি চাই না আপনি একটি দড়ি আঁকুন; সারা, রেবেকা, যোষেফ, বিলি, অথবা যে কেউ হতে পারে। আপনি আমাকে বলুন, আমি এটা দেখব। যদি তারা আচরণ করতে না পারে, তাহলে তারা মণ্ডলী থেকে দূরে থাকবে যতক্ষণ না তারা আচরণ করতে শেখে। এটা কোন রঙ্গমঞ্চ নয়, এটা ঈশ্বরের গৃহ। এটি খেলার, স্কেট করার, এবং মন্তব্য লেখার, এবং হাস্য এবং কাটার স্থান নয়, এটা ঈশ্বরের গৃহ; ঈশ্বরীয়ভাবে সম্পন্ন করা উচিত।

85 আপনারা এখানে আরাধনা করতে আসেন, এমনকি বেড়াতে আসেন না। এটি একটি—এটি একটি পিকনিক মাঠ নয়, এটি একটি দর্শনীয় স্থান নয়; এটি পবিত্র আত্মার দর্শন স্থান, তিনি কি বলতে চান তা শুনুন, একে অপরকে নয়। আমরা এখানে একে অপরের সহভাগিতা করতে আসিনি, আমরা এখানে খ্রীষ্টের সঙ্গে সহভাগিতা করতে এসেছি। এটা আরাধনার গৃহ। আর শিশুদের অবশ্যই শৃঙ্খলাবদ্ধ হতে হবে, আর যদি তারা...পিতামাতার দ্বারা। এটা জানা যাক যে যদি এই ডিকনরা...যদি শিশুদের এই পিতামাতারা এই ডিকনদের কথা না শোনেন, তাহলে এই অভিভাবককে নিজেদের সংশোধন করা উচিত।

**আমরা সন্তানদের সম্পর্কে পিতামাতার সাথে কথা বলেছি, এবং তারা তাদের যত্ন নেবে না।**

86 যদি তারা এই মণ্ডলীর সদস্য হয়, তাহলে আপনার দুই অথবা তিনজনকে সঙ্গে নেওয়া উচিত আর সেই অভিভাবককে একটি

ব্যক্তিগত সভায় ডাকুন, একটি অফিসে। আমি চিন্তা করি না এটা কে, যদি এটা আমি হই, যদি এটা ভাই নেভিল, যদি এটা বিলি পল এবং তার ছোট ছেলে হয়, যদি এটা ভাই কলিন্স এবং তার সন্তানদের মধ্যে একজন, অথবা আপনাদের বাকি কেউ। আমরা...আমরা একে অপরকে ভালবাসি, কিন্তু আমরা ঈশ্বর এবং এই বাক্যের প্রতি আবদ্ধ। যদি এটি ডক হয়,...সে যেই হোক না কেন, আমাদের একে অপরকে ডাকতে হবে এবং একে অপরের সাথে সৎ হতে হবে। কিভাবে ঈশ্বর আমাদের সঙ্গে আচরণ করতে পারেন, যদি আমরা একে অপরের সঙ্গে সৎ না হই ? আমরা কিভাবে তাঁর সঙ্গে সৎ হতে যাচ্ছি ? দেখুন ?

87 এটি একটি আদেশ, আমাদের অবশ্যই ঈশ্বরের গৃহ রাখতে হবে ! আর ডিকনদের জানা উচিত যে কীভাবে এটি করতে হয়। দেখুন ? আর এই কারণেই আমি এখন আপনাদেরকে বলছি, সেই বিষয়গুলি ধরে রাখুন। আর যদি এটা, আপনি পিতামাতাকে বলেন আর তারা এটা শ্রবণ করে না, এটা শ্রবণ করে না, তারপর আপনি অন্য ডিকন অথবা একজন ট্রাস্টি, অথবা এই গির্জার কোন ভালো ব্যক্তিকে ডেকে আনুন, আর...আপনার ট্রাস- নিন...আপনার ডিকন বোর্ড নিন, আপনার সমস্ত ডিকন একসাথে, বলুন, “ভাই জোন্স, ভাই হেন্ডারসন, ভাই জ্যাকসন,” অথবা যেই হোক না কেন, দেখুন, “তাদের সন্তানরা অসদাচরণ করছে, আমরা তাদের সন্তানদের বিষয়ে দুই বা তিনবার বলেছি, কিন্তু তারা এটা শুনেনি।”

88 তারপরে ভাই জোন্সকে ডেকে নিন, অথবা ভাই *তিনি-যেই-হউন-না-কেন* এবং বলুন, “ভাই জোন্স, আমরা আপনাকে এখানে একটি সভার জন্য ডেকেছি। আমরা আপনাকে ভালোবাসি, আর আমরা...আপনি আমাদের একটি অংশ, আপনি আমাদের একজন। আমাকে এই নির্দিষ্ট টেপটি লাগাতে দিন এবং ভাই ব্রানহাম এই বিষয়ে কী বলেছেন তা শুনুন, দেখুন। এখন, আমরা আপনাকে সেই শিশুদের ভদ্র আচরণ শেখাতে বলেছি। দেখুন ? যদি তারা ভদ্র আচরণ না করে, এবং আপনি তাদের মণ্ডলীতে ভদ্র আচরণ করাতে না পারেন, যখন আপনি গির্জায় আসেন তখন তাদের কারো সাথে ছেড়ে দিন যতক্ষণ না তারা ঈশ্বরের গৃহে তাদের আচরণ করতে শেখে।” দেখুন ? কিন্তু এটি একটি বিধান, এটি পালন করতে হবে ! দেখুন ?

এখন, অন্য প্রশ্ন চলে যায়।

**এখন, আমরা কি ভুল বুঝেছি ?**

89 না, মহাশয়। আপনি ভুল বোঝেননি, সেটা ঠিক। আমি আবার বলছি, বিধান সকল। সেনাবাহিনীতে, তারা আপনাকে জিজ্ঞাসা করে না, "আপনি কি একটি নির্দিষ্ট কাজ করতে *ইচ্ছা* রাখেন?" আপনি যদি সেনাবাহিনীতে থাকেন, তাহলে আপনি এটা করতে *বাধ্য*। দেখুন? আর এইভাবে এটি...আমি সুসমাচার প্রচার করতে বাধ্য। আমার অন্যান্য পুরুষ এবং ভাইয়েরা এবং আরও অনেকে এই সম্পর্কে যাই বলুক না কেন, আমি এর পক্ষে দাঁড়াতে বাধ্য হয়েছি, আমি এটা করতে বাধ্য। আমাকে অনুভূতিতে আঘাত করতে হবে এবং পুরুষদের টুকরো টুকরো করতে হবে, কিন্তু যদি আমি...

90 আপনি অসওয়াল্ডের মতো হতে চান না। দেখুন? আপনি যদি একজন মানুষ এবং বিষয়ের সাথে একমত না হতে পারেন, এবং তারপরে তার সাথে হাত মেলান এবং তার প্রতি একই অনুভূতি রাখেন, তাহলে আপনার সাথে কিছু ভুল আছে। যদি আমি একজন ব্যক্তির সাথে একমত না হতে পারি (তিক্তভাবে, একদিক থেকে অন্য দিকে) এবং এখনও তার সম্পর্কে ততটা চিন্তা করি—যেমন খ্রীষ্ট চান, তাহলে আমার আত্মার সাথে কিছু ভুল আছে, আমার কাছে খ্রীষ্টের আত্মা নেই। দেখুন?

91 যদি সে বলে, "ঠিক আছে, ভাই ব্রানহাম, আমি—আমি বিশ্বাস করি যে আপনার শিক্ষা *এটি*, *সেটি*।"

92 "ঠিক আছে, ভাই, আসুন আমরা একসাথে যুক্তি করি, আপনি ও আমি। আমরা নিজেরাই এটা গ্রহণ করবো। আমরা এখানে রুমে নিজেদের কাছে যাব, আমরা এটির কারণ বের করব।" আর সে আমাকে টুকরো টুকরো করে, আর আমাকে তার কাছে ফিরিয়ে কিছু বলতে হবে। যদি আমার হৃদয়ে আমি তার সম্পর্কে একই অনুভূতি অনুভব করতে না পারি, যে "তিনি এখনও আমার ভাই এবং আমি তাকে সাহায্য করার চেষ্টা করছি," তাহলে আমি কখনই তাকে সাহায্য করব না, তাকে সাহায্য করার জন্য আমার কাছে কোন উপায় নেই। আমি যদি তাকে না ভালোবাসি, সেখানে গিয়ে লাভ কি? তাকে বলুন, "প্রথম স্থান প্রথমে, ভাই, আমি আপনাকে ভালোবাসি না, আর সেখানে যাওয়ার আগে আমাকে আমার হৃদয় থেকে এটা বের করতে দিন, কারণ আমি আপনাকে সাহায্য করতে পারব না যতক্ষণ না আমি আপনাকে ভালবাসি।"

93 আর সেটা ঠিক, আর সেটাই পথ। দেখুন, এটি চালিয়ে যান, আপনি এটি সঠিক করেছেন, এটি এমনই হওয়া উচিত। আপনি এটা কখনও ভুল বুঝেন নি।

### আমরা কি এটা ভুল পথে যাচ্ছি ?

94 না, এটা বহন করার সঠিক উপায়। বিধান রাখা যাক! কারণ এটা প্রতিনিয়ত...এখন, ছোট শিশু এবং মায়েরা, ছোট শিশু এবং বিষয়গুলি, তারা—তারা কাঁদবে, আর যদি তারা খুব বেশি কাঁদে এবং সেখানে আপনার পালককে বাধা দেয়, আপনারা মনে রাখবেন, আপনি তার দেহরক্ষী, আপনি তার সুসমাচারের দেহরক্ষী। দেখুন ? আর যদি এটা প্রভুর বার্তাকে বাধাগ্রস্ত করে, তাহলে আপনি ডিকন, আপনার কি করতে হবে ? ঠিক যেমন, মানুষ অন্য ভাষায় কথা বলে, তার কর্তব্যবদ্ধ। আর একজন ব্যক্তি প্রচার করছেন, তিনি বাক্যের প্রতি কর্তব্যবদ্ধ, তিনি এই বিষয়গুলির প্রতি কর্তব্যবদ্ধ। আপনারা প্রত্যেকে একটি অফিসে কর্তব্যবদ্ধ, আর সেটা—আর এটাই আমরা—আমরা এখানে করতে এসেছি।

95 এখন, আমরা খুব বেশি সময় অপেক্ষা করতে চাই না, এবং আমি জানি কয়েক মিনিটের মধ্যে আমার একটি সাক্ষাৎকার রয়েছে, তাই আমি—আমি যত তাড়াতাড়ি সম্ভব তাড়াতাড়ি করার চেষ্টা করব।

**229. ভাই ব্রানহাম...**

এখানে এই কার্ডে তিনটি, দুটি প্রশ্ন আছে।

### ভাই ব্রানহাম, লোকদের জন্য মণ্ডলীতে দান গ্রহণ করার নীতি কি হওয়া উচিত ? এটা কিভাবে করা উচিত ?

96 আমি মনে করি মণ্ডলীর লোকদের জন্য দান গ্রহণ করা উচিত নয় যদি না এটি আপনার পালকের জন্য হয়। আর আমি মনে করি যদি কেউ দাতব্যের জন্য আসে, অথবা এই জাতীয় কিছুর জন্য, যে...অথবা কেউ খুব—খারাপ পরিস্থিতিতে, যেমন আমাদের এখানে আমাদের একজন সদস্য, আমাদের মণ্ডলী, যদি আমাদের ভাইদের মধ্যে কেউ থাকে, আর তাদের কিছু সমস্যা রয়েছে; ঠিক আছে, আমি মনে করি তখন সেটি মঞ্চে ঘোষণা করা উচিত, আর পালককে সেটা করতে দিন, আমি মনে করি এটা করা তার কর্তব্য; কোন ভাই যার কিছু প্রয়োজন রয়েছে, তাকে এটি মণ্ডলীর কাছে উপস্থাপন করতে দিন, যদি এটি সেভাবে নিতে চায়।

97 যদি কেউ অভাবী হয় আর—আর আপনি যদি সেই অভাবী ব্যক্তির জন্য দান গ্রহণ করতে না চান, তাহলে বোর্ডকে একত্রিত হতে দিন এবং কিছু অর্থের বিষয়ে একমত হতে দিন যা তারা এই ব্যক্তিকে কোষাগার থেকে দিতে চান। কিন্তু সেই সময় যদি কোষাগার কম থাকে এবং তারা তা করার সামর্থ্য না রাখে, তবে তা তুলতে হবে, ঠিক আছে,—আসুন...এটা বোর্ডের সঙ্গে কথা

বলা হোক, পালককে আদেশ দিয়ে, এবং পালককে এই নির্দিষ্ট জিনিসটি চাইতে দিন। বলুন, "এখন, আজ রাতে (আমাদের ভাই জোন্স, তার একটি—একটি ভয়ঙ্কর দুর্ঘটনা ঘটেছিল, তার ঘর পুড়ে গেছে।), আর আজ রাতে, খ্রিস্টান হিসাবে, আমরা একসাথে যাচ্ছি, আমরা প্রত্যেকে ভাই জোন্সকে তার বাড়িতে পুনরায় সাহায্য করার জন্য আমরা কী করতে পারি তার প্রতিশ্রুতি দিই।" দেখুন, অথবা—অথবা যাই হোক না কেন। দেখুন, আমরা ম-...আমরা সেটা করব। প্ল্যাটফর্ম থেকে এটা বলা হোক, এভাবে এটা করতে হবে। আর তারপর অঙ্গীকারগুলি হস্তান্তর করা হোক, এবং তারপর এটি মণ্ডলীর কোষাধ্যক্ষের কাছে হস্তান্তর করা হোক। আর এই অঙ্গীকারগুলি মণ্ডলীর কোষাধ্যক্ষের মাধ্যমে পরিশোধ করা হবে, এবং তাদের দিতে হবে। আর—আর সেই ব্যক্তিকে এর জন্য একটি রসিদ দিন, কারণ আমি জানি না এটা কর মোচন কিনা; আমি অনুমান করি এটি এমন কিছুর জন্য।

98 এখন, কিন্তু যখন এটি একজন—একজন অপরিচিত ব্যক্তি আসেন—একজন অপরিচিত ব্যক্তি আসেন যেমন...একজন ব্যক্তি ভিতরে এসে বললেন, "ঠিক আছে, আপনি কি জানেন? আমি—আমি—আমি একটি যাত্রায় আছি আর আমার একটি টায়ার ফেটে গেছে, আর আমি একটি নতুন টায়ার চাই। আজ রাতে আমার জন্য একটি নতুন টায়ারের জন্য একটি দান সংগ্রহ করুন।" এখন, এটা করা উচিত নয়। না, এটা করা উচিত নয়। আর যদি মনে হয়—যদি এটি একটি যোগ্য জিনিস বলে মনে হয়, আপনার পরিচিত কারো, বোর্ড সভা করতে পারে এবং কোষাধ্যক্ষের কাছ থেকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ মনোনীত করতে পারে সেই লোকটিকে একটি টায়ার কেনার জন্য অথবা এটা যাই হোক না কেন। অথবা হয়তো যদি মণ্ডলীর কোষাগার কম থাকে, এবং এটি বোর্ড দ্বারা সিদ্ধান্ত হয় যে এই...এতে পালকের কিছু করার থাকা উচিত নয়, ডিকনদের—এটা করার কথা, দেখুন, অথবা বোর্ডের। আর এখন যদি এটা...যদি এটা সম্মত হয়, তাহলে পালককে দিন, পালক দান নিতে পারেন। কিন্তু, লক্ষ্য করুন, যদি সে অপরিচিত হয়, একটি জরুরি অবস্থায়, একজন সহকর্মীর সামান্য অর্থের প্রয়োজন এবং আপনি মনে করেন যে এটি একটি ন্যায়সঙ্গত কারণে, (এখন এটি আমার মতামত), যদি এটি একটি বাস্তবিক ন্যায্য কারণে হয় এবং আপনি জানেন এটি একটি ন্যায়সঙ্গত কারণের জন্য...

99 এখন, প্রথমে, আপনি যদি সেখানে যান এবং বাড়িতে আমার বইগুলি দেখেন, লোকেরা এসে বলে, "আমি এই *নির্দিষ্ট-নির্দিষ্ট*

গির্জার থেকে *অমুক-অমুক* রেভারেন্ড, আর আমার—আমার এখানে রাস্তায় কিছু সমস্যা হয়েছিল, আর আমার—আমার এক সেট টায়ার দরকার," আর জানি যে আমি একটি সভা থেকে এসেছি এবং একটি দান নিয়েছি, অথবা এইরকম অন্য কিছু, আমি তাকে এটা দিয়ে দিতাম, প্রায়, এক সেট টায়ার ক্রয় করার জন্য। আর মিনিটের মধ্যে দেখুন, তার মতো একজন সেবক কখনও ছিলেন না, কখনও এমন জায়গায় থাকেননি। আর এই বছর থেকে বইয়ের উপর দশ বা বিশ হাজার ডলার আছে যা আমি এইভাবে দিয়েছি, তারা কোথায় ছিল তাদের সম্পর্কে কিছুই না জেনে। খুঁজে বের করতে আসেন, অন্যান্য সেবকরা বলেন, "কেন, তিনি আমাকে *অমুক-অমুক* এবং *অমুক-আর-এইরকমের* জন্য তৈরি করেছেন।"

100 এখন, মণ্ডলী দায়ী নয়, শুধুমাত্র তাদের নিজেদের জন্য। সেটা ঠিক। তাদের নিজেদের, তারা দায়ী।

101 কিন্তু যদি মনে হয় একটি যোগ্য কারণ আছে, এবং তারপর যদি আপনি, যদি, আপনার ট্রাস্টিরা বলতে পারেন, "ঠিক আছে, এখন এক মিনিট অপেক্ষা করুন। এই লোকটি, সেখানে সে *রয়েছে*, তার গাড়ি সেখানে, এটা, ঘটেছে, আর *এটা*। এটা আমাদের মণ্ডলীর বিষয় নয়, দেখুন, কিন্তু এটা।" তারপর যদি তারা এটি এইভাবে করতে চায়, এবং একজন বহিরাগত সম্পর্কে বিশেষ কিছু বলে...

102 আমাদের নিজেদের নয়, এখন, দেখুন, আমাদের নিজের লোকদের নয়, আমাদের নিজেদের লোকদের এখানে তাদের—তাদের নিজেদের, এখানে তাদের ভাইদের মধ্যে নিয়ে যাওয়া হউক, দেখুন।

103 কিন্তু যদি এটি বাইরের কেউ হন, আর একজন ব্যক্তি বলেন সে ক্ষুধার্ত অথবা...আর কেউ তার পকেটের থেকে তাকে কিছু দান করতে চায়, এটা আপনার উপর নির্ভর করে, কিন্তু আমি মণ্ডলীর কথা বলছি। আর তারপর যদি মণ্ডলীর লোকদের দান করতে *বলা* হয়, তাহলে...

104 এখন, যদি আপনার কাছে একজন প্রচারক থাকে, অবশ্যই, এখানে প্রচারের সময়, তাহলে আপনি...আপনি...তিনি আসার আগে সেটা বোঝা যাবে, আপনারা জানেন, যে আপনি তাকে একটি দান দেবেন, অথবা তাকে বেতন দেবেন, অথবা তিনি যা করতে চান।

105 কিন্তু তারপর যদি এই ব্যক্তি এখানে থাকেন, এবং এটি একটি ন্যায়সঙ্গত কারণে, এবং পালক...আর বোর্ড সম্মত হতে

চাইবে এবং পালককে এর উপর বলতে চাইবে, তারপর পালককে বলতে দিন, "একজন *অমুক-অমুক* ব্যক্তি এখানে বসে আছেন, আমরা তাকে চিনি না, তিনি ভিতরে আসেন এবং তিনি আমাদের কাছে চেয়েছিলেন...তিনি বলেছেন তার সন্তানরা ক্ষুধার্ত। আমরা সময় পাইনি...আমাদের কাছে সেই—সেই—সেই—সেই—দাবিটি তদন্ত করার সময় ছিল না।" দেখুন?

106 যদি এরকম কিছু থাকে, তাহলে আমাদের—আমাদের...যদি আমাদের নিজেদের মধ্যে কিছু থাকে, আমাদের—আমাদের নিজস্ব ডিকন সেই দাবিগুলি তদন্ত করতে যান। দেখুন? আর যদি এটা যোগ্য হয়, তাহলে এটা করুন। যদি এটা যোগ্য না হয়, এটা করবেন না, করতে হবে না। কিন্তু এখন যদি এটি এখানে একজন ব্যক্তি হন, আপনি—আপনি পালককে বলতে দেন, "এখন, ট্রাস্টি বোর্ড আমাকে বলেছে যে তারা এই ব্যক্তিকে চেনে না। কিন্তু লোকটি এখানে বসে আছেন, তিনি বলেন তার নাম জিম জোন্স," অথবা এটা যাই হোক না কেন, "আর তিনি এখানে বসে আছেন। আপনি কি উঠে দাঁড়াবেন, মিস্টার জোন্স? এখন, মিস্টার জোন্স, সভা শেষে, আপনি পিছনের দরজায় দাঁড়িয়ে থাকুন, যখন আপনি বাইরে যান। আর যদি কোন লোক আপনার হৃদয়ে অনুভব করে, অথবা আপনি এই লোকটির জন্য যা কিছু করতে চান, তবে বাইরে যাওয়ার সময় তাকে তা দিয়ে দিন।" সেটা কি এখন বোঝা যাচ্ছে?

107 আপনারা কি এটা সেখানে বুঝতে পেয়েছেন? যারা টেপে আছে তাদের জন্য...আর একজন...ভাই কলিন্স তার টেপে এটি মিস করেছেন। আমি সেই উদ্ধৃতিটি আবার পুনঃস্থাপন করতে চাই যদি...কারণ তিনি ডিকনদের একজন।

108 যদি—যদি তাদের মধ্যে কেউ থাকে, একজন ব্যক্তি আপনার মধ্যে আসেন...আর জরুরী অবস্থায় রয়েছেন আর তিনি মণ্ডলীর কাছ থেকে একটি দান চান, ট্রাস্টি বা ডিকনরা একত্রিত হন, এবং...একত্রে মিলিত হন, এবং এই সিদ্ধান্ত নেন, আর তারপর পালককে বলুন যে এটি *এইভাবে* করা যেতে পারে। তাদের...পালককে বলতে দিন, যে, "এই ব্যক্তি," তাকে নাম ধরে ডাকুন, "আমরা তাকে চিনি না। আর এখানে আমাদের নীতি হল আমরা লোকেদের জন্য দান গ্রহণ করার আগে তদন্ত করা, আর, সেটা, আমাদের নিজস্ব। কিন্তু এই লোকটি এখানে, তিনি বলেছেন যে তিনি ভেঙে পড়েছেন, তার একটি জরুরি অবস্থা ছিল, তার অসুস্থ সন্তান রয়েছে, তিনি, তার সন্তানদের জন্য ওষুধ আনার চেষ্টা করছেন," অথবা এটি যাই হোক না কেন, জরুরি অবস্থা। "এখন, তিনি এখানে দাঁড়িয়ে আছেন।

আপনি কি উঠে দাঁড়াবেন, মহাশয়?" দেখুন, আর তাকে দাঁড়াতে দিন। আর বলুন, "এখন আপনারা দেখুন কি...তিনি কে। এখন, এই সভা শেষে এই ব্যক্তিটি সেখানে সদর দরজায় দাঁড়িয়ে থাকবেন, আর লোকেরা বাইরে যাওয়ার সময়, যারা অনুভব করেন যে আপনি এতে যোগদান করতে চান, আপনি স্বাধীনতায় রয়েছেন; আমরা এটা শুধুমাত্র গির্জায় ঘোষণা করেছি।" আপনি এটি অনুমোদন করছেন না, আপনি কেবল এটি ঘোষণা করছেন। দেখুন, এটা একজন অপরিচিত ব্যক্তির আতিথেয়তা। দেখুন? এখন বুঝলেন? ঠিক আছে।

109 আমি মনে করি এটি সেই প্রশ্নের নিষ্পত্তি করে।

**230. টেপ সম্পর্কে কি?** এখন। **যেমন...টেপ সম্পর্কে কি?** এটা একটি প্রশ্নবোধক চিহ্ন আছে। **যেমন, অনেকে অফিসে লিখছেন এবং টেপের কার্য্যের জন্য আপনাকে দোষারোপ করছেন। এছাড়াও, গির্জার আশেপাশে অন্যরা টেপ বিক্রি করছে, যদি মিঃ ম্যাগুইরকে তাদের রয়্যালটি দিতে হয়।**

110 ঠিক আছে। টেপ একটি চুক্তি দ্বারা হয়। আর যদি আমি...আমি জানি না ঠিক কখন চুক্তির মেয়াদ শেষ হয়েছে, কিন্তু ট্রাস্টিরা, এটি ট্রাস্টিদের অন্তর্গত; ডিকন নয়, ট্রাস্টিরা; পালক নয়, ট্রাস্টিরা। ট্রাস্টিরা, প্রায়শই, তারা—তারা একটি চুক্তি লিখে, যেমন আমি বুঝতে পারি। আর যদি এটা—এটা ভুল হয়, তাহলে ট্রাস্টিরা সংশোধন করুন। এই ট্রাস্টিদের সেই ব্যক্তির সাথে একটি চুক্তি আছে যিনি টেপগুলি তৈরি করছেন, এবং টেপগুলি ফ্র্যাঞ্চাইজি দ্বারা।

111 অন্য কেউ টেপ তৈরি করতে পারে না যদি না এটি ফ্র্যাঞ্চাইজি ব্যক্তির দ্বারা অনুমোদিত হয়, এবং সেগুলি বিক্রি করা যাবে না যদি না সেই ব্যক্তির দ্বারা অনুমতি দেওয়া হয় যার কাছে ফ্র্যাঞ্চাইজি আছে, কারণ এটাই আইন, দেখুন, ফ্র্যাঞ্চাইজি এটি ধারণ করে। দেখুন? আর যদি ফ্র্যা-...যার কাছে ফ্র্যাঞ্চাইজি আছে, তিনি *অমুক-অমুককে* টেপ তৈরি করতে দিতে চান, সেটা তার ব্যাপার। তিনি যদি সবাইকে টেপ তৈরি করতে দিতে চান, তবে সেটা তার ব্যাপার; যদি তিনি চান যে সবাই টেপ বিক্রি করুক, এটি সেই ব্যক্তির উপর নির্ভর করে যার কাছে ফ্র্যাঞ্চাইজি রয়েছে। তার কাছে একটি—একটি ছোট লিখিত নোট থাকা উচিত যা ফ্র্যাঞ্চাইজি ধারকের স্বাক্ষরিত, টেপ তৈরি এবং বিক্রি করার জন্য, কারণ তখন তিনি আইনে পরিষ্কার। কারণ যদি তিনি না করেন, সেই লোকটি, এর উপর ফ্র্যাঞ্চাইজি আছে...আপনি দায়বদ্ধ, নিজের জন্য, একটি...(যদি সেখানে একজন—একজন খারাপ ব্যক্তি থাকে যে

কিছু সমস্যা সৃষ্টি করতে চায়, সে সত্যিই এটা করতে পারে।) আপনি সেই ফ্র্যাঞ্চাইজির কাছে যান, কারণ এটি একটি কপিরাইটের মতো, আপনারা দেখুন, একই জিনিস। আপনাকে এটা করার অনুমতি দেওয়া হয়নি; এটা করা একটি বড় জরিমানা।

112 তাই লোকেরা যদি টেপ তৈরি করে, সম্ভবত তাদের মিঃ ম্যাগুইরের কাছ থেকে একটি চুক্তি রয়েছে কার—কার আছে... কে—কে টেপের রয়্যালটি নিয়ে আসেন। আর এখন...আর আমি সে সম্পর্কে জানি না, কারণ এই বিষয়গুলি কারা করে তা জানার জন্য আমি এখানে যথেষ্ট থাকি না, আর এটা কাদের উল্লেখ করা হবে। আমি মনে করি যে মিস্টার ম্যাগুয়ারের কাছে এখনও এটি আছে, কারণ সেখানে, আমি ক্যালিফোর্নিয়া অথবা অ্যারিজোনায় আছি, যেখানে আমি রয়েছি, আমি বুঝতে পারছি তারা এখনও ক্যালিফোর্নিয়া থেকে টেপ কিনছে। ভাই সোথম্যান, মিস্টার ম্যাগুয়েরের শ্বশুর, যিনি এখানে মণ্ডলীতে আমাদের ভাই। আমি মনে করি যে মহাশয় ম্যাগুয়েরের কাছে এখনও এটি রয়েছে, এর উপর সেই—সেই ফ্র্যাঞ্চাইজি।

113 আর এখন, টেপ তৈরি নিয়ে অভিযোগ উঠেছে। এখন, যখন এই গির্জার অর্থ সংক্রান্ত কোন বিষয়ে অভিযোগ পাওয়া যায়, বিষয়টি পরিষ্কার করা হয়েছে, তা দেখা ট্রাস্টিদের কর্তব্য। দেখুন? সেখানে, কোনভাবেই, কিছু হওয়া উচিত নয়।

এখন আপনি এখানে দেখুন, এটি এখানে এই কার্ডে লেখা আছে, যে:

**তারা অফিসে চিঠি লিখছে এবং আপনাকে দোষারোপ করছে।**

114 সত্যি বলতে, আমার কাছে অনেক চিঠি আছে, আর আমি জানতে চাই কেন তারা তাদের টেপগুলি পেতে পারে না। এখন আপনি জানেন যে যার কাছে ফ্র্যাঞ্চাইজি আছে তার সাথে আপনার চুক্তি, যেমন আমি বুঝেছি...টেপগুলি, আমি—আমি তাদের সঙ্গে কিছুই করতে চাই না, আমি নিজে, যদি কেউ সুসমাচারকে এগিয়ে নেওয়ার জন্য টেপটি ব্যবহার করতে পারেন, "আমেন!"

115 কিন্তু, প্রথমে, ভাই রবারসন এবং তারা এটি তৈরি করতে শুরু করেছিলেন, ভাই বিলার এবং তাদের অনেকে এগুলো তৈরি করতে শুরু করেছিলেন; আর তারপর দুই ছেলে, ভাই মার্সিয়ার এবং ভাই গোড, কয়েক বছর ধরে তাদের তৈরি করেছিলেন; এবং, অবশ্যই, যখন প্রতিটি ব্যক্তি তাদের তৈরি করেছে, প্রত্যেকের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। কিন্তু, এটা আপাতদৃষ্টিতে ইদানীং এখানে,

তাদের টেপ না পাওয়ার বিষয়ে একটি বড় অভিযোগ রয়েছে। সারা দেশ থেকে মানুষ আমাকে ডেকেছে। আর তারপরে আরেকটি, পুনরায় রেকর্ড করা টেপ যা এক মিনিটে একটি জিনিস বাজবে, এবং অন্য মিনিটে অন্যের উপর, অন্য জিনিস, এবং তারপর তারা বুঝতে পারে না সেগুলো কি।

116 এখন, এই লোকেরা এই টেপের জন্য অর্থ প্রদান করে তাদের একটি আসল টেপ পাওয়া উচিত। এটা পাওয়ার জন্য তাদের কি করতে হবে তাতে আমার কিছু যায় আসে না, আমরা আমাদের গ্রাহকদের এবং আমাদের ভাইদের দেখতে চাই (যা, তারা আমাদের গ্রাহক এবং আমাদের ভাই, আরও অনেক কিছু), তাদের অবশ্যই একটি "এক নম্বর" টেপ থাকতে হবে। এখন, আপনারা ট্রাস্টিরা দেখুন, এই লোকেরা যেন সন্তুষ্ট হয়। সন্তুষ্ট না হলে, তাদের অর্থ অবিলম্বে তাদের ফিরিয়ে দিতে হবে।

117 আর কেউ আমাকে ডেকেছে, আর বলেছে যে তারা টেপের জন্য কয়েক মাস ধরে অপেক্ষা করছেন। এখন, আমি জানি না ভাই ম্যাগুয়ার কিভাবে এর প্রতি ঝোঁক দেন। আমি—আমি এই সম্পর্কে জানি না, কারণ আমি এই সম্পর্কে কিছুই জানি না। আর আমি...এই সম্পর্কে কিছু জানা আমার কাজ নয়, এটা তাদের এবং ট্রাস্টিদের কাজ। আর আমি এতে পা দেওয়ার চেষ্টা করছি না, কিন্তু আমি আপনাকে বলছি এর নিয়ম কি। দেখুন? এর নিয়ম হল এই টেপগুলি, যখন তারা তাদের জন্য প্রেরণ করে, তাদের টেপগুলি একদিন, অথবা তিন, অথবা চার, অথবা পাঁচ দিনের মধ্যে তাদের পথে আসার কথা; তারা তাদের জন্য টেপ পাঠানোর পরে, এটি মেইলে হতে হবে অথবা এই আদেশ অমান্য করা হলে যে কোন সময় ফ্র্যাঞ্চাইজি বাতিল হতে পারে। দেখুন?

118 এখন, এবং প্রতি ছয় মাস বা এক বছরে, এটি পুনর্নবীকরণ হওয়ার কথা, এই চুক্তিটি পুনর্নবীকরণ হওয়ার কথা। আপনার এই *নির্দিষ্ট* তারিখে দেখা করার কথা যেখানে এই ফ্র্যাঞ্চাইজি বলে যে আপনাকে দেখা করতে হবে। আর তখন এটা হওয়ার কথা, সেটা হল, সেই সময়ে অন্য লোকদের আসার কথা, এবং আপনার অন্যদের জানানো উচিত যারা টেপ সম্পর্কে জিজ্ঞাসা করছেন, এবং তাদের চুক্তি নিয়ে আসেন আর বসেন এবং এটি নিয়ে কথা বলেন।

119 এখন, এই আদেশগুলি অবশ্যই পালন করতে হবে! দেখুন? এবং এটি অবশ্যই সঠিকভাবে বহন করা উচিত, কারণ এটি অভিযোগ করছে। তারা লিও এবং জিনের বিষয়ে অভিযোগ করেছিল, তারা প্রত্যেকের বিষয়ে অভিযোগ করেছিল, এটা ভাই

মাগুয়েরের বিষয়ে অভিযোগ, আর এটা অন্য কারো বিষয়ে অভিযোগ করা হবে, কিন্তু আসুন খুঁজে বের করা যাক অভিযোগ কি।

120 এখন, কিন্তু যখন টেপগুলি স্তূপিত হতে শুরু করে, তখন সেগুলোর বাক্স, ডজন ডজন চিঠি আসছে, আর তারা...দেখুন, এটি টেপ প্রস্তুতকারকের কাছে পড়ে না, এটি আমার উপর পড়ে। তারা সবসময় আমাকে এটা নিয়ে বকাবকি করে। এখন, একজন খ্রিস্টান হিসাবে এটি আমার কর্তব্য যে লোকেরা যা প্রদান করে তা পায়, আর আমি চাই আপনারা ট্রাস্টিরা দেখুন যে তারা এটি পেয়েছে। যদি তাদের বেশি চার্জ করতে হয়, একটি ভাল টেপ নিন, একটি ভালো মেশিন নিন, আমরা চাই কেউ সেই টেপটি তৈরি করুন, যিনি এটিকে সঠিক ভাবে করেন। এটাই আমাদের স্বার্থ। টেপ সঠিক ভাবে করতে হবে! আর গ্রাহককে অবশ্যই সন্তুষ্ট হতে হবে, অথবা সম্পূর্ণ টেপ জিনিসটি সম্পূর্ণরূপে বন্ধ করতে হবে, আমাদের কাছে কোন টেপ থাকবে না, যে কেউ যদি সেগুলো বানাতে চায়, তবে তাকে বানাতে দিন। কিন্তু যদি তারা তাদের জন্য চার্জ নিতে যাচ্ছে, তাদের দেখতে দিন যে তারা যা প্রদান করেছেন তা তারা পাচ্ছেন, কারণ এটি খ্রিস্টান ধর্ম। এটা করার চেয়ে বেশি কিছু নয়...

121 আর যখন তারা এখানে সুসমাচার শুনতে আসে, আমি তাদের সেরাটা দিতে চাই যা আমি জানি কিভাবে দিতে হয়, দেখুন, আর যখন তারা এখানে আসে আমি চাই আপনারা দেখুন যে সকলে এবং সবকিছু চলছে। এই কারণেই আমি আপনাদের ডিকন, ট্রাস্টি এবং পালকদের বলছি, আজ রাতে এখানে, যে আপনাকে অবশ্যই চিঠিতে এটি বহন করতে হবে, কারণ লোকেরা এখানে ঈশ্বরকে খুঁজতে আসছেন, এবং আমাদের এই জিনিসগুলিকে ক্রমানুসারে রাখতে হবে।

122 এবং টেপগুলি অবশ্যই সেই স্থানে রাখতে হবে। যদি তাদের বেশি চার্জ করতে হয়, যদি তাদের কাছে দ্বিতীয় শ্রেণীর টেপ থাকে যা তারা চালাচ্ছে, তাহলে আরও ভালো টেপ নিয়ে আসুন। যদি তাদের সেগুলির জন্য আরও বেশি দাম নিতে হয়, তাদের জন্য আরও বেশি দাম ধার্য করুন, ব্যক্তিকে তিনি যা প্রদান করেন, তা পেতে দিন।

123 আমি একটি অংশও রয়্যালটিতে আগ্রহী নই, এক পয়সাও না, এবং টয়াবারনাকেলও আগ্রহী নয়; আমি চাই না আপনি হন। এতে আগ্রহী হবেন না, রয়্যালটিতে—তে। যদি তারা কিছু অর্থ প্রদান করে, আমি অনুমান করি যে এটি এখানে তৈরি হওয়ার কারণে আপনাকে কিছুটা রয়্যালটি নিতে হয়। আমি মনে করি এটা এমন

কিছু তারা বলেছিল, মিস্টার মিলার, এবং তারা, নিয়ম সম্পর্কে, আমাদের কাছে, কিছু রয়্যালটি বা ইত্যাদি, কিছু নিয়েছিলেন। এটা দেখা আপনার উপর নির্ভর করে। আমি নই, আমার কিছুই করার নেই—সেটা যা একত্রে স্থাপন করা হয়েছে তার সঙ্গে; আপনারা সকলে এটার যত্ন নিন। আমি এর সব কিছুর যত্ন নিতে পারি না, আমি আপনাকে বলছি এটি যেভাবে হওয়া উচিত এবং চালানো উচিত। যে...আপনারা বুঝতে পেরেছেন, আমি বললাম "চালাতে হবে।" তাই আমরা এটি সঠিক ভাবে চালাতে চাই।

124 আর যদি এটি নেওয়ার জন্য তাদের একটি ভালো মেশিন থাকতে হবে, তবে একটি ভালো মেশিন নিয়ে নিন। যদি এটা হতেই হয়...এখন, আমি তাদের বলেছিলাম, আমি বলেছিলাম, "প্রতিটি মি-...আমি যে সেবাকার্যে যাই, আমি যাওয়ার আগে, আমি সেখানে কোন ধর্মোপদেশ প্রচার করতে যাচ্ছি তা আমি আপনাকে জানিয়ে দেব, এমন কিছু যা আমি ইতিমধ্যেই করেছি..." আর আমি আপনাদের সবাইকে প্রতিশ্রুতি দিয়েছিলাম, যা আমি আবার রবিবার রাতে পুনরায় নিতে যাচ্ছি, যে, "আমি কোন নতুন বার্তা প্রচার করার আগে, এটি প্রথমে এই ট্যাবারনাকেল থেকে আসবে, কারণ তারা একটি ভালো রেকর্ডিং পেয়েছে বলে মনে হচ্ছে।" আপনাদের সেটা মনে আছে? তারপর আমি এখানে আসি, আমার বার্তা প্রচার করি, তারপর ফিরে যাই এবং টেপ ম্যানকে কোন সভা তা অবহিত করি। তারা আমাকে জিজ্ঞেস করে, "কোনটি? আপনি কি প্রচার করতে যাচ্ছেন?" আমি তাকে বললাম, "*আজ* রাতে আমি *অমুক-অমুকের* সঙ্গে যাচ্ছি, *আজ* রাতে, *অমুক-অমুক*," যাতে তারা এটি তৈরি করতে পারে এবং গ্রাহকদের জন্য এটি ঠিক সেখানে নেওয়ার জন্য প্রস্তুত করতে পারে; তাদের সাথে এটা ঠিক করা হয়েছে, তারা সভাতে যে টেপ নিয়ে এসেছিল তার চেয়ে ভালো টেপ, কারণ এটা ঠিক এখানে ট্যাবারনাকেলে তৈরি করা হয়েছে যেখানে ধ্বনি প্রযুক্তি ভালো। দেখুন?

125 এখন, এখন এই বৃহৎ সুসমাচার প্রচারে যাচ্ছি, আমি এখন বিদেশে এবং বিষয়গুলিতে কি করতে যাচ্ছি, আমি এটা প্রতিশ্রুতি দিতে পারি না, আপনারা দেখুন, আমি প্রতিশ্রুতি দিতে পারি না যে আমি এখানে আমার প্রথম বার্তা প্রচার করব। কারণ আপনি যখন প্রচার করেন, বার্তাগুলি, আপনার কাছে এমন কিছু থাকতে হবে যা...এটি আপনার কাছে বিস্বাদ হয়ে গেছে, এবং যারা এটি শুনছেন তাদের কাছে এটি বিস্বাদ হতে বাধ্য। আপনাকে ভিন্ন কিছু করতে হবে, আপনারা দেখুন, এবং বার্তাটি যেমন আছে *সেখানে* নিয়ে

আসুন। কিন্তু তাদের সভাতে একটি মেশিন লাগাতে দিন, অথবা যাই হোক না কেন, যা এই টেপগুলিকে নিখুঁতভাবে রেকর্ড করবে।

126 এবং একটি নিখুঁত টেপ তৈরি করুন, এবং প্রতিটি টেপ বাজিয়ে এবং এটি যাওয়ার আগে পরীক্ষা করে দেখুন, অথবা পুরো জিনিসটি বন্ধ করুন; এমনকি কিছু করারও নেই, প্রত্যেক মানুষকে তার নিজের টেপ তৈরি করতে দিন। দেখুন ? কিন্তু এটা ঠিক করুন, দেখুন, যাতে এই অভিযোগ বন্ধ হয়ে যায়। আমরা কোন অভিযোগ চাই না। যদি সেখানে কোন অভিযোগ থাকে, আসুন এটির যত্ন নেওয়া যাক, তারপর আমরা এটি সমাপ্ত করি।

127 এখন, আমি যত তাড়াতাড়ি পারি তাড়াতাড়ি করব। বিলির কাছে এখানে আরও দুটি অথবা তিনটি প্রশ্ন আছে, তার পরে আমরা শেষ করব।

**231. কতদূর, ভাই ব্রানহাম, মণ্ডলীর শৃঙ্খলা বজায় রাখতে একজন ডিকন যেতে পারেন বা যাওয়া উচিত ? আমাদের কি আদেশ পালন করা উচিত, না ভাই নেভিল আমাদের কী করা উচিত তা না বলা পর্যন্ত অপেক্ষা করা উচিত ?**

128 এটা ভাই নেভিলের কাজ নয়, এটা আপনার কাজ। দেখুন ? আপনি ভাই নেভিলকে বলবেন না কি প্রচার করতে হবে, কিভাবে প্রচার করতে হবে। দেখুন, এটা আপনার কাজ, আপনি ডিকন, আপনার এটা করা উচিত। আপনারা সেটা খেয়াল রাখবেন। এটা ভাই নেভিলের কাছে কিছুই না, এটা আপনার কাজ। দেখুন ?

129 এখন, যদি একজন পুলিশ সদস্য এখানে রাস্তায় বেরিয়ে আসেন এবং তিনি একজন ব্যক্তিকে গাড়ির পিছনের অংশ থেকে সম্পত্তি চুরি করতে দেখেন, তিনি কি মেয়রকে ডেকে বলবেন, “এখন, মেয়র, মহামান্য, মহাশয়, আমি এখানে এই পুলিশ বাহিনীতে আপনার জন্য কাজ করছি; এখন, আমি এখানে রাস্তায় একজন লোককে খুঁজে পাই, সে—সে গত রাতে একটি গাড়ির কিছু টায়ার চুরি করছিল; এখন, আমি ভাবছি, এই বিষয়ে আপনার মতামত কি ?” হুহ! দেখুন ? দেখুন, এটা বুদ্ধিমানের কাজ হবে না, তাই না ? না, মহাশয়। যদি সে কিছু ভুল করে থাকে, তাকে গ্রেফতার করুন।

130 আর যদি একজন ব্যক্তি এখানে মণ্ডলীতে কিছু ভুল করেন, অথবা কেউ, তাদের থামান, তাদের সাথে কথা বলুন। অহংকারী হবেন না; কিন্তু যদি তারা না শোনে, এমনভাবে কথা বলুন যেন তারা জানে আপনি কি বলছেন। দেখুন ? দেখুন, যেমন আপনি

একটি শিশুকে বলেন, বলুন, "সেখানে ফিরে যাও," আর সে খারাপ ব্যবহার করছে। ডিকন, আপনার জায়গায় থাকুন! রাখুন... আপনারা চারজন আছেন, দুইজন সামনে এবং দুইজন পিছনে, এই কোণে অথবা এইরকম কোথাও। আর খুব কাছ থেকে দেখুন, ধর্মত্যাগীরা এবং অন্য সবকিছু এইভাবে আসে, আপনারা দেখুন। আর আপনি সতর্ক থাকুন, আপনি আপনার দায়িত্বের স্থানে যান এবং সেখানে থাকুন, এটাই আপনার আসন; অথবা দেওয়ালের ঠিক পাশে দাঁড়িয়ে সবাইকে ভিতরে আসতে দেখুন।

131 একজন ডিকন ঈশ্বরের ঘরের যত্ন নেন। কেউ ভিতরে আসেন, তাদের সাথে কথা বলুন; তাদের অভ্যর্থনা জানাতে, তাদের সঙ্গে হাত মেলাতে সেখানে উপস্থিত হন। সেটা, আপনি পুলিশ, "আমরা কি আপনাকে পোশাক রাখার ঘর দেখাতে পারি?" অথবা, "আপনি কি বসবেন?" "আমরা কি আপনাকে একটি গানের বই অথবা কিছু দিতে পারি?" অথবা, "এখন আমরা চাই আপনি এখানে উপভোগ করুন, আর—আর প্রার্থনা করুন, আর—আর আমরা খুশি যে আপনি আজ রাতে আমাদের সাথে আছেন।" তাদের সরাসরি একটি স্থানে নিয়ে যান, এবং বলুন, "আপনি কি কাছে আসতে চান নাকি এখানে ফিরে আসতে চান?" অথবা সেখানে আরও। এটাই আতিথেয়তা।

132 একজন পুলিশ সদস্য (অথবা ডিকন) সেনাবাহিনীর একজন সামরিক পুলিশ, সৌজন্যে, কিন্তু এখনও কর্তৃত্ব সহ। দেখুন? আপনারা জানেন একজন সামরিক পুলিশ কি, আসলে, যদি সে তার অধিকারগুলি পালন করে, আমি মনে করি তিনি একজন যাজকের মতো। আপনারা দেখুন? এটা সৌজন্য এবং সবকিছু, কিন্তু তবুও তার একটি কর্তৃত্ব আছে। দেখুন, আপনাকে অবশ্যই তাকে মনে রাখতে হবে। দেখুন, তিনি রাখেন...এই নূতন সৈনিকরা সেখানে গিয়ে মাতাল হয়ে যায়, কেন, তিনি তাদের তাদের স্থানে রাখেন। আর তাই ডিকন তাদের তাদের স্থানে বসানোর জন্য।

133 এখন, মনে রাখবেন, ডিকন একজন পুলিশ, এবং একজন ডিকনের কার্যালয় গির্জার যে কোনও অফিসের চেয়ে বেশি কঠোর। আমি ডিকনের অফিসের চেয়ে কঠোর অফিসের কথা জানি না। সেটা ঠিক, কারণ তার একটি—তার একটি সত্যিকারের কার্যভার আছে, এবং তিনি ঈশ্বরের লোক। তিনি ঈশ্বরের লোক ঠিক যেমন পালক ঈশ্বরের লোক। অবশ্যই, তিনি। তিনি ঈশ্বরের দাস।

134 এখন ট্রাস্টিরা, একমাত্র বিষয়, তারা ঈশ্বরের দ্বারা সেই অর্থ দেখার এবং তার যত্ন নেওয়ার দায়িত্বের অধীনে, যে বিষয়গুলো

এভাবে চলতে থাকে। আমি আপনাকে সেই টেপগুলির সম্পর্কে বলেছিলাম, এবং—এবং এখানে যা চলছে তা নিয়ে, ভবন এবং মেরামত সম্পর্কে, অর্থ ও বিষয়গুলি গ্রহণ করার বিষয়ে, এটাই—এটাই তারা ট্রাস্টি: সম্পত্তি, অর্থ এবং বিষয়গুলি। ডিকনদের এতে কিছু করার নেই। আর ডিকন অফিসের সঙ্গে ট্রাস্টির—এর কোনো সম্পর্ক নেই।

135 এখন, যদি ডিকনরা কোন বিষয়ে ট্রাস্টিদের সাহায্য চাইতে চান, অথবা—অথবা ট্রাস্টিরা ডিকনদের কাছে, আর আপনারা সবাই একসাথে কাজ করছেন...কিন্তু সেটি আপনার কর্তব্য, আলাদা করে বেছে নিচ্ছে। দেখুন? ঠিক আছে।

136 এখন, না, ভাই নেভিলকে জিজ্ঞাসা করবেন না। যদি ভাই নেভিল আপনাকে কিছু করতে বলেন, তাহলে সেটা—সেটা আপনার পালক, সৌজন্য এবং ভালবাসা এবং সবকিছু দিয়ে... যদি তিনি বলেন, "ভাই কলিন্স, ভাই হিকারসন, ভাই টনি, অথবা *কেউ*, আপনি কি দেখতে পাবেন সেখানে কোণে কি ভুল রয়েছে?" এইরকম কর্তব্যের পদে, আপনারা জানেন, ঈশ্বরের একজন প্রকৃত মানুষ হিসাবে।

137 মনে রাখবেন, আপনি ব্রানহাম ট্যাবারনাকেলের জন্য কাজ করছেন না, আপনি ভাই নেভিল বা আমার জন্য কাজ করছেন না, আপনি যীশু খ্রীষ্টের জন্য কাজ করছেন। দেখুন? আপনি...এটাই আপনি যার জন্য...আর তিনি—তিনি আপনার আনুগত্যকে ঠিক একইভাবে সম্মান করছেন যেমন তিনি সেই পালক বা অন্য কারো প্রতি, তিনি আপনার আনুগত্যের প্রত্যাশা করছেন! আর আমরা আমাদের আনুগত্য দেখাতে চাই।

138 এখন, কখনও কখনও এটা কঠিন হয়ে যায়। একজন সেবককে সেখানে বসে থাকতে দেখা আমার পক্ষে কঠিন, আমি আমার সমস্ত হৃদয় দিয়ে ভালোবাসি, তাকে বলতে হবে; দেখুন, কিন্তু প্রেমের উপায়ে, আমি তাকে সাহায্য করার জন্য একটি হাত বাড়িয়ে দিয়েছি। কিন্তু, দেখুন, আর তারা আমার কাছে এসে বলে, "ভাই ব্রানহাম, আপনি একজন চমৎকার ব্যক্তি, কেন আপনি সেই বাপ্তিস্মের বিষয়ে একটু আপস করতে পারেন না, আর *এটি*, *সেটি* এবং *অন্য বিষয়ে*, আর সেই নিরাপত্তা, আর সর্পের বীজ?"

139 আমি বলি, "ভাই, আমি আপনাকে ভালোবাসি, কিন্তু এখন আসুন আমরা তা-...শুধু বাক্য গ্রহণ করি এবং দেখি কে সঠিক বা ভুল।" দেখুন, আমাকে সক্ষম হতে হবে...

140 "ওহ, এখন, ভাই ব্রানহাম, আমি আপনাকে বলছি, আপনি ভুল করছেন।" দেখুন, উড়ে যাচ্ছে।

141 "ওহ," আমি বলি, "ঠিক আছে, সম্ভবত আমি। তারপর, যদি আমি হই, অবশ্যই (আর আপনি আমাকে বলুন, আপনি... আপনি জানেন আমি কোথায় ভুল করছি), তাহলে আপনি আমাকে দেখাবেন আমি কোথায় ভুল।" আর আমি গ্রহণ করতে ইচ্ছুক, দেখুন।

142 একই জিনিস, "আরে, সেই শিশুটিকে বসতে বলার জন্য আপনার কোন দরকার নেই।" এখন, ডিকন হলেন—হলেন ঈশ্বরের গৃহের রক্ষক। দেখুন? এখন যদি আপনি...তিনি ঈশ্বরের গৃহের যত্ন নেন এবং এটিতে শৃঙ্খলা বজায় রাখেন। এটাই শাস্ত্র বলে, আর যদি আপনার কাছে অন্য কিছু থাকে যা একজন ডিকনের করা উচিত, আপনি এসে আমাকে বলেন। দেখুন, একই জিনিস আছে, কিন্তু সেটা—সেটা করা আপনার কর্তব্য, হ্যাঁ, শুধু সহায়তা করুন।

143 আর আপনার কাউকে জিজ্ঞাসা করা উচিত নয়, সেটা—সেটা শুধু আপনার কর্তব্য। ভাই নেভিল কাউকে জিজ্ঞাসা করবেন না, মণ্ডলীকে জিজ্ঞাসা করতে হবে না...আমি বলতে চাচ্ছি, ট্রাস্টিদের—ট্রাস্টিদের—ট্রাস্টিদের ভাই নেভিলের কাছে যেতে হবে না যদি—যদি তিনি ট্যাবারনাকেলের উপর ছাদ করতে চান। দেখুন? না, না, এটা ভাই নেভিলের কাছে কিছুই নয়, আমার কাছে কিছুই নয়, এটা আপনাদের জন্য। ডিকনদের করতে হবে না...

144 পালক একই ভাবে। "আপনি কি প্রচার করতে যাচ্ছেন? আমি চাই না আপনি *এটা* করুন।" তাদের সেটি বলার কোন দরকার নেই, তিনি ঈশ্বরের অধীনে আছেন, দেখুন, তাদের পালক। আর তারপর যদি—যদি—যদি...ভাই নেভিল, তিনি একটি বার্তা প্রচার করেন যা প্রভু আমাদের দিয়েছেন, আর আমরা সবাই এতে একসাথে আছি। আর যদি আমি ভাই নেভিলকে কিছু ভুল বলি, ঈশ্বর আমাকে এর জন্য দায়ী করেন। সেটা ঠিক। দেখুন? তাই ঈশ্বরই সব কিছুর মনিব। দেখুন? আর আমরা শুধু তাঁর দূত হিসাবে কাজ করছি, আপনারা দেখুন, এখানে এই অফিসগুলিতে।

### 232. অনুগ্রহ করে ব-...

পরের প্রশ্ন, আর তারপর আমি মনে করি আমাদের কাছে আরও একটি আছে, আর তারপর আমরা—আমরা সমাপ্ত করব।

> **অনুগ্রহ করে ব্যাখ্যা করুন কিভাবে আমাদের মণ্ডলীতে অন্য ভাষার দান কাজ করে।** আমি সেটা করেছি। **কখন মণ্ডলীকে**

**শৃঙ্খলাবদ্ধ করা যেতে পারে...অথবা যেখানে দানগুলি কাজ করবে?** আমরা এখনই সেটা ব্যাখ্যা করেছি।

**233. ঠিক কতজন ক্রি-স্ট-মা...**আপনি কি দেখতে পাচ্ছেন সেটা কি? [ভাই বিলি পল বলেন, **"বাদ্যযন্ত্র।"**—সম্পাদকীয়।] ওহ্। **বাদ্যযন্ত্র। অর্গান্ এবং পিয়ানো ছাড়া মণ্ডলীতে আমাদের কতগুলি বাদ্যযন্ত্র থাকতে হবে?**

145 ঠিক আছে, এটা নির্ভর করে আপনার কাছে তন্ত্রীবাদ্য দল আছে কিনা অথবা আপনার কাছে যা কিছু আছে, আপনারা দেখুন। আমি জানি না আপনার কি আছে, এর মানে কি, আমি এটা বুঝতে পারছি না। কিন্তু অর্গান্ এবং পিয়ানো গির্জার সম্পত্তি। এখন, যদি গানের নেতা তূরী এবং কর্নেট এবং এইরকম আরও অনেক কিছু রাখার ধারণা নেন, আর কেউ মণ্ডলীতে এসেছেন আর তারা এই যন্ত্রগুলি বাজিয়ে থাকেন...আর তারা একটি দলে আছেন, আর—আর তারপর, অবশ্যই, তাহলে সেটা আপনার ট্রাস্টিদের জন্য, এটি ট্রাস্টিদের কাছে নিয়ে যাওয়ার জন্য এবং দেখতে তাদের কাছে তাদের বাদ্যযন্ত্র ইত্যাদি কেনার জন্য টাকা আছে কিনা, অথবা এইরকম কিছু। আমি অনুমান করি এটাই তাদের প্রশ্ন।

146 কিন্তু যদি তাদের নিজস্ব বাদ্যযন্ত্র থাকে, চমৎকার। যদি তাদের নিজস্ব বাদ্যযন্ত্র না থাকে, এবং তারা এখানে একটি দলের সদস্য হন, শুধু একজন ব্যক্তি এখানে দৌড়ে আসেন না এবং মাঝে মাঝে একবার বাজিয়ে থাকেন, এবং এইভাবে দৌড়ে যান, এটি মণ্ডলীর একটি দল হতে হবে। মণ্ডলী এমন একজন ব্যক্তির জন্য একটি—একটি—একটি তূরী কিনবে না যিনি এটি এখানে এবং আগামীকাল রাতে অন্য কোথাও বাজান, এবং অন্য কোথাও, এবং মাঝে মাঝে একবার এসে একটু বাজান। না, মহাশয়। এটা ঠিক এখানে একটি দল হতে হবে, দলনেতা—দলনেতার এর সাথে সংগঠিত দল, আর তারপর মণ্ডলী, তাদের সাথে বাদ্যযন্ত্র কেনার বিষয়ে কথা বলুন।

**234. অনুগ্রহ করে ব্যাখ্যা করুন আমরা কিভাবে...আমরা ডিকনরা কীভাবে লোকদের আগে বা পরে উপাসনার স্থানে রাখতে পারি...অনুগ্রহ করে ব্যাখ্যা করুন।**

[ভাই বিলি পল পড়েন: **"কীভাবে ডিকনরা গির্জার আগে এবং পরে উপাসনার স্থানে লোকদের চুপ করে রাখতে পারে?"**—সম্পাদকীয়।]

ওহ্। ঠিক আছে।

147 আমি এই পরামর্শ প্রদান করব, ভাইয়েরা। এখন, সেখানে একটি বড় বিষয় আছে। যদি আমরা এটা নিয়ে আসার জন্য আরো সময় পেতাম, কারণ এটা—এটা...এটা—এটা আমাদের কাছে কিছু মানে রাখে, দেখুন। এখন, গির্জা নয়...

148 আপনি যদি চান...আপনি যদি এই টেপটি কোন রাতে ধ্বনিত করতে চান এবং সভার আগে এটি বাজাতে চান, যাতে লোকেরা এটা বুঝতে পারে, এটা ধ্বনিত করা হোক; টেপের এই অংশটি কিন্তু আর নয়, শুধু এতটা। এর যে কোনও অংশ যা আপনি একটি নির্দিষ্ট বিষয়ের জন্য ধ্বনিত করতে চান, যতক্ষণ না আপনি এটি খুঁজে পান ততক্ষণ এটি চালাতে থাকুন এবং তারপরে এটি ধ্বনিত করুন। দেখুন, কারণ এটা প্রশ্ন।

149 এখন, মণ্ডলীর ডিকনরা, এবং আমি—যেমন আমি বলেছি, মণ্ডলীর পুলিশ। কিন্তু মণ্ডলী, সহভাগিতা এবং বন্ধুত্ব এবং আনন্দ—আনন্দের জন্য একটি সাধারণ সভাগৃহ নয়। মণ্ডলী হল ঈশ্বরের আরাধনার স্থান ! আমরা এখানে আসি...এখন, যদি আমরা একে অপরের সাথে দেখা করতে চাই, আমাকে আপনার বাড়িতে আসতে দিন, আপনারা আমার বাড়িতে আসুন, অথবা আপনারা একে অপরের বাড়িতে যান এবং একে অপরের সাথে দেখা করেন। কিন্তু শুধু মণ্ডলীর মধ্যে হাসাহাসি করার জন্য, এবং কথা বলা এবং এই জাতীয় বিষয়গুলি, এটা ঠিক নয়, ভাইয়েরা; আমরা এখানে আসি, আমরা পুরো বিষয়টি আমাদের মন থেকে সরিয়ে ফেলি। আমরা যদি এখানে আসি...

150 বছর আগে আমরা যেভাবে এটি করতাম তা দেখুন। বোন গের্টি পিয়ানোবাদক ছিলেন। যখন আমি এখানে পালক ছিলাম, আমাকে—আমাকে পালক, ডিকন, ট্রাস্টি হতে হয়েছিল, অন্য সবকিছু একবারে, দেখুন, কিন্তু আমাকে—আমাকে এটা করতে হয়েছিল। এখন আপনাকে এইভাবে এটি করতে হবে না, দেখুন, কারণ এটি করার জন্য আপনার কাছে পুরুষরা আছে। কিন্তু যখন... আমাদের উশাররা ছিলেন, ভাই সেওয়ার্ড এবং তারা সবাই দ্বারে। তাদের দ্বারে কাছে বই ছিল, একটি চেয়ারে বসে, অথবা অন্য কিছু। আর যখন কেউ ভিতরে আসেন, আপনি তাদের আপনার কোট ঝুলানোর জায়গা দেখিয়ে দেন অথবা তাদের আসনে বসতে সাহায্য করেন, তাদের একটি গানের পুস্তক দেন এবং তাদের "প্রার্থনায়" থাকতে বলেন। আর তারপর সবাই তাদের আসনে বসেন এবং শুরুর সময় পর্যন্ত নীরবে প্রার্থনা করেন। দেখুন ? আর তারপর শুরুর সময়ে, বোন গার্টি, পিয়ানোবাদক, সেখানে উঠে

আর সঙ্গীত বাজাতে শুরু করার আগে...যখন লোকেরা—যখন একত্রিত হচ্ছে।

151 আমি আপনার অর্গানবাদককে কিছু সত্যিকারের সুন্দর সঙ্গীতের সাথে সেখানে যাওয়ার পরামর্শ দিচ্ছি। যদি তিনি এখানে থাকতে না পারেন, এটি টেপে রাখুন এবং তারপর এটি বাজান, অথবা অন্য কিছু। আর বাদ্যসঙ্গীত, প্রকৃত মধুর পবিত্র বাদ্যসঙ্গীত ধ্বনিত হচ্ছে। তাই...আর লোকদের জিজ্ঞাসা করুন...আর যদি লোকেরা কথা বলতে থাকে এবং এভাবে চলতে থাকে, একজন ডিকনকে মাইক্রোফোনের কাছে টেবিলে উঠে বলতে দিন, "শ, শ, শ," এইভাবে। বলুন, "এখানে ট্যাবারনাকেলে, আমরা—আমরা চাই আপনারা উপাসনা করতে আসুন। আসুন এখন আওয়াজ বন্ধ করি, গীত শ্রবণ করুন। আপনার আসন নিন, বসুন, শ্রদ্ধেয় হন, দেখুন, প্রার্থনা করুন বা বাইবেল পাঠ করুন। এটি, এখানে আরাধনার স্থান, যেখানে প্রভু বাস করেন। আর আমরা চাই সবাই যেন সত্যিকারের শ্রদ্ধেয় হন এবং উপাসনা করেন, সেবার আগে কথা না বলে, দৌড়াদৌড়ি না করে। নিজেদেরকে একত্রিত করুন, এবং আপনি এখানে প্রভুর সাথে কথা বলতে আসেন। দেখুন ? হয় নীরব প্রার্থনায় থাকুন, আপনার বাইবেল দেখুন অথবা পড়ুন।"

152 যখন আমি মার্বেল চার্চে গিয়েছিলাম...নরম্যান ভিনসেন্ট পিলে, আপনারা তার সম্পর্কে শুনেছেন, আপনারা দেখুন। আর আমি ভিতরে গেলাম...বৃহৎ মনোবিজ্ঞানী, শিক্ষক, আপনারা জানেন। আর আমি তার গির্জায় গিয়েছিলাম, আমি শুধু ভেবেছিলাম, সেখানে, "আমি আশা করি আমার ট্যাবারনাকেল আবার এটা করবে।" আপনি ভিতরে আসার সাথে সাথে তাদের ডিকনরা দরজায় দাঁড়িয়ে ছিলেন। তারা, অবশ্যই, তারা আপনাকে একটি রবিবারের বিদ্যালয়ের স্লিপ দেয়, আপনাকে ঠিক স্থানে নিয়ে যায়। তাকে তিনবার এটি খালি করতে হয়েছিল, আপনারা জানেন, এটি প্রায় চার বা পাঁচশজনের, আপনারা জানেন; আর নিউ ইয়র্ক একটি বড় স্থান, এবং তিনি একজন জনপ্রিয় ব্যক্তি। আর আমি মনে করি তাদের একটি ক্লাস সকাল দশটায় এবং এগারোটায় আরেকটি ক্লাস করতে হয়েছিল, পুনরায় একই ধর্মোপদেশ, ঠিক একই সভা, একই কাগজের পত্র। কিন্তু যখন তারা সমাপ্ত করে, আর তাদের ছিল (আমি বিশ্বাস করি) মণ্ডলীর ঠিক হওয়ার জন্য পাঁচ মিনিট সময় ছিল...তারা বেরিয়ে না আসা পর্যন্ত অন্য কেউ ভিতরে আসতে পারেন না, তারপর ডিকনরা পথ খুলে দেন এবং অন্য গির্জা ভরে যায়। তাদের কাছে এই পুরানো বাক্সের আসন ছিল, আপনারা

জানেন, তারা এইভাবে ভিতরে প্রবেশ করেন, এবং যেখানে দরজা খুলে সেখানে গির্জার বেঞ্চে বসেন। পুরানো ধাঁচের, এটা সেখানে দাঁড়িয়ে আছে—ঠিক দুইশ বছর ধরে, আমি অনুমান করি, পুরানো মার্বেল চার্চ রয়েছে।

153 আর আপনি সেই গির্জার কোথাও একটি পিন পড়ার আওয়াজ শুনতে পারেন, আর প্রত্যেকে প্রার্থনায় থাকেন অন্তত ত্রিশ মিনিটের জন্য প্রথম নোটটি অর্গানে আঘাত করার পূর্বে, পূর্বরঙ্গ। দেখুন? আর সকলে প্রার্থনায়। আমি ভাবলাম, "এটা কত চমৎকার!" তারপর যখন সেই সেবক...সেই পূর্বরঙ্গ, প্রায়...আমি মনে করি তারা প্রায় তিন থেকে পাঁচ মিনিট একটি পূর্বরঙ্গ বাজিয়ে ছিল, *আপনি কত মহান*, অথবা এইরকম কিছু, এইরকম। আর তারপর যখন তারা করেছিল, সবাই প্রার্থনা করা বন্ধ করে দেয়, পূর্বরঙ্গ শুনছিল। দেখুন, এটি একটি পরিবর্তন প্রদান করে, প্রার্থনা থেকে পূর্বরঙ্গ পর্যন্ত। আর তারপর যখন তারা সেটা বাজায়, তখন গায়কদলের নেতা গায়কদলকে নির্দেশ দেন। তারপর তাদের একটি মণ্ডলীর গান *এবং* গায়কদল ছিল। আর তখন তারা তাদের রবিবারের স্কুল ক্লাসের জন্য প্রস্তুত ছিল। দেখুন? আর তারপর—আর যখন এটি শেষ হয়ে যায়, সেখানে ঐশ্বরিক আরাধনা ছাড়া আর কিছুই ছিল না, সর্বদা, আর এর জন্যই আমরা সেখানে এসেছি।

154 আর আমি মনে করি এটা একটা ভালো বিষয় হবে যদি আমাদের মণ্ডলী...আর আমি শুধু এটা বলছি, আমরা, ইতিমধ্যে, আমরা এটা করব। দেখুন? আসুন এটা করি। যদি কেউ কিছু করে, আর বলে, "আমি মনে করি এটা ভালো হবে।" যদি এটি একটি ভালো জিনিস হয়, তাহলে আসুন এটি করি। দেখুন? আমরা কোন ভালো জিনিস বন্ধ করতে চাই না, আমরা এটা করব, যেভাবেই হোক। দেখুন? আর শুধু এগিয়ে যান আর—আর সেখানে উঠে দাঁড়ান আর—আর যদি তারা একটি সকালে শুরু করে, অথবা এইরকম কিছু, লোকেরা দেখতে আসে, শুধু কাউকে, অথবা একজন—একজন ডিকন, অথবা কাউকে সেখানে গিয়ে বলতে দিন, "এটা এখানে ট্যাবারনাকেলে নিয়ম করা হয়েছে..."

155 আমি জানি না তারা এটা করে কিনা; তারা পারে—হতে পারে। আমি এখানে কখনো থাকিনি, আপনারা দেখুন, আমি জানি না। আমি সেবার আগে কখনও এখানে আসিনি।

156 আর যখন তারা ভিতরে আসে এবং তারা কথা বলতে শুরু করে, কেউকে সেখানে উঠে বলতে দিন, "শ, শ, শ, কিছু সময়ের জন্য।" দেখুন? করতে দিন—করতে দিন...একটি ছোট বোনকে

নিয়ে আসুন, তাকে সেখানে নিয়ে যান এবং তাকে সেই সঙ্গীত বাজাতে দিন। যদি আপনি না করেন, এটি টেপে রাখুন এবং সেখানে এটি বের করুন, দেখুন, অর্গান মিউজিক। আর বলুন, "এখন আমরা...সেখানে ট্যাবারনাকেলে একটি নতুন নিয়ম রয়েছে। যখন লোকেরা এখানে প্রবেশ করে, আমরা ফিসফিস করার জন্য নয়, কথা বলার জন্য নয়, উপাসনা করার জন্য। দেখুন? এখন, মাত্র কয়েক মিনিটের মধ্যে সভা শুরু হবে। সেই পর্যন্ত, হয় আপনার বাইবেল পড়ুন অথবা আপনার মাথা নত করুন এবং নীরবে প্রার্থনা করুন।" আর এইভাবে কয়েকবার, তারা সবাই শিখবে। দেখুন? দেখুন?

157 আপনি কাউকে কথা বলতে শুনতে পান, তারপর যদি এটি কিছুক্ষণের জন্য...এইভাবে কয়েকবার করার পরে, কিছুক্ষণ পর আপনি এমন একটি স্থানে আঘাত করেন যেখানে কেউ বলেন, কাউকে কথা বলতে দেখেন, অন্য কেউ কথা বলছেন না, আপনারা দেখুন, ঠিক আছে, তখন একজন ডিকন উঠে এসে বলেন, "আমরা—আমরা চাই আপনারা সভার সময় আরাধনা করুন।" আপনারা দেখুন? দেখুন? দেখুন, এটা কথা বলার গৃহ নয়, এটা উপাসনার গৃহ। বুঝলেন?

> আমি মনে করি এটা সেটা ছিল। **অনুগ্রহ করে ব্যাখ্যা করুন...** হ্যাঁ। দেখা যাক। হ্যাঁ। **অনুগ্রহ করে ব্যাখ্যা করুন কিভাবে... ডিকনদের উচিত...আরাধনার স্থলে।** হ্যাঁ, এটাই সব। সেটা ঠিক। এটাই।

ঠিক আছে, এখন, এখানে শেষটি।

**235. ভাই ব্রানহাম, যখন আমরা সভার শুরুতে সুযোগ পেয়েছিলাম...**আমি—আমি...সেই অভি-...না,... **আমাদের কাছে অভিযোগ ছিল...**

এটা সত্যিই ছোট করে লেখা হয়েছে। আর একটি **"অভিযোগ ছিল,"** তাই না? [ভাই বিলি পল বলেন, "উহ-হুহ," আর ভাই ব্রানহামকে ছোট লেখা পড়তে সাহায্য করেন—সম্পাদকীয়।]

> **...সভার শুরুতে অভিযোগ ছিল। আমাদের আছে...**দেখা যাক। **আমাদের—আমাদের—আমাদের গান আছে, সাক্ষ্য, এবং প্রার্থনা, এবং প্রার্থনার অনুরোধ, বিশেষ গান, আর হ-য়-...হয়তো প্রবেশ...এগারোটায় বার্তায় প্রবেশ করুন, থেকে...অথবা পরে, কিন্তু বাক্যের জন্য খুব বেশি সময় নেই। কিছু লোক অস্থির হয়ে যায় এবং...এটা শেষ হওয়ার**

**আগে—এটা, হয়...আগে—এটা শেষ হওয়ার আগে চলে যায়। এটা...অনুগ্রহ করে ব্যাখ্যা করুন কতগুলি গান, এবং কোন সময়ে বার্তা শুরু করতে হবে। আর কখনও—কখনও কখনও আমাদের প্রার্থনা থাকে—প্রার্থনার অনুরোধ এবং এটি একটি সাক্ষ্য সভায় শেষ হয়, কিছু বিষয় যা—যা হয় না...সেই সময়ে সঠিক বলে মনে হয় না।**

158 এখন, আমি আশা করি আমি এটা পেয়েছি। বিলি এখানে আমাকে সাহায্য করার চেষ্টা করছিলেন। টেপের বিষয়ে, আপনি... কেউ সভাতে, বার্তার সময়, এটা কি তা শুনছেন, বিলি আমাকে এটি পড়তে সাহায্য করার চেষ্টা করছেন কারণ এটি খুব, খুব ছোট করে লেখা, আর আমি এটি পাঠ করতে পারছি না। আমি এর সাধারণ ধারণা পেয়েছি, এটা হল, যে, "বার্তা শুরু করার আগে আমাদের কতগুলি গান গাইতে হবে, এবং কোন সময়ে বার্তা শুরু করা উচিত?"

159 এখন, প্রথম জিনিসটি আমি এখানে করতে চাই তা হল একটি স্বীকারোক্তি। আর যখন আমি ভুল, আমি স্বীকার করতে চাই "আমি ভুল।" দেখুন? আর আমি—আর আমি—আমি এখানে একটি স্বীকারোক্তি করব যে "আমি এর একধরনের নেতা।" কারণ আমি এই দীর্ঘ সভা এবং বিষয়গুলি ধরে রেখেছি, যা মণ্ডলীকে এই রুটিনে নিয়ে এসেছে, দেখুন, এমনটা করা, কিন্তু এটা হওয়া উচিত নয়। আর এখন, মনে রাখবেন, আমার কাছে...আমি...আপনাদের সবাইকে বলছিলাম, "রবিবার রাতে, যদি প্রভু ইচ্ছা করেন, রবিবার রাতে, যে, আমি এখন থেকে আমার বার্তা বরাদ্দ করার চেষ্টা করছি, যদি আমাকে এক সপ্তাহ অতিরিক্ত থাকতে হয়, আমার বার্তার জন্য সবচেয়ে দীর্ঘ সময় প্রায় ত্রিশ অথবা চল্লিশ মিনিট।"

160 কারণ আমি এটি খুঁজে পেয়েছি, এটি একটি বার্তা যা...এটা উঠে দাঁড়ায়, আর শক্তিতে বার্তা প্রদান করা হয়; আপনি যদি খুব দূরে যান, আপনি লোকদের ক্লান্ত করে ফেলেন এবং তারা এটি বুঝতে পারে না। আমি যে কারণের জন্য...আমি সেটা সব সময় জানতাম। দেখুন? সবচেয়ে সফল বক্তারা হলেন যারা ঠিক...যীশু অল্প কথার একজন মানুষ ছিলেন, তাঁর উপদেশ দেখুন। পঞ্চাশত্তমীর দিনে পৌলের উপদেশ দেখুন, সম্ভবত তার জন্য পনেরো মিনিট সময় লেগেছিল, আর তিনি সেখানে আঘাত করেন, এমন কিছু—যা—যা তিন হাজার প্রাণকে ঈশ্বরের রাজ্যে পাঠিয়েছিল। দেখুন, ঠিক সরাসরি সেই স্থানে। দেখুন?

161 আর আমি—আমি দোষী, কারণ যে কারণে আমি এটা করেছি,

এই জন্য নয় যে আমি ভিন্ন কিছু জানতাম না, কিন্তু আমি টেপ তৈরি করছি, দেখুন, আর এই টেপগুলি ঘন্টার পর ঘন্টা, ঘন্টার পর ঘন্টা, ঘন্টার পর ঘন্টা ঘরে ঘরে বাজানো হবে। কিন্তু, যেহেতু আপনারা আগামী রবিবার খুঁজে পাবেন যে কারণ আমি এটা করেছি, এই আসছে রবিবার, যে কারণে আমি এই কাজগুলি করেছি, আমি হয়তো এটা এখনই টেপে বলতে পারি, যে কারণে আমি এটা করেছি এই সময়ের বার্তার জন্য আমার উপর এই প্রচণ্ড ভারের কারণে, এটি নিয়ে আসার জন্য। এখন বার্তা বেরিয়ে এসেছে। এখন, আমি ত্রিশ মিনিট সময় নিচ্ছি, অথবা এরকম কিছু, বছরের প্রথম থেকে, আমার সভাগুলিতে, যেখানেই আমি যাই, আর চেষ্টা করি, এমনকি আমার ঘড়িটি ত্রিশ মিনিটের জন্য স্থির করতে, অথবা সর্বোচ্চ চল্লিশের বেশি নয়, সেই বার্তায় আঘাত করি, আর বেদীর আহ্বান করি যদি আমি...অথবা আমি যা কিছু করতে যাচ্ছি, অথবা প্রার্থনার লাইন আহ্বান করি, আর এতটা সময় গ্রহণ করব না, কারণ আপনি লোকদের ক্লান্ত করে ফেলেন, আমি সেটা জানি।

162 কিন্তু এখানে দেখুন, আমি অনুমান করি, এক বছরে, আমাদের কাছে এক ডজন লোক উঠে এবং বাইরে চলে যান নি, আর কখনও কখনও আমি তাদের এখানে দুই থেকে তিন ঘন্টা রাখি। দেখুন? সেটা ঠিক। কারণ এটি এই টেপগুলি তৈরি করছে যা সারা বিশ্বে যায়, দেখুন। আর সেখানে লোকেরা, তারা ঘন্টার পর ঘন্টা বসে সেটা শুনে; সেবকগণ, এবং আরও অনেকে, জার্মানি, সুইজারল্যান্ড, আফ্রিকা, এশিয়া, এবং সর্বত্র, দেখুন, এটি শুনছেন।

163 কিন্তু, দেখুন, আরাধনার স্থানের জন্য, গির্জার জন্য...আর সেটা ঠিক আছে। আপনি যদি এখানে একটি টেপ তৈরি করছেন, এবং আপনার কাছে দুই ঘন্টার টেপ আছে, তাহলে এটিতে দুই ঘন্টার বার্তা রাখুন; কিন্তু আপনি যদি এমন কিছুর জন্য একটি টেপ তৈরি না করেন, তাহলে আমাদের বার্তাটি কেটে দিন, দেখুন, আমাদের বার্তাটি ছোট করুন। আমি আপনাকে বলি কেন, সেখানে কিছু পূর্ণ করা সহজ, কিছু পূর্ণ করা দীর্ঘ, দেখুন, এইভাবে, আর তার মধ্যে আপনাকে একটি সুখকর মধ্যপন্থী হতে হবে।

164 আর এখন, অনেকবার যখন আমরা একটি টেনে আনা সাক্ষ্য সভা দ্বারা আমাদের সভাগুলি নষ্ট করি, যা আমি জানি আমি এটা করার জন্য দোষী। আর আপনি যখন রাস্তার সভা করতেন তখন আপনি বেরিয়ে যান, আর কোন বৃদ্ধ ভাইদের সেখানে দাঁড়াতে দিন, আর তিনি দাঁড়াবেন...আর তাকে একটি প্রার্থনা করতে বলুন, আর তিনি শহরের মেয়রের জন্য প্রার্থনা করবেন,

এবং রাজ্যের গভর্নরের জন্য, এবং ইউনিয়নের রাষ্ট্রপতির জন্য, আর—আর এইরকম প্রত্যেকের জন্য, এবং আশেপাশের সমস্ত পালক, আপনারা জানেন, প্রত্যেকে সংখ্যা অনুসারে, এবং বোন জোন্স যিনি হাসপাতালে আছেন, এবং এই জাতীয় বিষয়গুলি; আর লোকেরা দাঁড়িয়ে আছে, রাস্তার সভার পাশ দিয়ে হাঁটছে, তারা শুধু, থাকে—শুধু হাঁটতে থাকে। দেখুন ? তিনি শুধু তাদের ক্লান্ত করে দিয়েছেন। আমরা শুধু, যদিও...

165 দেখুন, এখন মূল বিষয়, আপনার প্রার্থনা গোপনে হওয়া উচিত, আপনার প্রধান, দীর্ঘ প্রার্থনা। সবাই প্রার্থনা করুন...একটি গোপন কক্ষে প্রবেশ করুন, দরজা বন্ধ করুন। সেখানে আপনি সারা দিন, সারা রাত অথবা দুই ঘন্টা প্রার্থনা করতে চান, সেখানে প্রার্থনা করুন। কিন্তু এখানে, যেখানে আপনি লোকদের দৃষ্টি আকর্ষণ করেছেন, আপনার প্রার্থনা সংক্ষিপ্ত করুন, দ্রুত করুন। আপনার সকল সভা...এবং আপনার সভার বেশিরভাগ সময় সেই বাক্যে লাগান। এটাই মূল বিষয় ! সেই বাক্যটিকে আপনি যতটা কঠিনভাবে আঘাত করতে পারেন, দেখুন, লোকদের কাছে বাক্য পৌঁছে দিন।

166 এখন, এখানে আমার পরামর্শ। এখন, এখন মনে রাখবেন, আমি স্বীকার করেছি যে আমি এর নেতৃত্ব দেওয়ার জন্য দোষী। কিন্তু তারপর আমি আপনাকে বলেছি কেন আমি এটি পরিচালনা করেছি, আমি দুই ঘন্টার টেপ তৈরি করছি বিদেশে এবং সর্বত্র পাঠানোর জন্য, একটি বার্তা, আপনারা দেখুন। কিন্তু মণ্ডলীর এমন নমুনা করা উচিত নয় (এখানে ট্যাবারনাকেলের বার্তা) সেই টেপ গুলি (দুই ঘন্টা) বিভিন্ন স্থানে যায়, দেখুন, এবং এইভাবে বাইরে যায়।

167 এখন, আপনার নিয়মটি এখানে...আমাকে শুধু একটি উদাহরণ দিতে দিন। এটা কি ঠিক হবে, একটি পরামর্শ ? আমি বলব যে মণ্ডলীর দরজা একটি নির্দিষ্ট সময়ে খোলা উচিত, মণ্ডলীকে আসতে দিন, গান বাজতে দিন। আর সকলে উপাসনা করতে আসুক, সাক্ষাৎ করতে নয়। আর তাদের পরে সাক্ষাৎ করতে দেবেন না, তাদের বলুন "বরখাস্ত করতে এবং বেরিয়ে যেতে, সাক্ষাৎ করতে নয়। আপনি যদি সাক্ষাৎ করতে চান, পুরো বাইরের স্থান রয়েছে। কিন্তু এটি আরাধনার স্থান, এটি পরিষ্কার থাকুক।" এখন, যদি প্রভুর আত্মা এখানে কাজ করে, আসুন এটি প্রভুর আত্মাকে ধরে রাখি। দেখুন ? এবং—এবং এটা চলতে থাকবে। যদি আপনি না করেন, আপনি শুধু আমার কথা চিহ্নিত করুন, এটা পড়ে যাবে; এটা নিশ্চিত হবে। আর এটা রাখা যাক, এটা আমাদের কর্তব্য, এই জন্যই আমি আজ রাতে এখানে আছি। শুধু এই জিনিসটিকে

এই—এই আদেশগুলির সাথে সারিবদ্ধ থাকুন।

168 এখন দেখুন, আমি এটা বলব। সাধারণত, যদি না আমরা বিশেষভাবে প্রদান করি...আর তাদের বলি যে আপনি একটি বার্তা টেপ করতে যাচ্ছেন। দেখুন? এখন, যদি ভাই নেভিলের কাছে এখানে একটি বার্তা থাকে যে তিনি নিচ্ছেন...তার কাছে একটি বার্তা আছে যা তিনি লোকদের কাছে দিতে চান, টেপ করে, অথবা কিছু, বলুন, "এখন, আগামী রবিবার রাতে আমরা একটি দুই ঘন্টার টেপ রেকর্ড করতে যাচ্ছি," তিন ঘন্টার টেপ, অথবা কি—অথবা যা-কিছু। "আমরা একটি দুই- অথবা তিন-ঘন্টার টেপ দিতে যাচ্ছি," অথবা যাই হোক না কেন, "আগামী রবিবার রাতে।" আর তখন মানুষ জানে। আর তারপর যখন তারা ভিতরে আসে, বলে, "এখন, আমরা আজ রাতে একটি বার্তা টেপ করতে যাচ্ছি। আর আমি এখানে একটি বার্তা পেয়েছি যে এটি এমন একটি যা আমি চাই এটি টেপ করে পাঠানো হোক। আমি...আমি এই বার্তাটি পাঠাতে পরিচালিত বোধ করছি। আর এটা টেপ করা হবে, এটা দুই ঘন্টা, তিন ঘন্টা, অথবা যাই হোক না কেন।" সেটা বলুন।

169 কিন্তু, সাধারণত, ঠিক যেমন আমি করি যখন আমি বিজনেস ম্যানদের সভাগুলির মতো একটি জায়গায় যাই, অথবা আমি আমার সভাগুলিতে প্রার্থনা লাইনের জন্য বাইরে আছি। যদি আমি সেখানে দাঁড়িয়ে নিরাময় সভা করার আগে এক রাতে তিন ঘন্টার বার্তা দিই, আপনি দেখতে পাচ্ছেন এটা আমাকে কোথায় রাখে? দেখুন? কেন, লোকেরা, পরের রাতে আপনার মণ্ডলী যা ছিল তার অর্ধেক। দেখুন? কারণ তারা এটা করতে পারে না, তাদের কাজে যেতে হবে এবং সবকিছু।

170 আমি এই পরামর্শ দেব, যে সাধারণত...এখন, আমি গত রাতে ভাই নেভিলকে দেখেছি যখন তিনি প্রচার করতেন। এখন, আমি জানি আমরা সবাই জানি যে এটি একটি চমকপ্রদ বার্তা ছিল। আমি তার নোট নিয়েছিলাম, এটি আমার পকেটে নিয়েছিলাম, আমার নিজের অন্যান্য বার্তায় এটি ব্যবহার করার জন্য। সেটা ঠিক। *পলায়নের পথ*, দেখুন, এবং এটি একটি বিস্ময়কর বার্তা ছিল। আপনারা দেখতে পাচ্ছেন যে তিনি কত তাড়াতাড়ি এটি নিয়েছিলেন? দেখুন, প্রায় পঁয়ত্রিশ মিনিট, দেখুন, আর তিনি—তিনি এটা শেষ করেছিলেন। দেখুন? এখন, এটা ঠিক ছিল। এখন, আর ভাই নেভিল, সাধারণত তার বার্তাগুলি এইরকম হয়। দেখুন, এটা এত দীর্ঘ নয়। দেখুন? কিন্তু যেখানে আপনি আপনার সভাকে মেরে ফেলেন সেখানে পৌঁছানোর আগে সব কিছু বের করে দেন।

দেখুন?

171 এখন, আর—আর আপনি কোথায় সেটা করেন...এখন, আমি জানি, আর এখন দেখুন, আমি—আমি অসম্মান করে বলছি না, আপনাদের কাছে, ট্রাস্টি, অথবা ডিকন, অথবা—অথবা পালক, কিন্তু আমি আপনাদের বলছি: দেখুন সত্য কি, আর এটাই হতে হবে। এখন, আপনি...এটা কি করে? এখন, সবাই, আপনারা সকলে, ভালো স্বভাবের, আপনাদের প্রত্যেকেই ভালো স্বভাবের। যদি এটা না হয়, আমি বলতাম, "*অমুক-অমুক* ভাই ছাড়া সবাই, তার স্বভাব ভালো নয়, আমরা সবাই তার জন্য প্রার্থনা করছি।" কিন্তু আপনার—আপনার স্বভাব ভালো, আর আপনি দীর্ঘসহিষ্ণু, ভদ্র, শান্ত প্রকৃতির পুরুষ। সেটা ঠিক আছে, কিন্তু এটা নিয়ে বিরক্ত হবেন না।

172 যীশুও ভালো স্বভাবের ছিলেন, কিন্তু যখন কথা বলার সময় আসে, "লেখা আছে, 'আমার পিতার গৃহ প্রার্থনার গৃহ হইবে,' আর তোমরা ইহা চোরের আস্তানা করিতেছ।" দেখুন? দেখুন, তিনি—তিনি জানতেন কখন কথা বলতে হবে আর কখন বলতে হবে না। সেটাই—সেটাই—সেটাই আমাদের করতে হবে। দেখুন? যীশুর মতো ব্যক্তি ছিলেন না, কখনও ছিলেন না, তিনি ঈশ্বর ছিলেন। আর মনে রাখবেন, তিনি এমনকি...মণ্ডলীতে একজন ডিকন হওয়ার বিষয়ে কথা বলেছেন, তিনি—তিনি দায়িত্ব গ্রহণ করেন! তিনি কিছু দড়ি একসাথে বেঁধেছিলেন, এবং তিনি তাদের ভদ্রভাবে বাইরে বের করার জন্য অপেক্ষা করেননি, তিনি তাদের পিটিয়ে বাইরে বের করে দেন, দেখুন, ঈশ্বরের গৃহ হিসাবে। আর তিনি একজন ডিকনের ভূমিকা পালন করছিলেন, *আপনাদের* জন্য একটি উদাহরণের জন্য ডিকনরা। দেখুন, তিনি আপনার উদাহরণ ছিলেন। "আর এখন, এটা—লেখা আছে, 'আমার পিতার গৃহ প্রার্থনার গৃহ হইবে।'" এখন, মনে রাখবেন, যীশু তখন একজন ডিকন ছিলেন, আপনারা জানেন যে, যীশু একজন ডিকনের অংশ নিচ্ছিলেন।

173 যখন তিনি একজন পালকের অংশে আসেন, তখন তিনি কি বলেছিলেন? "হে অন্ধ ফরীশীগণ, অন্ধগণের অধ্যক্ষগণ!" দেখুন, তখন তিনি একজন পালকের অংশ নিচ্ছিলেন।

174 আর যখন তিনি তাদের বলেছিলেন কি ঘটতে যাচ্ছে, তখন তিনি একজন ভাববাদীর অংশ গ্রহণ করেছিলেন। দেখুন?

175 আর যখন তারা দাবি করেছিল যে রাজস্ব দিতে হবে, তখন তিনি একজন ট্রাস্টির অংশ নিলেন, "পিতর, নেমে গিয়ে সেই বড়শিটি

নদীতে ফেলে দাও, আর তুমি যে প্রথম মাছটি ধরবে তার মুখে একটি মুদ্রা আছে। তাদের পরিশোধ কর, দেখুন, তোমাদের ন্যায্য ঋণ পরিশোধ কর।" বলেছেন, আমাদের, "কৈসরের যা কৈসরকে দেও, ঈশ্বরের যা ঈশ্বরকে তা দেও।"

176 তিনি পালক, ভাববাদী, ট্রাস্টি এবং ডিকন উভয়ই ছিলেন। নিশ্চয়ই ছিলেন! তাহলে আপনি দেখতে পাচ্ছেন তিনি কি করেছেন, এখানে এই ব্রানহাম ট্যাবারনাকেলের গৃহে এটি আপনার উদাহরণ হয়ে উঠুক, যে আমরা একটি গৃহ হতে চাই যেখানে তিনি সবকিছু দিয়ে সম্মানিত হবেন, প্রতিটি কার্যালয়, প্রতিটি স্থান, যাতে কোন কিছু ফিরিয়ে নেওয়া না হয়। সেখানে ভদ্রতা, এবং মাধুর্য এবং উদারতা থাকবে, কিন্তু ঠিক সোজা লাইনে, প্রতিটি মানুষ তার কর্তব্যের পদে থাকবেন। দেখুন? এটাই সেই পথ, এইভাবে তিনি এটি চান। তিনি কখনও তিরস্কার করেননি। যখন বলার সময় আসে, *যা* ছিল *তা* বলা, তিনি সেটি বলেছিলেন। যখন ভদ্রতা দেখানোর সময় আসে, তখন তিনি ভদ্রতা প্রদর্শন করেন। তিনি মধুর, দয়ালু, বুদ্ধিমান ছিলেন; কিন্তু কঠোর, এবং সবকিছু তার সঙ্গে বিন্দু পর্যন্ত ঠিক ছিল, এবং তিনি আপনার উদাহরণের জন্য এটি করেছিলেন। এখন, পবিত্র আত্মা আমাকে সেটা দিন। তাই আমি এটা নিয়ে কখনো ভাবিনি, তিনি ডিকন ছিলেন, কিন্তু তিনি ছিলেন। দেখুন? তিনি—তিনি তখন ডিকন হিসাবে কাজ করেছিলেন।

177 এখন, আমি এটা বলব, যদি আপনার সভা সাড়ে সাতটায় শুরু হয়, যদি সেই সময় হয়, আপনার গির্জা আধ ঘন্টা আগে খুলুন, সাতটায়। পিয়ানোবাদককে...অর্গানবাদককে বলুন...আপনি কি তাকে বেতন দেন? আপনারা সবাই অর্গানবাদককে বেতন দেন? তিনি কি বেতনভুক্ত, অথবা পিয়ানোবাদক? তিনি এটা স্বাধীন ইচ্ছায় করেন? তাকে ভদ্রতার সাথে জিজ্ঞাসা করুন। এমনকি যদি তিনি এর জন্য বেতন যাচ্ঞা করেন, তাকে এর জন্য কিছু দেওয়ার জন্য, তাকে বলুন আমরা তাকে সভার আধ ঘন্টা আগে চাই। আর যদি সে বলে, "ঠিক আছে, আমি এটা করতে পারি না," অথবা কিছু, অভিযোগ, তাহলে তাকে এখানে এসে কিছু মধুর অর্গান মিউজিকের একটি টেপ তৈরি করতে বলুন। আপনারা দেখুন? আর...এটা চালু করুন...প্রতিবার এখানে থাকতে হবে না, আপনার টেপ ধ্বনিত করুন। দেখুন? ডিকনদের মধ্যে একজন, ট্রাস্টি, অথবা যে কেউ দরজা খুলেন, দ্বারপাল, এটি সেখানে রাখুন, টেপটি লাগিয়ে দিন, এবং লোকেরা আসার সময় এটি বাজতে দিন। দেখুন? কারণ যদি ডিকনরা এখানে না থাকে, অথবা কেউ, করতে

দিন, ট্রাস্টি অথবা কেউ এখানে এটা করার জন্য, তারপর তাদের আধা ঘন্টা বাজাতে দিন।

178 কিন্তু ঠিক সাড়ে সাতটা, ভবনের উপরে সেই ঘণ্টা বাজতে দিন। দেখুন? আপনার এখনও সেখানে আপনার ঘণ্টা আছে? হ্যাঁ। ঠিক আছে, আপনার ঘণ্টা সাড়ে সাতটায় বাজতে দিন, আর এর মানে হল যে আমরা গির্জায় এদিকে ও দিকে হাঁটব না এবং জোন্সেস এবং তাদের সকলের সাথে করমর্দন করব না। সঙ্গীত পরিচালক নিজ কার্যে থাকুক! যদি সেখানে কোন সঙ্গীত পরিচালক না থাকে, ডিকনদের দেখতে দিন যে সেখানে...অথবা...দেখুন যখন সেই ঘণ্টা বাজতে শুরু করে তখন গান শুরু করার জন্য সেখানে কেউ আছেন। "আপনার স্তোত্রপুস্তকের দিকে ফিরুন, *অমুক-অমুক* সংখ্যা।" দেখুন? এটা ঠিক সেই সময়ে হতে দিন—সাড়ে সাতটা।

179 ঠিক আছে, তারপর একটি মণ্ডলীর গীত নিন, এবং তারপরে সম্ভবত একটি দ্বিতীয় মণ্ডলীর গীত, আর তারপরে ইতিমধ্যেই কাউকে বলেছেন, যদি আপনি পারেন, প্রার্থনায় নেতৃত্ব দেওয়ার জন্য। সেই—সেই পালক, অথবা, কখনও...ঠিক আছে, পালককে সেখানে না থাকা উচিত, সেই—সেই সঙ্গীত পরিচালকের সেটা করা উচিত। এটা ভাই ক্যাপস, আমি মনে করি। দেখুন, তিনি জানতেন কি করতে হবে, তাকে—তাকে কাউকে কথা বলতে দিন...অথবা নিজেই প্রার্থনায় নেতৃত্ব দিন। মণ্ডলীকে প্রার্থনায় দাঁড়াতে বলুন, দেখুন, উঠে দাঁড়াতে দিন, আর কাউকে প্রার্থনায় নেতৃত্ব দিতে দিন। এখন, আপনি যদি না দেখেন...

180 এখন, আমরা বিশ্বাস করি যে প্রত্যেকের ঈশ্বরের গৃহে আসা উচিত এবং প্রার্থনা করা উচিত, এটাই—এটাই প্রার্থনা করার জায়গা। কিন্তু যখন আপনি সেই আরাধনার স্থানে থাকবেন, আপনার সময় সংরক্ষণ করুন। দেখুন? আপনি বেদীর চারপাশে তাদের আহ্বান করুন, আপনি খুঁজে পাবেন সেখানে কেউ পনেরো, কুড়ি মিনিটের জন্য সেখানে থাকবে; আপনার সময় ফুরিয়ে গেছে।

181 সেটা আপনার, দেখুন, আপনার প্রার্থনা বাড়িতে। যীশু বলেছেন, "তোমরা যখন প্রার্থনা করিবে, তখন ভণ্ডদের ন্যায় দাঁড়াইয়া করিও না, আর—আর দীর্ঘ...দীর্ঘ প্রার্থনা করা, আর *এটা* বলা, *সেটা*, অথবা *অন্যকিছু*, আর—আর সব কিছু দেখানোর জন্য এইরকম।" দেখুন? তিনি বলেছিলেন, "যখন তুমি প্রার্থনা কর...প্রার্থনা কর, অন্তরাগারে প্রবেশ কর, গোপন কক্ষে, তোমার পিছনে দরজা বন্ধ কর; তোমাদের পিতা যিনি গোপনে দেখেন, তাঁর

কাছে প্রার্থনা কর, তিনি তোমাদের পুরস্কৃত করবেন।" এখন, এটাই গোপন প্রার্থনা করার উপায়, এটাই তিনি করতে বলেছেন।

182 কিন্তু যখন আপনি, কেউ, যখন তারা ভিতরে আসে, সঙ্গীত পরিচালককে বলতে দিন, "ঠিক আছে..." প্রথম গানের পরে, তারপর কাউকে প্রার্থনা করতে দিন, সে যেই হোক না কেন, একটি ছোট প্রার্থনা। উঠে দাঁড়িয়ে সমস্ত রাজ্যপালদের জন্য প্রার্থনা করবেন না, এবং এইরকম আরও অনেক কিছু। যদি কোন প্রার্থনার অনুরোধ থাকে, এটি ব্যক্ত করুন, এটি প্রেরণ করা হোক, তাদের পাঠানো হোক, এটি লিখুন। বলুন, "এখানে, আজ রাতের জন্য, প্রার্থনা করার সময়, আমরা *অমুক-অমুক* বোনকে স্মরণ করছি, *অমুক-অমুক* ভাই হাসপাতালে আছেন, *অমুক-অমুক*, আর *অমুক-অমুক*, আর *অমুক-অমুক*। আপনি প্রার্থনা করার সময় তাদের আপনার প্রার্থনায় স্মরণ করুন। ভাই জোন্স, আপনি কি আমাদের প্রার্থনায় নেতৃত্ব দেবেন। আসুন দাঁড়াই।" দেখুন? এটি মঞ্চের উপর রাখা হোক। তাদের বলুন, তাদের এটিতে অভ্যস্ত হতে দিন, "আপনার কাছে প্রার্থনার জন্য অনুরোধ থাকলে, এটি *এখানে*, উপরে *এখানে* রাখুন।" কথা বলবেন না, "এখন কার কাছে একটি অনুরোধ আছে, আপনাকে কি তা জানানো হবে..." আর তারপর, প্রথম বিষয়, কেউ উঠে বলেন, "ঈশ্বরের মহিমা হউক!" আপনারা জানেন, আর এইভাবে শুরু করুন, এবং প্রথম বিষয় যা আপনারা জানেন, এটা আধ ঘন্টার আগে তারা কখনও কখনও বসে থাকে। দেখুন?

183 আমরা এই মণ্ডলীর জন্য দায়ী, অন্যরা নয়; এটা ঈশ্বরের কাছে আমাদের দায়িত্ব। এই কার্যালয়গুলি ঈশ্বরের কাছে আপনার দায়িত্ব। দেখুন? যে কারণে আমি আজ রাতে এখানে বলছি, আপনাদের এই সব বলছি, কারণ এটা ঈশ্বরের কাছে আমার দায়িত্ব; এটা আপনার দায়িত্ব: এটা বহন করুন। দেখুন?

184 এখন, আর যখন এমন কিছু...কাউকে প্রার্থনায় নেতৃত্ব দিতে দিন, আর যখন তারা করে, সেটা ঠিক আছে, তাদের প্রার্থনার নেতৃত্ব দিতে দিন, তারপর বসে পড়ুন।

185 আর যদি আপনার কাছে বিশেষ কিছু থাকে...এখন, আমি এটা বলব না, আমি সঙ্গে যাব না...আর যদি কেউ একটি বিশেষ গান গাইতে চায়, মণ্ডলীতে এটি ঘোষণা করুন। তাদের বলুন, যে, "যে কোন বিশেষ গীত, অথবা এমন কিছু যা গাইতে চায়, মণ্ডলী শুরু হওয়ার আগে তারা সঙ্গীত পরিচালকের সাথে সাক্ষাত করতে দিন।" আর এটা নিন...বলুন, "ঠিক আছে, আমি দুঃখিত, ভাই, আমি

চাই...অবশ্যই এটা করতে চাই, কিন্তু আমি—আমি আজ রাতের জন্য আমার বিশেষ কিছু নিয়ে এসেছি। হয়তো আপনি যদি আমাকে বলেন আপনি এখানে একটি নির্দিষ্ট রাতে আসতে চলেছেন, আমি আপনার জন্য এটি কার্যক্রমে রাখব। দেখুন, আমি এখানে আমার কার্যক্রম লিখেছি।"

186 আসুন—আসুন ভাই ক্যাপস অথবা যিনি সঙ্গীত পরিচালনা করছেন...আর একজন সঙ্গীত পরিচালক থাকতে দিন, সে যেই হোক না কেন। আর তাদের দাঁড়াতে দেবেন না এবং বলতে দেবেন না, অথবা তাদের প্রচারকের মতো চালিয়ে যেতে দেবেন না, দেখুন। তাদের সেখানে দাঁড়িয়ে গান পরিচালনা করতে দিন, এটাই তাদের কাজ।

187 প্রচার করা পালকের কাজ, দেখুন, গান পরিচালনা করা নয়। তিনি গানের নেতৃত্ব দেন না, সঙ্গীত পরিচালক গানের নেতৃত্ব দেন। তিনি দায়ী, এবং পবিত্র আত্মার অভিষেকের অধীনের থেকে সদ্য বেরিয়ে আসা উচিত, অফিস থেকে সেখানে, কোথাও, যখন সময় আসে। এমনকি তাকে মঞ্চে থাকতে হবে না, এটি চলছে। তাকে সেখানে অফিসে থাকতে দিন, দেখুন, অথবা এখানে, অথবা যেখানেই থাকুন, এখানে ইন্টারকম এটা নিয়ে আসবে, দেখুন, যখন সময় হবে। যখন তিনি শেষটি শুনেন...যদি আপনার তৃতীয় গানের জন্য একটি বিশেষ, যেমন একটি একক, যুগল, অথবা কিছু থাকে। দেখুন?

188 যে আপনি দুটি মণ্ডলীর গান নিয়েছেন, প্রার্থনা, আপনার দান যদি আপনি এটি গ্রহণ করতে যাচ্ছেন। আর প্রত্যেক ব্যক্তি তার কর্তব্য পদে থাকুক। বলুন, "ঠিক আছে, যখন আমরা এই শেষ গানটি গাইছি, এখন, যদি উশার চায়, তবে তারা সন্ধ্যা-দানের জন্য এগিয়ে আসুক।" দেখুন? আর যখন তারা সেই গানটি গাওয়া শেষ করেন, এখানে উশাররা এখানে দাঁড়িয়ে আছেন। বলুন, "ঠিক আছে, এখন আমরা প্রার্থনা করতে যাচ্ছি, এবং দানের জন্য প্রার্থনা করতে যাচ্ছি, আমরা এখানে *অমুক-অমুক*, এবং *অমুক-অমুককে* স্মরণ করতে চাই," এটা পড়ুন, আপনারা জানেন, এইভাবে, এইভাবে। "ঠিক আছে, সবাই দাঁড়ান। ভাই, আপনি কি আমাদের প্রার্থনায় নেতৃত্ব দেবেন?" তারপর সব শেষ।

189 তখন যখন তারা এই দ্বিতীয় গানটি গাইছেন, অথবা আপনি যা গাইছেন, আপনি, আগে, আপনার দান গ্রহণ করতে পারেন, যদি আপনি আপনার দান নিতে যাচ্ছেন। ছেড়ে দিন...আমি আপনার প্রথম গানটি গ্রহণ করব, এবং তারপরে আপনার সন্ধ্যার দান গ্রহণ

করব, আর তারপরে আপনার দ্বিতীয় গানটি নিয়ে এগিয়ে যাব, এবং তারপরে এটির মাধ্যমে। তারপরে এখানে আপনার শেষ গান হতে দিন, আপনার শেষ গানটি হতে দিন, দেখুন, পালকের ডাক হতে দিন। আর সেই শেষ স্তোত্রটি গাওয়ার সাথে সাথে, অর্গানটি আপনার—আপনার—আপনার পূর্বরঙ্গ দিয়ে শুরু করুন, আপনার পালক বেরিয়ে আসেন। দেখুন, সবকিছু নিয়ম অনুসারে আছে। সবাই চুপচাপ। আর কিছু বলার নেই। প্রতিটি ডিকন তার দায়িত্বের পদে। পালক সেখানে দাঁড়িয়ে আছেন।

190 বাইরে আসেন, তার শ্রোতাদের শুভেচ্ছা জানান, তার বইয়ের দিকে ফিরে যান আর বলেন, "আজ রাতে, আমরা বাইবেল থেকে পড়ছি।" দেখুন, তিনি এটি তৈরি করার পরে, "আমরা বাইবেল থেকে পাঠ করছি।" আর এটা একটা ভালো বিষয় যদি আপনি বলেন, "ঈশ্বরের বাক্যকে সম্মান করার জন্য, আসুন আমরা আমাদের পায়ে দাঁড়াই যখন আমরা বাক্য পাঠ করি।" দেখুন, তারপর পাঠ করুন, "আজ রাতে, আমি গীতসংহিতা পুস্তক থেকে পাঠ করছি," অথবা এটা যাই হোক না কেন। অথবা হয় অন্য কাউকে এটি পাঠ করতে দিন, সঙ্গীত পরিচালক, অথবা সহযোগী, আপনার সাথে সেখানে যিনি আছেন, তাকে এটি পাঠ করতে দিন, যাই হোক না কেন; যেখানে সবচেয়ে ভালো হয় যদি আপনি নিজে এটি পাঠ করেন, যদি আপনি পারেন। তারপর এইভাবে পাঠ করুন, তারপর আপনার পাঠ্যটি নিন। দেখুন ? এই সময়ে, আপনি প্রায় ত্রিশ মিনিট কাটিয়েছেন, ঠিক তখন প্রায় আটটা বেজে গেছে।

191 আর আটটা থেকে প্রায় সাড়ে নয়টা পর্যন্ত, কোথাও এর মাঝে ত্রিশ থেকে পঁয়তাল্লিশ মিনিটের মধ্যে, সেই বাক্যটি সেখানে রাখুন ঠিক যেমন পবিত্র আত্মা আপনাকে এটি দেন, দেখুন, ঠিক সেইভাবে, ঠিক সেখানে এটি রাখুন যেভাবে তিনি বলেছেন এটি করুন, দেখুন, অভিষেকের অধীনে।

192 তারপর আপনার বেদীর আহ্বান করুন, বলুন, "যদি এখানে এই মণ্ডলীতে কেউ খ্রীষ্টকে ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করতে চান, আমরা আপনাকে জিজ্ঞাসা করছি, আপনাকে এখনই বেদীতে আমন্ত্রণ জানাচ্ছি, শুধু আপনার পায়ে উঠে দাঁড়ান।" দেখুন ?

193 আর যদি—আর যদি কেউ না দাঁড়ায়, বলুন, "এখানে কি কেউ আছেন যে বাপ্তিস্মের জন্য প্রার্থী, যিনি ইতিমধ্যেই অনুতপ্ত হয়েছেন, এবং পাপ ক্ষমার জন্য জলে বাপ্তাইজিত হতে চান ? যদি তারা আসতে চান, আমরা এখন আপনাকে সুযোগ দিচ্ছি। আপনি কি আসবেন যখন অর্গানটি বাজছে ?" আপনারা দেখুন ?

194 কেউ আসে না, তখন বলুন, “এখানে কি এমন কেউ আছেন যিনি...যিনি কখনও পবিত্র আত্মার বাপ্তিস্ম পাননি আর আজ রাতে তা করতে চান, চান যেন আমরা আপনার জন্য প্রার্থনা করি?” ঠিক আছে, হয়তো কেউ আসেন, তারপর দুই বা তিনজনকে তাদের উপর হাত রাখতে দিন, তাদের জন্য প্রার্থনা করুন। তাদের একটি কক্ষে ফেরত পাঠান, সেখানে তাদের সঙ্গে কেউ থাকেন, তাদের কোথাও নির্দেশ করুন কিভাবে পবিত্র আত্মার বাপ্তিস্ম নিয়ে আসতে হয়। মণ্ডলী তাদের থেকে সম্পূর্ণ দূরে।

195 যদি কেউ আসেন...খ্রীষ্টকে গ্রহণ করতে চান এবং প্রার্থনা করার জন্য বেদীর কাছে দাঁড়িয়ে থাকেন, আপনার...তাদের প্রার্থনা করতে দিন। আর যখন তারা করে, শুধু বলুন, “এখন আপনার মাথা নত করুন, আমরা প্রার্থনা করতে যাচ্ছি।” আর বলুন, “আপনি কি বিশ্বাস করেন?”

196 যদি কোন সামান্য বিষয় যা মণ্ডলীকে কোন ভাবেই বিলম্বিত করে, তাদের সরাসরি প্রার্থনা কক্ষে পাঠান, এবং তাদের সঙ্গে সেখানে যান, অথবা তাদের সঙ্গে সেখানে কাউকে পাঠান। আর মণ্ডলীকে এগিয়ে যেতে দিন, দেখুন, এইভাবে, আপনি তখন তাদের কোথাও আটকে রাখেননি। দেখুন?

197 আর তারপর...আগে...কিছু—কিছু সময়ের মধ্যে...তারপর যদি তারা বলে, যদি কেউ না আসে, তাহলে বলুন, “এমন কেউ কি আছেন যে আজ রাতে তেল দিয়ে অভিষিক্ত হতে চান, তাদের অসুস্থতার জন্য? আমরা এখানে অসুস্থদের জন্য প্রার্থনা করে থাকি।”

198 “ঠিক আছে, আমি আপনাকে একান্তে দেখতে চাই, ভাই নেভিল।”

“ঠিক আছে, আপনি আমার সঙ্গে অফিসে দেখা করুন। একজন ডিকনের সঙ্গে দেখা করুন, তারা এটা উপরে নিয়ে যাবে।” দেখুন?

“আর আমার কাছে কিছু আছে যা আমি আপনাকে বলতে চাই, ভাই।”

“ঠিক আছে, এখানকার একজন ডিকন আপনাকে অফিসে দেখতে পাবেন, আর আমরা...আমি সভার পরপরই আপনার সাথে দেখা করব।”

199 “এখন, যেমন আমরা এখন সমাপ্ত করার জন্য দাঁড়াব।” দেখুন, আর আপনি পুরো বিষয়টিতে প্রায় এক ঘন্টা পঁয়তাল্লিশ মিনিটের বেশি সময় নেননি। দেখুন? দেখুন, এক ঘন্টা ত্রিশ মিনিট, আপনার

সভা শেষ। আপনি সেই ছোট, দ্রুত আঘাত করেছেন; আপনি—আপনি এটি যা করেছেন তা দেন; আপনি করেছেন...আর সকলে সন্তুষ্ট, ও ভালো বোধ করে বাড়ি ফিরে যায়। দেখুন? যদি আপনি না করেন, তাহলে, আপনি দেখুন, যদি আপনি করতে দেন... দেখুন, আপনার—আপনার—আপনার উদ্দেশ্য ভালো, দেখুন, কিন্তু দেখুন...

200 আপনারা জানেন, এই প্ল্যাটফর্মে আমি প্রায় তেত্রিশ বছর, তেত্রিশ বছর, এবং বিশ্বের চতুর্দিকে। আপনি এত সময়ে কিছু শিখতে পারেন, নিশ্চয়ই। দেখুন? যদি আপনি না করেন, তাহলে আপনার ছেড়ে দেওয়া ভালো। তাহলে, দেখুন, আমি এটি খুঁজে পেয়েছি: এখন, আপনি যদি সম্পূর্ণভাবে কেবল সন্তদের সাথে বার্তালাপ করেন, পুরুষ, আপনি যদি চান তবে আপনি সারা রাত থাকতে পারেন। কিন্তু আপনি...দেখুন, আপনি তাদের সাথে ঠিক বার্তালাপ করছেন না, আপনি এখানে এগুলো ধরার চেষ্টা করছেন। এখানে আপনি যাদের ধরছেন, আপনাকে তাদের ক্ষেত্রে কাজ করতে হবে। দেখুন? আর করবেন না...তাদের এখানে নিয়ে আসুন এবং তারপর বাক্য আসতে দিন, আর তারপর, দেখুন, অভিযোগ করার মতো কিছুই নেই। যদি এমন কিছু থাকে যা তারা চায় আপনি দেখুন, ঠিক আছে, ঠিক আছে, তাদের ঠিক এইভাবে অফিসে নিয়ে আসুন, কিন্তু মণ্ডলীকে ধরে রাখবেন না।

201 তারপর, আপনারা জানেন, লোকেরা উঠে বলবে, "ঠিক আছে, আমি আপনাদের বলছি, আসুন একটি ভালো সাক্ষ্য সভা করি।" দেখুন? আমি এই বিষয়ে কোন সমালোচকদের বলতে চাই না, আমি আপনাকে সত্য বলতে চাই। আমি আপনাকে সত্য বলতে চাই। দেখুন? আমি আরও কিছু সাক্ষ্য সভা খুঁজে পেয়েছি... তারা—তারা কখনও কখনও ভালোর চেয়ে বেশি ক্ষতি করে। দেখুন, তারা সত্যিই করে।

202 এখন, যদি কেউ পুনরুজ্জীবনের সময় একটি জ্বলন্ত-গরম সাক্ষ্য পান, আপনারা জানেন, আপনাদের একটি পুনরুজ্জীবন চলছে, আপনারা জানেন, একটি সভা, এবং কেউ রক্ষা পেয়েছেন এবং শুধু একটি কথা বলতে চান, ঠিক আছে, ঈশ্বরের প্রশংসা, তাকে তার প্রান খুলে দিতে দিন। আপনারা দেখুন? যদি তিনি—যদি তিনি চান—যদি তিনি তা করতে চান, দেখুন, পুনরুজ্জীবনের সময়ে, বলুন, "আমি বলতে চাই, 'তিনি আমার জন্য যা করেছেন তার জন্য প্রভুকে ধন্যবাদ।' তিনি আমাকে গত সপ্তাহে রক্ষা করেছিলেন, আর আমার হৃদয় ঈশ্বরের মহিমায় জ্বলছে। ঈশ্বরকে ধন্যবাদ," বসে

পড়ুন। আমেন! সেটা ঠিক আছে, এগিয়ে যান। দেখুন, এটা ঠিক আছে।

203 কিন্তু যখন আপনি বলেন, "এখন আসুন। পরবর্তী কে? পরবর্তী কে? এখন আসুন আমরা একটি বাক্য শুনি, আসুন সাক্ষ্যের বাক্য শুনি।" এখন, যদি আপনি একটি সভা আলাদা করে রাখেন, তার জন্য একটি নির্দিষ্ট রাত, দেখুন, আপনি করতে যাচ্ছেন: "আজ রাতে...আগামী বুধবার রাতে, প্রার্থনা সভার পরিবর্তে, এটি একটি সাক্ষ্য সভা হতে যাচ্ছে। আমরা চাই সবাই উপস্থিত হোক, এবং এটি সাক্ষ্যদান সভা হতে যাচ্ছে।" আর তারপর যখন তারা সাক্ষ্য দেওয়ার জন্য—সেখানে আসে, বাক্য পাঠ করে, প্রার্থনা করে এবং তারপর বলে, "এখন, আমরা ঘোষণা করেছি যে এটি সাক্ষ্যের রাত।" সুতরাং লোকেরা সেই ঘন্টা বা পঁয়তাল্লিশ মিনিট, অথবা ত্রিশ মিনিট, অথবা যাই হোক না কেন সাক্ষ্য প্রদান করে, আর তারপর—তারপর এভাবে এগিয়ে যায়। দেখুন আমি কি বলতে চাইছি? আর আমি মনে করি এটি আপনার মণ্ডলীকে সাহায্য করবে, এটি সবকিছুকে সাহায্য করবে, সম্পূর্ণভাবে, যদি আপনি এইভাবে করেন।

204 এখন, এটা...আমার দেরি হয়ে যাচ্ছে, তাই...ভাইয়েরা—ভাইয়েরা, এগুলো আমার জানা মতে যতটুকু সঠিক। আমি দেখছি আপনার হৃদয়ে কি আছে, আপনি যে প্রশ্নগুলি করেছেন তা আমার জানা মতে সেরা। এখন, এখন থেকে আপনারা জানেন। আর যদি এটা আপনার মনে থাকে, *টেপে* আসুন। জিজ্ঞাসা করুন... টেপটি শুনুন। যদি এটি ডিকন, ট্রাস্টি, অথবা যাই হোক না কেন, টেপটি বাজানো হোক। সেখানে মণ্ডলীর কাছে এটি বাজানো হোক যদি তারা এটি শুনতে চায়। ঠিক আছে। আর সেটা—এটা আমার জানা মতে ঈশ্বরের ইচ্ছার জন্য এখানে অষ্টম এবং পেন স্ট্রিটে এই ট্যাবারনাকেলের জন্য, আর এইভাবেই আমি আপনাদের ভাইয়েরা পবিত্র আত্মার নেতৃত্বে এই কাজটি সম্পাদন করার জন্য নির্দেশ দিচ্ছি, সমস্ত দয়া এবং ভালবাসার সাথে, লোকদের সামনে আপনার অনুগ্রহ দেখান যে আপনি খ্রিস্টান। আর *খ্রিস্টান* মানে এমন একটি শিশু নয় যাকে কোথাও ঠেলে দেওয়া যেতে পারে, এর অর্থ হল "একজন ব্যক্তি যিনি প্রেমে পূর্ণ, কিন্তু তবুও, মণ্ডলীর প্রতি যেমন তিনি ঈশ্বরের প্রতি প্রেমে পূর্ণ।" দেখুন আমি কি বলতে চাইছি?

205 সেখানে কি কোন প্রশ্ন আছে? টেপটি এখানে ফুরিয়ে যেতে চলেছে, আর আমার ওপাশে কেউ আমার জন্য অপেক্ষা করছেন। কোন সময়ে তার সেখানে থাকার কথা ছিল? [বিলি পৌল উত্তর দেন, "এই মুহূর্তে।"—সম্পাদকীয়।] এই মুহূর্তে। তিনি কি নিজে

আসছেন? ["আমি তাকে নিতে যাচ্ছি।"] ঠিক আছে। ঠিক আছে, মহাশয়।

206 এখন, আমি জানি আমরা এখন বাইরে যাচ্ছি যদি আর কোন—আর কোন কথা না থাকে। হুহ্? এখন, যদি না থাকে, আসুন সমাপ্ত করা যাক। হ্যাঁ। হ্যাঁ, ভাই কলিন্স? [ভাই কলিন্স বলেন, "হয়তো ভালো হতো যদি টেপগুলো বন্ধ করা হতো।"—সম্পাদকীয়।] ঠিক আছে। [টেপের খালি অংশ।]

207 ঠিক আছে, ভাইয়েরা, আজ রাতে আপনাদের সাথে এখানে এসে আমি তার প্রশংসা করেছি, এবং ভাই নেভিল, এবং ডিকন, এবং ট্রাস্টিদের, এবং সানডে স্কুল সুপারিনটেনডেন্ট, আপনাদের সকলের কাছে। আমরা বিশ্বাস করি যে প্রভু এখন আপনাকে ঈশ্বরের রাজ্যের জন্য এই বিধানগুলি পালন করতে সাহায্য করবেন। আমি এটা বলার কারণ এই যে আমি মনে করি আপনি শিশু থেকে প্রাপ্তবয়স্ক হয়েছেন। আপনি যখন শিশু ছিলেন, আপনি শিশুর মতো কথা বলতেন, এবং আপনি শিশু হিসাবে বুঝতেন। কিন্তু এখন আপনি একজন মানুষ, তাই আসুন আমরা ঈশ্বরের গৃহে প্রাপ্তবয়স্ক হয়ে কাজ করি, নিজেদের শিষ্টাচার রাখি, এবং আমাদের অফিস সকলকে সম্মান করা, এবং প্রতিটি অফিসকে সম্মান করা। প্রতিটি দান যা প্রভু আমাদের দিয়েছেন, আসুন এটিকে শৃঙ্খলাবদ্ধ করি, এবং আমাদের দান এবং আমাদের কার্যালয় দিয়ে ঈশ্বরকে সম্মান করি।

আসুন আমরা প্রার্থনা করি।

208 স্বর্গীয় পিতা, আমরা আজ রাতে আপনাকে ধন্যবাদ জানাই পুরুষদের এই একত্রিত হওয়া দলটির জন্য যাদের এখানে অফিসে রাখা হয়েছে প্রভুর কাজ সম্পাদন করার জন্য যা এখানে জেফারসনভিলে এই মণ্ডলীতে করা হচ্ছে। ঈশ্বর, আপনার হাত তাদের উপর থাকুক, আপনি তাদের সাহায্য করুন এবং তাদের আশীর্বাদ করুন। মণ্ডলী এবং লোকেরা যেন বুঝতে পারে এবং জানে যে এটি ঈশ্বরের রাজ্যকে উন্নত করার জন্য, যেন আমরা বুদ্ধিমান মানুষ হতে পারি এবং ঈশ্বরের আত্মাকে জানতে পারি, আর জানতে পারি কি করতে হবে। এটা প্রদান করুন, পিতা। আপনার আশীর্বাদ দিয়ে আমাদের এখনই প্রস্থান করুন, এবং যেন পবিত্র আত্মা আমাদের উপর নজর রাখেন এবং আমাদের পরিচালনা করেন এবং আমাদের রক্ষা করেন, আর আমরা যেন সবসময় কর্তব্য পদে বিশ্বস্ত হতে পারি। যীশু খ্রীষ্টের নামে, আমি প্রার্থনা করি। আমেন।

63-1226 মণ্ডলীর বিধান
ব্রানহাম ট্যাবারনাকেল
জেফারসনভিল, ইন্ডিয়ানা ইউ.এস.এ.

BENGALI

©2026 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:



VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org